# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Ashar 29, 1433 Bangla, July 13, 2026, Monday, No. 188, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has directed all concerned to work with utmost vigilance and coordination to protect lives and properties in waterlogged areas. [BBC: 03]

Tarique Rahman has asked authorities concerned to implement two major waste-to-energy projects at Aminbazar and Matuail of Dhaka within stipulated timeframe. [Jago FM: 14]

Heavy rainfall has left large parts of Dhaka submerged in deep water causing immense public sufferings. [BBC: 04]

51 people have been killed in floods and landslides in Bandarban, Cox's Bazar and Chattogram - BGB deployed in 11 flood-affected districts. [BBC: 06; R. Today: 29]

HSC and its equivalent examinations under all education boards except Chattogram Board will be held as per schedule. [BBC: 05]

Finance Minister has said, govt. will not join any IMF programme that clashes with country's interest. [Jago FM: 25]

Former Speaker of Jatiya Sangsad Barrister Jamiruddin Sircar has been laid to eternal rest at Jatiya Sangsad premises. [BBC: 03]

Bangladesh Prime Minister has condoled death of former Amir of Qatar Sheikh Hamad bin Khalifa Al Thani. [R. Today: 31]

US has launched fresh wave of strikes in retaliation to Iranian attacks on a ship passing through Strait of Hormuz. [BBC: 08]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**আষাঢ় ২৯, বাংলা ১৪৩৩, জুলাই ১৩, ২০২৬, সোমবার, নং- ১৮৮, ৫৬তম বছর**

# শিরোনাম

অতিবৃষ্টিজনিত জলাবদ্ধতায় ক্ষতিগ্রস্ত মানুষের জীবন ও সম্পদ রক্ষায় সর্বোচ্চ সতর্কতা ও সমন্বয়ের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [বিবিসি: ০৩]

ঢাকার আমিনবাজার ও মাতুয়াইলে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের নির্দেশ প্রধানমন্ত্রীর। [জাগো এফএম: ১৪]

টানা ভারী বর্ষণে রাজধানীর বিভিন্ন অঞ্চল পানির নিচে, জলাবদ্ধতায় জনজীবনে চরম দুর্ভোগ। [বিবিসি: ০৪]

বান্দরবান, কক্সবাজার ও চট্টগ্রামে ভূমিধস ও বন্যায় ৫১ জনের প্রণহানি, বন্যা পরিস্থিতি মোকাবিলায় ১১ জেলায় বিজিবি মোতায়েন । [বিবিসি: ০৫; রে. টুডে: ২৯]

চট্টগ্রাম শিক্ষা বোর্ড ছাড়া দেশের সব শিক্ষা বোর্ডের এইচএসসি ও সমমানের পরীক্ষা নির্ধারিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠানের ঘোষণা। [বিবিসি: ০৫]

অর্থমন্ত্রী বলেছেন, দেশের স্বার্থ বিরোধী আইএমএফের কোনো কর্মসূচিতে অংশ নেবে না সরকার । [জাগো এফএম: ২৫]

জাতীয় সংসদ ভবন প্রাঙ্গণে চিরনিদ্রায় শায়িত হলেন জাতীয় সংসদের সাবেক স্পিকার ব্যারিস্টার জমির উদ্দিন সরকার। [বিবিসি: ০৩]

কাতারের সাবেক আমির শেখ হামাদ বিন খলিফা আল থানির মৃত্যুতে গভীর শোক প্রকাশ বাংলাদেশের প্রধানমন্ত্রীর । [রে. টুডে: ৩১]

হরমুজ প্রণালি দিয়ে পার হওয়ার সময় তেহরান একটি জাহাজে হামলা চালানোর পর ইরানের ওপর নতুন করে হামলা শুরুর কথা জানিয়েছে যুক্তরাষ্ট্র। [বিবিসি: ০৮]

# বিবিসি

## জলাবদ্ধতায় মানুষের জীবন ও সম্পদ রক্ষায় সর্বোচ্চ সতর্কতার নির্দেশ প্রধানমন্ত্রীর

ভারী বর্ষণের ফলে দেশের যে-সব এলাকায় যে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে, সেখানে মানুষের জীবন ও সম্পদ রক্ষায় সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এর মধ্যে শিশু, প্রবীণ, প্রতিবন্ধী এবং গর্ভবতী নারীদের প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিশেষভাবে নির্দেশা দিয়েছেন তিনি। রোববার দুপুরে দেশের সকল বিভাগের কমিশনার, জেলা প্রশাসক, পুলিশ সুপার, সিভিল সার্জনসহ মাঠ প্রশাসনের কর্মকর্তাদের সঙ্গে অনলাইনে বৈঠককালে এসব নির্দেশ দেন প্রধানমন্ত্রী। দুর্গত এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশসহ অন্য বাহিনীগুলোকে সর্বোচ্চ সতর্ক থাকার নির্দেশ দিয়ে প্রধানমন্ত্রী বলেন, "দুর্যোগকালীন পরিস্থিতির সুযোগ নিয়ে কোনো অসাধু চক্র যেন চুরি, ডাকাতি, মজুতদারি, ত্রাণ আত্মসাৎ বা অন্য কোনো অপরাধমূলক কর্মকাণ্ডে জড়াতে না পারে, তা নিশ্চিত করতে হবে।„ পাশাপাশি ত্রাণ বিতরণে স্বচ্ছতা, জবাবদিহিতা এবং প্রকৃত ক্ষতিগ্রস্তদের অগ্রাধিকার নিশ্চিত করার উপরও গুরুত্বারোপ করেন তিনি। জলাবদ্ধতায় তাদের নিজ নিজ এলাকায় ক্ষয়ক্ষতি, আশ্রয়কেন্দ্রের অবস্থা, উদ্ধার ও ত্রাণ কার্যক্রমসহ সার্বিক পরিস্থিতির অগ্রগতির বিষয়ে প্রতিদিন প্রতিবেদন পাঠানোর নির্দেশনা দেওয়া হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ আলী আহমেদ)

## সাবেক স্পিকার জমির উদ্দিন সরকারের প্রথম জানাজা সম্পন্ন

বাংলাদেশের সাবেক স্পিকার জমির উদ্দিন সরকারের প্রথম জানাজা সম্পন্ন হয়েছে। রোববার দুপুরে ধানমন্ডির তাকওয়া মসজিদে অনুষ্ঠিত ওই জানাজা তার পরিবার, আত্মীয়-স্বজন এবং সুপ্রিম কোর্টের বেশ কয়েকজন ছাড়াও আরও অনেকে অংশ নেন। প্রয়াতের বড়ো ছেলে নওশাদ জমির, যিনি পঞ্চগড়-১ আসনের সংসদ সদস্য, তিনি এক বার্তায় জানিয়েছেন, দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে তার বাবার মরদেহকে নিজ এলাকা পঞ্চগড়ে নেওয়া সম্ভব হচ্ছে না। বিকেলে জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় দ্বিতীয় জানাজা শেষে প্রয়াত মি. সরকারকে সংসদ প্রাঙ্গণে দাফন করার কথা রয়েছে। সাবেক স্পিকার ও বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য জমির উদ্দিন সরকারের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার এক শোকবার্তায় প্রয়াতের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান তিনি। সাবেক এই স্পিকারের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন জাতীয় সংসদের রোববার সকালে এক শোকবার্তায় তারা প্রয়াতের বিদেহী আত্মার মাগফেরাত কামনার পাশাপাশি শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। আরও শোক প্রকাশ করেছেন বর্তমান স্পিকার হাফিজ উদ্দিন আহমদ, ডেপুটি স্পিকার কায়সার কামাল, আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান, প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী ছাড়াও জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম, আইনজীবী সমিতিসহ বিভিন্ন আইনজীবী সংগঠন।

বার্ধক্যজনিত কারণে দীর্ঘদিন ধরে অসুস্থ থাকা জমির উদ্দিন সরকার রোববার ভোরে শ্যামলীর বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। এসময় তার বয়স হয়েছিল ৯৪ বছর। মি. সরকার ১৯৩১ সালের পহেলা ডিসেম্বর পঞ্চগড় জেলার তেঁতুলিয়া উপজেলার নয়াবাড়ি গ্রামে জন্ম নেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আইন বিভাগে পড়ার সময় তিনি বামপন্থি রাজনীতির সঙ্গে যুক্ত হন। পরে বিএনপিতে যোগ দেওয়া জমির উদ্দিন সরকার আমৃত্যু দলটির স্থায়ী কমিটির সদস্য ছিলেন। জীবদ্দশায় পাঁচবারের সংসদ সদস্য জমির উদ্দিন সরকার জিয়াউর রহমানের মন্ত্রিসভায় গণপূর্ত ও নগর উন্নয়ন প্রতিমন্ত্রী ছিলেন। পরে ২০০১ সালের ২৮ অক্টোবর অষ্টম জাতীয় সংসদের স্পিকার হিসেবে শপথ নেন। ২০09 সালের ২৫ জানুয়ারি পর্যন্ত তিনি ওই দায়িত্বে ছিলেন। এছাড়া, ২০০২ সালে তৎকালীন রাষ্ট্রপতি একিউএম বদরুদ্দোজা চৌধুরীর পদত্যাগের পর ২১ জুন থেকে ৬ সেপ্টেম্বর পর্যন্ত জমির উদ্দিন সরকার বাংলাদেশের ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির দায়িত্বও পালন করেন।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ আলী আহমেদ)

## দেশে ফেরা মাত্রই শেখ হাসিনা কারাগারে যাবেন : চিফ প্রসিকিউটর

মানবতাবিরোধী অপরাধে দণ্ডপ্রাপ্ত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে ফেরা মাত্রই তাকে গ্রেফতার করে কারাগারে পাঠানো হবে বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। এক্ষেত্রে প্রত্যর্পণ চুক্তির আওতায় দেশে ফেরানো হলে তিনি আত্মসমর্পণের সুযোগ পাবেন না বলে জানান তিনি। রোববার সাংবাদিকদের সাথে আলাপকালে চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম বলেন, "বাংলাদেশ সরকার ভারত সরকারের কাছে অনুরোধ জানিয়েছে তাকে ফেরত দেওয়ার জন্য। এখন প্রশ্নটা হচ্ছে, তিনি যদি ভারত সরকারের নিয়ন্ত্রণে থাকেন, তাহলে তো নিজে নিজে তার আসার কোনো সুযোগ নাই,„ "হয় প্রত্যর্পণ চুক্তির (এক্সট্রাডিশন) আওতায় তাকে বাংলাদেশ সরকারের কাছে হ্যান্ডওভার করা হবে অথবা তাকে `পুশ-ব্যাক, করবে,„ রোববার সাংবাদিকদের বলেন চিফ প্রসিকিউটর মি. ইসলাম। ভারতে নির্বাসনে থাকা সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ডিসেম্বরে দেশে ফিরে আদালতে আত্মসমর্পণের পরিকল্পনার কথা বলেছেন বার্তা সংস্থা রয়টার্সকে। বৃহস্পতিবার রাতে

রয়টার্সকে টেলিফোনে দেওয়া এক সাক্ষাৎকারে শেখ হাসিনা বলেছেন, কেবল তিনি একাই নন, নির্বাসিত জ্যেষ্ঠ আওয়ামী লীগ নেতারাও তার সঙ্গে দেশে ফিরে আত্মসমর্পণ করবেন। এ বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রধান কৌঁসুলি বলেন, সরকার কূটনৈতিকভাবে তাকে দেশে ফিরিয়ে আনার চেষ্টা চালিয়ে যাচ্ছে। "আমাদের দেশে এখন পর্যন্ত কোনো মৃত্যুদণ্ডপ্রাপ্ত কোনো আসামির জামিন হয়েছে, এরকম নজির নাই...যদি শেখ হাসিনাকে কোনোভাবে বাংলাদেশে আনা হয় অথবা তাকে বাংলাদেশে পাওয়া যায়, তাহলে তো সংগত কারণেই যেহেতু তার বিরুদ্ধে মৃত্যুদণ্ডাদেশ- তিনি প্রথমত জেলে যাবেন এবং জেলে যাওয়ার পর তিনি আপিল করতে পারবেন কি, পারবেন না, সে বিষয়ে নিষ্পত্তি হবে,„ বলেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মি. ইসলাম।
(বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ আলী আহমেদ)

## প্রাথমিকে বৃত্তির ফল প্রকাশ, জানা যাবে যেভাবে

বাংলাদেশে এ বছর প্রায় ৭৯ হাজার ২৪৬ শিক্ষার্থী প্রাথমিকে বৃত্তি পেয়েছে। এর মধ্যে ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে প্রায় ৩২ হাজার ৯৬৫ জন ছাত্র-ছাত্রী। রোববার দুপুরে ঢাকায় আনুষ্ঠানিকভাবে প্রাথমিকে বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ করেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। বৃত্তিপ্রাপ্তদের মধ্যে ৫৪ দশমিক ৭১ শতাংশই ছাত্রী। সংখ্যার হিসেবে যা প্রায় ৪৩ হাজার ৩৫৪ জন। এর বিপরীতে ছাত্ররা বৃত্তি পেয়েছে ৩৫ হাজার ৮৯২ জন। এবারের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় মোট ৭৮ হাজার ৮১০টি বিদ্যালয় অংশগ্রহণ করেছে, যার মধ্যে সরকারি বিদ্যালয় ৬৫ হাজার ৬০৫টি এবং বেসরকারি বিদ্যালয় ১৩ হাজার ২০৫টি। মোট নিবন্ধিত পরীক্ষার্থী ছিল ৬ লাখ ৪৫ হাজার ৪১ জন। এর মধ্যে ছাত্রী ৩ লাখ ৮৮ হাজার ৯২৪ জন এবং ছাত্র পরীক্ষার্থী ছিল ২ লাখ ৫৬ হাজার ১১৭ জন। তবে শেষমেষ পরীক্ষা দেয় ৪ লাখ ১৯ হাজার ৯৮২ জন, যা মোট নিবন্ধিত পরীক্ষার্থীর প্রায় ৬৫ দশমিক ১১ শতাংশ। অভিভাবকেরা অনলাইন ও মোবাইল এসএমএসের মাধ্যমে ফল সংগ্রহ করতে পারবেন বলে জানিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। এর মধ্যে অনলাইনে ফল দেখার অফিসিয়াল মাধ্যম হলো : `আইপিইএমআইএস, (IPEMIS) পোর্টাল। এছাড়া মোবাইলের ম্যাসেজের মাধ্যমে ফল জানতে ম্যাসেজ অপশনে গিয়ে DPE লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে বলে জানিয়েছেন কর্মকর্তারা।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ আলী আহমেদ)

## তিন নদীর পানি বিপৎসীমার ওপরে, বন্যার শঙ্কা

টানা বৃষ্টি এবং উজান থেকে নেমে আসা ঢলে সাঙ্গু, কুশিয়ারা ও সোমেশ্বরী নদীর পানি বেড়ে এখন বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। এর মধ্যে সাঙ্গু নদীর বান্দরবান পয়েন্টে পানি বিপৎসীমার ১০৭ সেন্টিমিটার ওপর দিয়ে এবং ও চট্টগ্রামের দোহাজারী পয়েন্টে ১৪ সেন্টিমিটার ওপর দিয়ে বয়ে যাচ্ছে। অন্যদিকে, সুনামগঞ্জের মারকুলি ও সিলেটের ফেঞ্চুগঞ্জ পয়েন্টে কুশিয়ারা নদীর পানি যথাক্রমে বিপৎসীমার ১৪ এবং ২৫ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এছাড়া সোমেশ্বরী নদীর পানি নেত্রকোণার কলমাকান্দা পয়েন্টে বিপৎসীমার দুই সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এছাড়া আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় চট্টগ্রাম, খাগড়াছড়ি এবং ফেনী জেলায় মুহুরী, ফেনী, সোনাগাজী এবং হালদা নদীর পানি কিছু কিছু স্থানে বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হতে পারে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। এর ফলে ওইসব নদীর দু'পাশের কিছু কিছু এলাকা প্লাবিত হতে পারে বলেও সতর্ক করেছেন কর্মকর্তারা।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ আলী আহমেদ)

## ভারী বর্ষণে ঢাকা ও চট্টগ্রাম জলাবদ্ধতা, জনজীবন বিপর্যস্ত

কয়েক ঘণ্টার টানা বর্ষণে ঢাকা ও চট্টগ্রামের অনেক এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। তলিয়ে গেছে রাস্তাঘাট, বাড়িঘরেও পানি উঠেছে কোথাও কোথাও। এতে ভোগান্তিতে পড়েছেন শহর দু,টির বাসিন্দারা। আবহাওয়া অধিদপ্তরের তথ্যমতে, গত ২৪ ঘণ্টায় ঢাকায় প্রায় ৯৭ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। এতে ঢাকার মিরপুর, মোহাম্মদপুর, লালমাটিয়া, ধানমন্ডি, ফার্মগেট, কারওয়ানবাজার, গ্রিন রোড, পান্থপথ, মণিপুর, বিজয় সরণি, বসুন্ধরা আবাসিক এলাকা, বাড্ডা, বিজয়নগর, শাহজাদপুর, তেজগাঁও, রামপুরা, বনশ্রীসহ বিভিন্ন এলাকায় সড়ক ও অলিগলিতে পানি জমে গেছে। কোথাও কোথাও হাঁটু পর্যন্তও পানি জমেছে। এতে সড়ক, দোকানপাট এবং কিছু কিছু বাড়িঘরে পানি উঠে যাওয়ায় বিপাকে পড়েছেন বাসিন্দারা। এদিকে, গত ২৪ ঘণ্টায় চট্টগ্রামে বৃষ্টিপাত হয়েছে প্রায় ৯৮ মিলিমিটার। এতে নগরীর আগ্রাবাদ, হালিশহর, বাকলিয়া, চান্দগাঁও, চকবাজার, কাতালগঞ্জ, পতেঙ্গাসহ বিভিন্ন এলাকার সড়কে পানি জমে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ আলী আহমেদ)

## সোমবারের এইচএসসি পরীক্ষা নিয়ে যা বললেন শিক্ষামন্ত্রী

ভারী বর্ষণে ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকায় জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। এর মধ্যে সোমবারের এইচএসসি পরীক্ষা নেওয়া হবে কি-না, পরিস্থিতি পর্যবেক্ষণ করে সেটির বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিবে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন জানিয়েছেন, টানা বৃদ্ধির ফলে কোথায় কী ধরনের সমস্যা তৈরি হয়েছে, সেটির বিষয়ে জেলা প্রশাসক এবং শিক্ষা বোর্ডগুলোর চেয়ারম্যানদেরকে তথ্য পাঠাতে বলেছে মন্ত্রণালয়। সেইসঙ্গে, আবহাওয়া অধিদপ্তরের

পূর্বাভাসও পর্যালোচনা করছেন কর্মকর্তারা। "গতকাল (শনিবার) থেকেই ৬৪ জেলার ডিসি ও শিক্ষা বোর্ডগুলোর সঙ্গে যোগাযোগ রেখে কোথায় কী পরিস্থিতি রয়েছে, তা পর্যবেক্ষণ করা হচ্ছে। সর্বশেষ আবহাওয়ার পূর্বাভাস পাওয়ার পর আবারও বৈঠক করে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেওয়া হবে,„ রোববার ঢাকায় সাংবাদিকদের বলেন শিক্ষামন্ত্রী মি. মিলন। কয়েক দিনের টানা বৃষ্টি ও পাহাড় ধসের কারণে ইতোমধ্যেই চট্টগ্রাম শিক্ষা বোর্ডের এইচএসসি ও সমমানের সব পরীক্ষা আগামী ১৬ জুলাই পর্যন্ত স্থগিত করেছে শিক্ষা মন্ত্রণালয়। এর মধ্যে অন্য বোর্ডে যে-সব পরীক্ষা অনুষ্ঠিত হবে, চট্টগ্রামে সেগুলো পরবর্তীতে পুনরায় নেওয়া হবে বলে জানানো হয়েছে। সোমবার পদার্থবিজ্ঞান, হিসাবিজ্ঞান, ও যুক্তিবিদ্যার প্রথম পত্রের পরীক্ষার সূচি রয়েছে। চলতি বছর নয়টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে অভিন্ন প্রশ্নপত্রে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে, যা শুরু হয়েছে গত ২ জুলাই।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ আলী আহমেদ)

## হামে ও এর উপসর্গে আরও পাঁচ শিশুর মৃত্যু, আক্রান্ত ৯৬৯

হাম ও এর উপসর্গে শনিবার সকাল ৮টা থেকে রোববার সকাল ৮টা পর্যন্ত সময়ের মধ্যে বাংলাদেশে আরও পাঁচ শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে একজন শিশুর হাম শনাক্ত হয়েছে। হাম শনাক্ত হয়ে শিশুটি মারা গেছে ঢাকায়। আর হামের উপসর্গে বাকি চার শিশুর মধ্যে দুটি ঢাকাতে এবং সিলেট ও বরিশালে একটি করে শিশু মারা গেছে বলে রোববার স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক প্রতিবেদনে বলা হয়েছে। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারা দেশে হাম ও হাম উপসর্গে মোট ৭৫৮ শিশুর মৃত্যু হলো। এদিকে, গত ২৪ ঘণ্টায় সারা দেশে নতুন করে আরও ৯৬৯ শিশু হাম ও এর উপসর্গে আক্রান্ত হয়েছে। তাদের মধ্যে হাম শনাক্ত হয়েছে ৯০ শিশুর। এ নিয়ে গত প্রায় চার মাসে মোট আক্রান্তে সংখ্যা ১ লাখ ১১ হাজার ছাড়িয়ে গেছে।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ আলী আহমেদ)

## রাষ্ট্রায়ত্ত নয়টি ব্যাংকের খেলাপি ঋণ বেড়ে ১ লাখ ৮৮ হাজার ৭০১ কোটিতে ঠেকেছে

বাংলাদেশের নয়টি রাষ্ট্রায়ত্ত ব্যাংকের খেলাপি ঋণ বেড়ে প্রায় ১ লাখ ৮৮ হাজার ৭০১ কোটি টাকা হয়েছে বলে সংসদে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। রোববার সংসদ অধিবেশন চলাকালে সংরক্ষিত নারী আসনের জামায়াতে ইসলামীর সংসদ সদস্য সাবিকুন্নাহারের প্রশ্নের লিখিত জবাবে অর্থমন্ত্রী এ তথ্য দেন। ব্যাংকগুলো হলো- অগ্রণী ব্যাংক, জনতা ব্যাংক, রূপালী ব্যাংক, সোনালী ব্যাংক, বেসিক ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এবং প্রবাসী কল্যাণ ব্যাংক। বিপুল পরিমাণ এই খেলাপি ঋণ কমিয়ে আনার জন্য সরকার চেষ্টা চালাচ্ছে বলে জানান অর্থমন্ত্রী। "ব্যাংকিংখাতে শৃঙ্খলা ফিরিয়ে আনতে খেলাপি ঋণের উচ্চহার কমানো প্রয়োজন। বর্তমান সরকারের নির্বাচনি ইশতেহারেও খেলাপি ঋণ কমানোর কথা বলা হয়েছে,„ বলেন অর্থমন্ত্রী।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ আলী আহমেদ)

## চট্টগ্রাম ছাড়া বাকি সব বোর্ডে এইচএসসি পরীক্ষা নির্ধারিত সময়েই অনুষ্ঠিত হবে

চট্টগ্রাম শিক্ষা বোর্ড ছাড়া বাংলাদেশের বাকি শিক্ষা বোর্ডগুলোতে এইচএসসি ও সমমানের পরীক্ষা নির্ধারিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে বলে জানিয়েছে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি। আর জলাবদ্ধতা ও পাহাড়ধসের কারণে চট্টগ্রাম বোর্ডের আওতাধীন ১৩, ১৫ এবং ১৬ জুলাইয়ের স্থগিত পরীক্ষাগুলো পরবর্তীতে নেওয়া হবে। রোববার সন্ধ্যায় বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি এবং ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামন স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ আলী আহমেদ)

## ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের শাসনে মুজিব বর্ষ উদ্‌যাপনে কত খরচ হয়েছিল, জানালেন অর্থমন্ত্রী

বর্তমানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ সরকারের শাসনামলে মুজিব বর্ষ উদ্‌যাপনে প্রায় ৯৮২ কোটি ৯১ লাখ ৭৪ হাজার টাকা খরচ করা হয় বলে সংসদে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। এসব অর্থ ব্যয় করা হয়েছিল বিভিন্ন সরকারি অফিসে শেখ মুজিবুর রহমানের ব্রোঞ্জ, তামা ও মার্বেল পাথরের মূর্তি নির্মাণ; ছবি ও বেদী তৈরি এবং জাতীয় পর্যায়ে সময় গণনার ডিজিটাল বোর্ড তৈরিসহ আরও অনেক খাতে। রোববার রংপুর-৩ আসনের সংসদ সদস্য মাহবুবুর রহমানের প্রশ্নের জবাবে এই তথ্য দিয়েছেন অর্থমন্ত্রী।
(বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ আলী আহমেদ)

## ঢাকা-চট্টগ্রামসহ সারাদেশে প্রবল বর্ষণে জলাবদ্ধতা, মানুষের ভোগান্তি

সাতসকালে অফিস যেতে চরম দুর্ভোগ পোহাতে হয় আফসানা করিমকে। বাসার সামনে রাস্তায় হাঁটু সমান পানিতে দাঁড়িয়ে তিনি অপেক্ষা করতে থাকেন রিকশা বা কোনো একটি বাহনের জন্য। দীর্ঘ অপেক্ষায় এক পর্যায়ে তার মনে শঙ্কা তৈরি হচ্ছিল যে, রোববার সপ্তাহের প্রথম কার্যদিবসে তিনি অফিস যেতে পারবেন কি না। মিরপুরের পীরেরবাগের বাসিন্দা আফসানা করিম বেসরকারি চাকরিজীবী। মিজ করিম জানান, মিরপুরের পীরের গলির কমিশনার গলিতে তার বাসা। টানা তিনদিন ধরে বৃষ্টিতে গত দুইদিন পানি থাকলেও, বৃষ্টি কিছুটা কমলে পানি সরে গিয়েছিল। কিন্তু শনিবার সারা রাত ধরে চলা বৃষ্টির কারণে সকালে বাসার সামনে হাঁটুর ওপরে পানি জমে গিয়েছে। "আজ রোববার সকাল

সাড়ে ৭টা থেকে বারান্দা দিয়ে দেখছিলাম খালি রিকশা যায় কিনা? কিন্তু ৮টা পর্যন্ত না পেয়ে নিচেই নেমে আসি গেইটের ভেতরে প্রথম সিঁড়িতেও পানি চলে এসেছে। আমি দুই ঘণ্টা দাঁড়িয়ে থেকেও রিকশা না পেয়ে অফিসে কল করে পরিস্থিতি জানালাম,„ বলছিলেন মিজ করিম। তিনি জানান, দু-একটা রিকশায় দেখা যাচ্ছিল, পানির কারণে যাত্রীরা সিটের ওপর পা তুলে বসে আছেন। এরপরেও বৃষ্টি কমা পর্যন্ত অফিসে যাওয়ার জন্য অপেক্ষা করেছেন, সবশেষে একটা খালি রিকশা পেয়ে অন্য যাত্রীদের মতোই তিনি নিজেও রিকশার সিটে পা তুলে মেইন রোড পর্যন্ত পৌঁছান। পরে ডাবল ভাড়ায় সিএনজি করে অফিসে পৌঁছান বলে জানান মিজ করিম।

যদিও বেশ ক্ষোভের সাথে মিজ করিম এটিও বলতে ভুলেননি যে, ড্রেনেজ সিস্টেম ও পানি নিষ্কাশনের অপরিকল্পিত ব্যবস্থার কারণেই ঢাকায় বৃষ্টি হলে মানুষের ভোগান্তি পোহাতে হয়। তবে, এই পরিস্থিতি শুধু ওই এলাকারই নয়, ঢাকার প্রায় বেশিরভাগ এলাকাতেই টানা বর্ষণের ফলে সড়কে পানি জমে ভোগান্তির শিকার হয়েছেন নাগরিকরা। ঢাকার মিরপুর-১০, শেওড়াপাড়া, কাজীপাড়া, মিরপুর-১১, ১২, ধানমন্ডি-২৭, ধানমন্ডি-৩২, পান্থপথ, কাকরাইল, শান্তিনগর, আরামবাগ, বসুন্ধরা আবাসিক এলাকা, বনানী আর্মি স্টেডিয়ামের সামনের প্রধান সড়কসহ বিভিন্ন অলিগলিতে বৃষ্টির পানি জমে কোথাও কোথাও হাঁটু সমান পর্যন্ত হয়েছে। টানা এক সপ্তাহের বেশি সময় ধরে চলা বৃষ্টিপাত প্রথমে পার্বত্য চট্টগ্রামে বন্যা, ভূমিধস ও মৃত্যুর কারণ হলেও, এখন তা ঢাকাসহ প্রায় বেশিরভাগ জেলাতেই জনজীবন বিপর্যস্ত করে তুলেছে। অতিবৃষ্টি, পাহাড়ি ঢল ও পাহাড়ধসে ক্ষয়ক্ষতি ও ত্রাণ সামগ্রী বরাদ্দ ও বিতরণ সংক্রান্ত এক প্রতিবেদনে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় জানিয়েছে, বন্যা আক্রান্ত জেলা সাতটি। আর বান্দরবান, কক্সবাজার ও চট্টগ্রাম জেলায় ভূমিধসসহ দুর্যোগে নিহত হয়েছেন ৫১ জন। আহত হয়েছেন ৩৯ জন। রোববার দেওয়া এই প্রতিবেদনে এই মন্ত্রণালয় জানিয়েছে, পার্বত্য জেলাগুলোর মধ্যে শুধুমাত্র কক্সবাজারেই ভূমিধসে নিহত হয়েছেন ২৮ জন। বান্দরবানে সাতজন এবং চট্টগ্রামে ১৩ জন নিহত হয়েছেন জানিয়েছে দুর্যোগ মন্ত্রণালয়। বৈরী আবহাওয়া ও বন্যা পরিস্থিতির কারণে এরই মধ্যে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের তিনদিনের এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়েছে।

এদিকে, আবহাওয়া অধিদপ্তর যে পূর্বাভাস দিয়েছে তাতে দেখা যাচ্ছে, আগামী পাঁচদিনেও পরিস্থিতির তেমন একটা উন্নতি হবে না। বরং আগামী পাঁচদিনই আট বিভাগের কোথাও কোথাও হালকা থেকে মাঝারি ধরনের ভারী বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে অধিদপ্তর। এর কারণ হিসেবে আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, মৌসুমি বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারি অবস্থায় বিরাজমান আছে।

এদিকে, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র বলছে, পাঁচটি জেলার তিনটি নদীর পানি পাঁচটি পয়েন্টে বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এছাড়াও আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় সিলেট বিভাগে এবং উজানে ভারতের আসাম, মেঘালয় প্রদেশে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে বলেও জানিয়েছে এই কেন্দ্র।

**বন্যা আক্রান্ত জেলায় নিহত ও ক্ষয়ক্ষতি**

অতিবৃষ্টি, পাহাড়ি ঢল ও পাহাড়ধসে ক্ষয়ক্ষতি ও ত্রাণ সামগ্রী বরাদ্দ ও বিতরণ সংক্রান্ত এক প্রতিবেদনে দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের পাঠানো রোববারের প্রতিবেদনে বলা হয়েছে, গত কয়েকদিনের টানা বর্ষণে বন্যা আক্রান্ত হয়েছে সাতটি জেলা। এর মধ্যে রয়েছে খাগড়াছড়ি, রাঙামাটি, বান্দরবান, চট্টগ্রাম, কক্সবাজার, মৌলভী বাজার ও হবিগঞ্জ। এসব জেলায় দশ লাখেরও বেশি মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে। একইসঙ্গে, এসব জেলায় দুই লাখ ৬৭ হাজারের বেশি পরিবার এখনো পানিবন্দি রয়েছে। ভূমিধস ও এই দুর্যোগে নিহতহ ৫১ জনের মধ্যে কক্সবাজারে সবচেয়ে বেশি ২৮ জন নিহত হয়েছে। তাদের মধ্যে স্থানীয় নাগরিক ১৫ জন এবং ১৩ জন রোহিঙ্গা নিহত হয়েছেন। এই জেলায় আহত হেছে ২৪ জন। চট্টগ্রাম জেলায় নিহত হয়েছে ১৩ জন, আহত ১২ জন। বান্দরবানের সাতটি উপজেলায় ছয়জন নিহত ও দুইজন আহত হওয়ার তথ্য দিয়েছে দুর্যোগ মন্ত্রণালয়। বন্যা আক্রান্ত সাত জেলায় ক্ষতিগ্রস্তদের আশ্রয়ের জন্য এক হাজার ১৩১টি আশ্রয়কেন্দ্রে ৪৪ হাজার ৪৫৭ জন আশ্রয় নিয়েছে বলে জানিয়েছে দুর্যোগ মন্ত্রণালয়। এছাড়া সরকার বন্যা আক্রান্তদের নগদ টাকা ও চাল ত্রাণ দিয়েছে। খাগড়াছড়ির স্থানীয় একজন সাংবাদিক জানিয়েছেন, সাজেক পর্যটন কেন্দ্রে আটকে পড়া পর্যটকদের এরই মধ্যে উদ্ধার করেছে সেনাবাহিনী। সেখানকার পরিস্থিতি ধীরে ধীরে উন্নতি হচ্ছে। এরই মধ্যে সড়ক, বাজার ও বাসা বাড়ি থেকে পানি নেমে যাওয়ায় ভোগান্তি কমেছে খাগড়াছড়ির মানুষের। ঘর-বাড়িতে ফিরেছে মানুষজন। দোকান-পাট খুলতে শুরু করেছে। তবে দুয়েকটি স্থানে এখনো জলাবদ্ধতা আছে এবং ৫০টির মতো পরিবার এখনো পানিবন্দি আছে বলে জানিয়েছেন ওই সাংবাদিক। এছাড়া গত তিনদিন ধরে বৃষ্টিপাতের মাত্রা কমেছে এবং থেমে থেমে বৃষ্টি হলেও ভারী বর্ষণ হয়নি খাগড়াছড়িতে। এছাড়া, রাঙামাটির বাঘাইছড়িতে কয়েক স্থানে ভূমিধসের কারণে চলাচল বিঘ্নিত হওয়ার খবর পাওয়া গেছে।

**ঢাকায় কিছু স্কুলে অর্ধবার্ষিক ও চট্টগ্রাম বিভাগে এইচএসসি পরীক্ষা স্থগিত**

ঢাকা ও পার্শ্ববর্তী জেলাগুলোতে টানা তিনদিনের বর্ষণে ঢাকায় কোথাও কোথাও সড়কে জমে থাকা পানিতে বিকল হয়ে গেছে ব্যক্তিগত যানবাহন। মিরপুর-১০ নম্বর গোলচক্কর মোড়ে আব্দুল কাদের জ্বিলানীর প্রাইভেটকারটিতে পানি ঢুকে ইঞ্জিন বন্ধ হয়ে যায়। খিলক্ষেতে অফিসে যাওয়ার উদ্দেশ্যে সকালে তিনি রওয়ানা দিয়েছিলেন। বেশ ক্ষোভের সাথে মি.

জিলানী বলেন, "এখন গাড়ির জন্য এখানে বসে থাকতে হবে। অফিস দেরি হবেই। একটু বৃষ্টি হলেই সাঁতার কাটার মতো অবস্থা হয়।„ এছাড়া, ধানমন্ডির একটি সড়কে গাছ ভেঙে পড়ে চলাচল বন্ধ হয়ে যাওয়ার খবরও পাওয়া গেছে। এদিকে, দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে ঢাকার বেশ কিছু স্কুল-কলেজে পরীক্ষা স্থগিত রাখার খবর পাওয়া গেছে। ভিকারুন নিসা ন্যূন স্কুল অ্যান্ড কলেজের রোববারের নবম শ্রেণির অর্ধ-বার্ষিক পরীক্ষা, দশম শ্রেণির প্রাক-নির্বাচনি পরীক্ষা এবং একাদশ শ্রেণির ব্যবহারিক পরীক্ষা স্থগিত করেছে কর্তৃপক্ষ। এই শিক্ষা প্রতিষ্ঠানটির ফেসবুক পেইজে এই তথ্য জানানো হয়েছে। একইসঙ্গে, স্থগিত পরীক্ষার সংশোধিত সময়সূচি পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে বলেও উল্লেখ করেছে ভিকারুন নিসা ন্যূন স্কুল অ্যান্ড কলেজ কর্তৃপক্ষ। মিরপুর বাংলা স্কুলের নবম শ্রেণির ছাত্র আশফাকুজ্জামান। তিনি জানান, সকালেই স্কুল থেকে রোববারের অর্ধ-বার্ষিক পরীক্ষা স্থগিত করার কথা জানানো হয়েছে। একইসঙ্গে, প্রধান সড়কসহ অলি-গলিতেও বৃষ্টির পানি জমে থাকার কারণে মিরপুরের শেওড়াপাড়ায় অবস্থিত মনিপুর স্কুল অ্যান্ড কলেজ শাখায় রোববারের সকল পরীক্ষা স্থগিত করা হয়েছে।

রাজধানীর গ্রিন রোডের ওয়াইডব্লিউসিএ স্কুলের একজন অভিভাবক শহীদুল ইসলাম জানিয়েছেন, রোববারের অর্ধবার্ষিক পরীক্ষা আপাতত স্থগিত করেছে স্কুল কর্তৃপক্ষ। এছাড়া, চলমান বন্যা পরিস্থিতির কারনে আগামী ১৬ জুলাই পর্যন্ত চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে সব জেলায় এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়েছে। শনিবার বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামানের সই করা এক অফিস আদেশে এই সিদ্ধান্ত জানানো হয়েছে। এতে বলা হয়েছে, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের (সকল জেলা) এবং চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ১৩ জুলাই, সোমবার, ১৫ জুলাই, বুধবার এবং ১৬ জুলাই বৃহস্পতিবার অনুষ্ঠিত হতে যাওয়া এইচএসসি, আলিম, এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা-২০২৬ স্থগিত করা হয়েছে। চট্টগ্রামের সব জেলা প্রশাসকের প্রতিবেদন ও এই বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের অনুরোধের প্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা আব্দুল্লাহ শিবলী সাদিক জানিয়েছেন, চট্টগ্রাম বোর্ড বাদে আর কোনো বোর্ডের এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়নি। শনিবারের সিদ্ধান্তই বহাল আছে।

এদিকে, ছয়দিন ধরে চট্টগ্রাম নগরীর শমসেরপাড়া এলাকায় রেলপথ পানির নিচে ডুবে আছে। গত মঙ্গলবার দুপুরে চট্টগ্রাম নগরের সুন্নিয়া মাদ্রাসা থেকে শমসেরপাড়া পর্যন্ত রেলপথের বিভিন্ন অংশ দেড় থেকে দুই ফুট পানির নিচে তলিয়ে যায়। মঙ্গলবার ঢাকা থেকে ছেড়ে যাওয়া পর্যটক এক্সপ্রেস ট্রেনটি শমসের পাড়া গিয়ে পানির কারণে আর এগোতে পারেনি। এর ফলে ওই দিন থেকেই চট্টগ্রাম-কক্সবাজার রুটে ট্রেন চলাচল বন্ধ হয়ে পড়ে। রোববারও ট্রেন চলাচল শুরু হয়নি। সারা দেশে আর কোথাও রেল চলাচল বিঘ্নিত হয়েছে কি না জানতে চাইলে রেলপথ মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা রেজাউল করিম সিদ্দিকী জানান, "শুধু চট্টগ্রাম-কক্সবাজার রেলপথে রেল চলাচল বন্ধ রয়েছে, দেশের অন্য কোথাও রেল চলাচল বিঘ্নিত হয়নি।„ "তবে, কোথাও কোথাও ট্রেন কিছুটা লেইট আছে, বৃষ্টির কারণে রাস্তার ওয়েট ক্যাপাসিটি অনেক জায়গায় কমে যায়, এ কারণে কোনো কোনো ট্রেন একটু লেইট আছে, কিন্তু চলছে„ বলেন মি. সিদ্দিকী।

**বন্যা, বৃষ্টিপাত নিয়ে যে পূর্বাভাস**

আগামী ২৪ ঘণ্টায় বান্দরবান, চট্টগ্রাম ও কক্সবাজার জেলার সাঙ্গু, মাতামুহুরী এবং মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার মনু, ধলাই, খোয়াই ইত্যাদি ইত্যাদি নদীর পানি সমতলে কমে যেতে পারে এবং নদী সংলগ্ন নিম্নাঞ্চলগুলোতে বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। এদিকে, ঢাকা ও পার্শ্ববর্তী এলাকায় গত ২৪ ঘণ্টায় ৯৭ মিলিমিটার বৃষ্টিপাত হয়েছে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। রোববার দুপুর ১২টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় ঢাকা, রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণের সতর্কবার্তা দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। সক্রিয় মৌসুমি বায়ুর প্রভাবে এই বৃষ্টিপাতের সতর্কবার্তা দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। সোমবার রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং চট্টগ্রাম ও বরিশাল বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের ভারী বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে অধিদপ্তর। তবে, ঢাকা, রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, খুলনা ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে বলেও জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র জানিয়েছে, পাঁচটি জেলার তিনটি নদীর পানি পাঁচটি পয়েন্টে পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এর মধ্যে বান্দরবানে সাঙ্গু নদী, চট্টগ্রাম স্টেশনে দোহাজারী, সুনামগঞ্জের মারকুলি স্টেশনে ও সিলেটের ফেঞ্চুগঞ্জ স্টেশনে কুশিয়ারা নদী এবং নেত্রকোণার কলমাকান্দা স্টেশনে সোমেশ্বরী নদীর বিপৎসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস কেন্দ্র। একইসঙ্গে, আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় কয়েকটি নদীর পানি বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হয়ে স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতি হতে পারে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস কেন্দ্র। এর মধ্যে মুহুরী, ফেনী, সেলোনিয়া, হালদা, সারিগোয়াইন, যাদুকাটা, সোমেশ্বরী ও

ভুগাই-কংস, তিস্তা, ধরলা ও দুধকুমার নদীর পানি বিপৎসীমার ওপরে প্রবাহিত হতে পারে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস কেন্দ্র। এর ফলে ফেনী, চট্টগ্রাম, খাগড়াছড়ি, সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোণা, শেরপুর, ময়মনসিংহ, নীলফামারী, লালমনিরহাট, রংপুর, কুড়িগ্রাম এবং গাইবান্ধা জেলায় স্বল্পস্থায়ী বন্যা হতে পারে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ আলী আহমেদ)

## হরমুজ প্রণালি বন্ধ করে দেওয়ায় ইরানে নতুন করে হামলা শুরু করেছে যুক্তরাষ্ট্র

হরমুজ প্রণালি দিয়ে পার হওয়ার সময় তেহরান একটি জাহাজে হামলা চালানোর পর ইরানের ওপর নতুন করে হামলা শুরু করা হয়েছে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্র। ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যমের তথ্য অনুযায়ী, দেশটির ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি) বলেছে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই জলপথটি বন্ধ করে দিয়েছে তারা। একইসঙ্গে, অনুমোদিত পথ থেকে সরে গিয়ে "আইন লঙ্ঘনকারী„ জাহাজটি তার নিজস্ব সিস্টেম বন্ধ করে দেওয়ার পর সেটির ওপর হামলা চালানো হয় বলে জানিয়েছে আইআরজিসি। মার্কিন সেন্ট্রাল কমান্ড(সেন্টকম) জানিয়েছে, আইআরজিসি বাহিনী সাইপ্রাসের পতাকাযুক্ত একটি জাহাজে "সরাসরি হামলা„ চালানোর পর "এই সপ্তাহে তৃতীয়বারের মতো হামলা„ চালিয়েছে তারা। চলতি সপ্তাহের শুরুর দিকে তিনটি বাণিজ্যিক ট্যাংকারে হামলার ঘটনার পর এই পরিস্থিতি তৈরি হয়েছে। এর জেরে যুক্তরাষ্ট্রের সঙ্গে পাল্টাপাল্টি হামলার সূত্রপাত ঘটে। সেন্টকম জানিয়েছে, ইঞ্জিন রুমের মারাত্মক ক্ষতির কারণে এমভি জিএফএস গ্যালাক্সি নামের জাহাজটি "তার যাত্রা চালিয়ে যেতে পারছিল না।„ এই ঘটনায় জাহাজটির একজন বেসামরিক নাবিক বা ক্রু নিখোঁজ রয়েছেন বলেও জানিয়েছে তারা।

যুক্তরাজ্যের মেরিটাইম ট্রেড অপারেশনস (ইউকেএমটিও) জানিয়েছে, সামরিক কর্তৃপক্ষ তাদের জানিয়েছে যে, নাবিকরা জাহাজ ছাড়তে বাধ্য হয়েছেন এবং বর্তমানে একটি লাইফবোটে রয়েছেন তারা। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ শেয়ার করা একটি বিবৃতিতে সেন্টকম লিখেছে, "বাণিজ্যিক জাহাজগুলোতে আগের হামলার ব্যাপারে জবাবদিহি করার পর সমঝোতা স্মারক মেনে চলার প্রমাণ দেওয়ার জন্য ইরানকে আরো একটি সুযোগ দেওয়া হয়েছিল, কিন্তু তারা আবারও ব্যর্থ হয়েছে।„ যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা সচিব পিট হেগসেথ এই বিবৃতিটি শেয়ার করেছেন। তিনি লিখেছেন, "ইরান একটি ভুল সিদ্ধান্ত নিয়েছে। এখন তাদের এর মূল্য দিতে হবে।„ রোববার ভোরের দিকে দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যম জানায়, একটি জাহাজ অনুমোদিত নয়, এমন পথ দিয়ে যাওয়ার চেষ্টা করার সময় ইরান সেটির দিকে নৌ-ক্রুজ ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত হরমুজ প্রণালি বন্ধ করে দিয়েছে। রাষ্ট্রীয় সংবাদ সংস্থার প্রকাশিত এক বিবৃতি অনুযায়ী, গার্ডস (আইআরজিসি) জানিয়েছে, বারবার নির্দেশ দেওয়ার পরও সেটি অমান্য করার পর জাহাজটিতে "সতর্কতামূলক গুলি করে থামানো হয়।„ এতে আরো সতর্ক করা হয়েছে, এই প্রণালি বন্ধের ফলে যুক্তরাষ্ট্রের যে-কোনো "আগ্রাসনের„ জবাব "কঠোরভাবে„ দেওয়া হবে এবং এই অঞ্চলের নতুন ঘাঁটিগুলোকে লক্ষ্যবস্তু করা হবে। চলতি সপ্তাহের শুরুর দিকে, ওমানের জলসীমায় যুক্তরাষ্ট্রের সুপারিশ করা একটি রুট অতিক্রম করার চেষ্টার সময় তিনটি বাণিজ্যিক ট্যাংকারে হামলা চালানো হয়। ইরান বারবার বলেছে, একমাত্র "নিরাপদ„ পথটি হলো তাদের নিজস্ব জলসীমার মধ্যদিয়ে যাওয়া পৃথক একটি পথ। ইরানি কর্মকর্তাদের দেওয়া তথ্য অনুযায়ী, এই ঘটনার পরিপ্রেক্ষিতে যুক্তরাষ্ট্র ধারাবাহিক কয়েকটি হামলা চালায়। এতে ১৭ জন নিহত এবং ১১৫ জন আহত হয়। এর জবাবে ইরান উপসাগরীয় অঞ্চলে যুক্তরাষ্ট্রের মিত্রদের ওপর হামলা চালায়। এই পাল্টাপাল্টি হামলা উত্তেজনা বাড়িয়ে দিয়েছে এবং যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষণা করেছেন, ইরানের এই হামলার অর্থ হলো যুদ্ধবিরতি শেষ। অন্যদিকে, যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে চুক্তি লঙ্ঘনের অভিযোগ এনেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। তবে ইউএস নেতা বা ট্রাম্প বলেছেন, আলোচনা এখনও চলবে এবং মধ্যস্থতাকারীরা এই প্রক্রিয়াটিকে পুনরুজ্জীবিত করার চেষ্টা করছেন।

যুক্তরাষ্ট্রের গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদনে বলা হয়েছে, ইরান আমেরিকান কর্মকর্তাদের বলেছে, ট্যাংকারে হামলাগুলো একটি ভুল ছিল এবং এর জন্য তারা অভ্যন্তরীণ একটি বিপথগামী গোষ্ঠীকে দায়ী করেছে। আমেরিকান কর্মকর্তারা জানিয়েছেন, তারা মধ্যস্থতাকারীদের মাধ্যমে এই দাবি পৌঁছে দিয়েছেন যে, ইরান যেন প্রকাশ্যে ঘোষণা করে যে, একটি গুরুত্বপূর্ণ জাহাজ চলাচলের পথ-হরমুজ প্রণালি উন্মুক্ত রয়েছে এবং বাণিজ্যিক জাহাজগুলোতে তারা যেন গুলি চালানো বন্ধ করার প্রতিশ্রুতি দেয়। নেতৃত্ব গ্রহণের পর প্রথম প্রকাশ্য বিবৃতিতে ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ মোজতবা খামেনির প্রতিশোধের আহ্বানের পরই এই প্রণালি বন্ধের সিদ্ধান্ত আসে। গত ২৮ ফেব্রুয়ারি, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার প্রথম দিনেই তার বাবা ও পূর্বসূরি আয়াতুল্লাহ আলী খামেনি নিহত হন। শুক্রবার তার নিজ শহর মাশহাদে তাকে দাফন করা হয়। রাষ্ট্রীয় টেলিভিশনে দেওয়া এক বিবৃতিতে, নতুন আয়াতুল্লাহ বলেন, প্রতিশোধ নেওয়া ছিল জাতির ইচ্ছা। তার বক্তব্য উদ্ধৃত করে বলা হয়, "আমরা এই দুই যুদ্ধের অপরাধী এবং কলঙ্কিত হত্যাকারীদের কাছ থেকে আমাদের শহিদ নেতা এবং অন্যান্য সকল শহিদদের রক্তের প্রতিশোধ নেওয়ার প্রতিশ্রুতি দিচ্ছি।„ তিনি আরো বলেন, "বিষয়টি আমার ব্যক্তিগত অস্তিত্ব কিংবা অন্য কর্মকর্তাদের ওপর নির্ভর করে না। আমরা উপস্থিত থাকি আর না থাকি, যা হওয়ার তা হবেই।„ গত কয়েকদিন ধরে জানাজার অনুষ্ঠানে অংশ নেওয়া অনেক

ইরানি নাগরিক যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে হত্যার আহ্বান জানিয়ে এ সময় প্ল্যাকার্ড বহন করেন। এর প্রতিক্রিয়ায় শনিবার ট্রাম্প সতর্ক করে বলেন, এ ধরনের যে-কোনো পরিকল্পনার ফলশ্রুতিতে যুক্তরাষ্ট্র ইরানের ”সব এলাকা ধ্বংস ও নিশ্চিহ্ন„ করে দেবে। দ্য ওয়াল স্ট্রিট জার্নাল এবং অন্যান্য মার্কিন গণমাধ্যম এই সপ্তাহে প্রতিবেদন প্রকাশ করেছে যে, ইসরায়েল ওয়াশিংটনের সাথে এমন একটি গোয়েন্দা তথ্য শেয়ার করেছে যেখানে বলা হয়েছে, ইরান সম্প্রতি মার্কিন প্রেসিডেন্টকে হত্যার একটি পরিকল্পনা তৈরি করেছে। তবে, তেহরান নতুন কোনো পরিকল্পনা করেছে অথবা ইসরায়েল কোনো গোয়েন্দা তথ্যের উৎস এমন কথা অস্বীকার করেছেন ট্রাম্প। নিউইয়র্ক পোস্টকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, তিনি ”দীর্ঘদিন ধরেই (ইরানের হত্যা তালিকার) এক নম্বরে„ ছিলেন।
(বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ নারগীস)

## কাতারের সাবেক আমির শেখ হামাদ বিন খলিফা আল থানি মারা গেছেন

কাতারের সরকার জানিয়েছে, দেশটির সাবেক আমির শেখ হামাদ বিন খলিফা আল থানি মারা গেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৪ বছর। তিনি ১৯৯৫ থেকে ২০১৩ সাল পর্যন্ত কাতারের রাষ্ট্র প্রধান হিসেবে দায়িত্ব পালন করেছেন। শেখ হামাদ বিন খলিফা আল থানি ছিলেন আধুনিক কাতারের অন্যতম প্রধান রূপকার, এবং তার শাসন আমলে দেশটি দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন করে। তারই ডিক্রি বা অধ্যাদেশের ওপর ভিত্তি করে ১৯৯৬ সালে আন্তর্জাতিক সংবাদমাধ্যম 'আল জাজিরা নেটওয়ার্ক' চালু করা হয়েছিল।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ আলী আহমেদ)

## হরমুজ প্রণালির ব্যবস্থাপনা নিয়ে আলোচনা শুরু করেছে ইরান এবং ওমান

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই শনিবার স্থানীয় সময় রাতে ওমানের রাজধানী মাস্কটে আব্বাস আরাঘচি এবং ওমানি কর্মকর্তাদের মধ্যে অনুষ্ঠিত আলোচনা প্রসঙ্গে বলেছেন, এ আলোচনার মূল লক্ষ্য ছিল হরমুজ প্রণালির উপকূলে অবস্থিত এই দুই দেশের মধ্যে জলপথে নৌযান চলাচল ও তার ব্যবস্থাপনা পদ্ধতির মধ্যে সমন্বয় সাধন করা। তিনি বলেন যে, এ আলোচনায় উভয় দেশের লিগ্যাল ও টেকনিক্যাল দিকগুলো দেখেন এমন প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। তিনি বলেন, ”উপকূলীয় দুই দেশের সার্বভৌম অধিকার এবং আন্তর্জাতিক আইনকে সম্মান জানানোর পাশাপাশি ইসলামাবাদ সমঝোতা স্মারকের পাঁচ নম্বর অনুচ্ছেদের বিধানাবলি বিবেচনায় রেখে হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার বিষয়টি নিয়ে আলোচনা ও মতবিনিময় হয়েছে।„ মি. বাঘাই আরও বলেন, ইরান স্পষ্ট করে দিয়েছে যে, হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলের ব্যবস্থাপনার জন্য নতুন কোনো পদক্ষেপ বা ব্যবস্থা গ্রহণের কাজটি দুই উপকূলীয় দেশের মধ্যকার আলোচনার ভিত্তিতেই হওয়া উচিত। বিশেষ করে, বিগত কয়েক মাসের বিভিন্ন ঘটনাপ্রবাহ এবং যুদ্ধ ও এ জলপথে জাহাজ চলাচলের ক্ষেত্রে এর নিরাপত্তা সংক্রান্ত প্রভাবের বিষয়টি বিবেচনায় রেখে এ সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্র ও ইরানকে সংযত প্রদর্শনের আহ্বান জানিয়েছে পাকিস্তান

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির সাথে এক টেলিফোন আলাপে পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার যুক্তরাষ্ট্রের সাথে 'উত্তেজনা হ্রাস' এবং 'যুক্তরাষ্ট্র-ইরান সংঘাতের সাথে জড়িত সব পক্ষকে সংযম প্রদর্শনের' আহ্বান জানিয়েছেন। পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বলা হয়েছে, উভয়পক্ষ আঞ্চলিক পরিস্থিতির বিষয়ে পারস্পরিক মতবিনিময় করেছেন। বিবৃতিতে জোর দিয়ে বলা হয়েছে যে, ”বিরোধ নিষ্পত্তি এবং অঞ্চলে দীর্ঘস্থায়ী শান্তি ও স্থিতিশীলতা অর্জনের একমাত্র কার্যকর উপায় হলো সংলাপ ও কূটনীতি।„
(বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ আলী আহমেদ)

## টাইফুন  `বাভি, আঘাত হানায় প্রায় ২০ লাখ মানুষকে সরিয়ে নিয়েছে চীন

চীনের পূর্বাঞ্চলে শক্তিশালী টাইফুন 'বাভি,র হাত থেকে বাঁচাতে উপকূলীয় এলাকাগুলো থেকে প্রায় ২০ লাখ মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নিয়েছে চীন। এক সপ্তাহের মধ্যে এ নিয়ে দেশটিতে দ্বিতীয়বার টাইফুন আঘাত হানলো। প্রায় ১,০০০ কিলোমিটার বা ৬২০ মাইল জুড়ে বিস্তৃত ঝড়টি শনিবার রাত সাড়ে ১১টার দিকে উপকূলীয় শহর তাইজৌতে প্রথম আঘাত হানে। পরে মধ্যরাতের দিকে এটি ওয়েনঝৌ শহরে আঘাত হানে। চীনের আগে, ফিলিপিন্সে টাইফুন বাভির প্রভাবে সৃষ্ট ভূমিধসে অন্তত ১৭ জন নিহত হন। বর্তমানে বাভির শক্তি কিছুটা কমে গ্রীষ্মমণ্ডলীয় ঝড়ে পরিণত হলেও ভারী বৃষ্টি অব্যাহত রয়েছে। ফলে বড়ো বন্যার ঝুঁকিও তৈরি হয়েছে। চীনের আবহাওয়া অফিসের পূর্বাভাস অনুযায়ী, সোমবার এটি আনহুই প্রদেশের পূর্বাঞ্চলে এবং মঙ্গলবার শানডং উপদ্বীপ হয়ে উত্তর পীত সাগরের দিকে অগ্রসর হতে পারে। চীনের রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছে, শুধু ঝেজিয়াং প্রদেশ থেকেই ১৭ লাখের বেশি মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে। পাশের প্রদেশগুলো থেকেও হাজার হাজার মানুষকে সরিয়ে নেওয়া হয়েছে। ঝুঁকি থাকার কারণে ঝেজিয়াংয়ে স্কুল, কার্যালয় ও আউটডোর সব কার্যক্রম বন্ধ রাখা হয়েছে। এ ছাড়া ৪০০টির বেশি ফ্লাইট এবং ডজনখানেক ট্রেন চলাচল বাতিল করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ আলী আহমেদ)

**হরমুজ প্রণালি খোলা আছে, নৌযান চলাচল নিশ্চিত করতে আমরা প্রস্তুত : যুক্তরাষ্ট্র**

ইরান হরমুজ প্রণালি বন্ধের ঘোষণা পুনর্ব্যক্ত করার কিছুক্ষণের মধ্যেই পাল্টা দাবি করেছে যুক্তরাষ্ট্র। সেন্ট্রাল কমান্ড দাবি করেছে, তারা জলপথটি খুলে দিয়েছে। মার্কিন বাহিনী সেখানে নৌ-যান চলাচলের স্বাধীনতা নিশ্চিত করতে প্রস্তুত রয়েছে বলেও জানিয়েছেন কর্মকর্তারা। "আইনসম্মতভাবে চলাচল করতে আগ্রহী সব জাহাজের জন্য হরমুজ প্রণালি উন্মুক্ত রয়েছে। ইরানের অযাচিত শত্রুতা, হয়রানি, হুমকি এবং খামখেয়ালিমূলক ঘোষণা সত্ত্বেও নৌযান চলাচলের স্বাধীনতা নিশ্চিত করতে মার্কিন বাহিনী মোতায়েন এবং প্রস্তুত রয়েছে," রোববার এক বিবৃতিতে বলেছে সেন্টকম। এর আগে, এক বিবৃতি দিয়ে হরমুজ প্রণালিতে নৌযান চলাচল বন্ধ রাখার নির্দেশ দেয় ইরান। "পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এবং এই অঞ্চলে মার্কিন হস্তক্ষেপের ইতি না টানা পর্যন্ত হরমুজ প্রণালি বন্ধ থাকবে এবং কোনো জাহাজকে এর মধ্যদিয়ে যেতে দেওয়া হবে না," বিবৃতিতে বলেছে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি)। (বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ নারগীস)

**আমরা চুক্তির কাছাকাছি ছিলাম, এমন সময় ইরান হঠাৎ জাহাজে হামলা করল : ট্রাম্প**

শান্তি প্রচেষ্টায় ব্যাঘাত ঘটানোর জন্য ইরানকে দায়ী করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি দাবি করেছেন, গত শনিবার তারা ইরানের সঙ্গে একটি চুক্তিতে পৌঁছানোর কাছাকাছি ছিলেন। এমন সময় ইরান হঠাৎ একটি জাহাজে ড্রোন হামলা চালিয়ে সেটি ভেস্তে দেয় বলে রোববার সিএনএনকে দেওয়া সাক্ষাৎকার বলেছেন ট্রাম্প। ইরানি কর্মকর্তাদেরও সমালোচনা করে তিনি আরও বলেন, "এই লোকগুলোর সমস্যা আছে।" হরমুজ প্রণালিতে চলাচলকারী জাহাজের ওপর হামলার সমুচিত জবাব ইরান পেয়েছে বলেও মন্তব্য করেন মার্কিন প্রেসিডেন্ট। "গত রাতে আমরা তাদের ওপর কঠোরভাবে হামলা চালিয়েছি," বলেন ট্রাম্প। এর আগে, যুক্তরাষ্ট্রে সামরিক বাহিনী জানিয়েছিল যে, হরমুজ প্রণালিতে চলাচলকারী একটি বাণিজ্যিক জাহাজে ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরের (আইআরজিসি) হামলার জবাবে তারা ইরানের প্রায় দেড়শ লক্ষ্যবস্তুতে হামলা চালিয়েছে। "বাণিজ্যিক জাহাজগুলোতে আগের হামলার ব্যাপারে জবাবদিহি করার পর সমঝোতা স্মারক মেনে চলার প্রমাণ দেওয়ার জন্য ইরানকে আরো একটি সুযোগ দেওয়া হয়েছিল, কিন্তু তারা আবারও ব্যর্থ হয়েছে," সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সে প্রকাশিত একটি বিবৃতিতে বলেছে সেন্টকম। যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা সচিব পিট হেগসেথ এই বিবৃতিটি শেয়ার করেছেন। তিনি লিখেছেন, "ইরান একটি ভুল সিদ্ধান্ত নিয়েছে। এখন তাদের এর মূল্য দিতে হবে।" (বিবিসি ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ নারগীস)

## রেডিও তেহরান

**বাংলাদেশের বর্তমান পররাষ্ট্রনীতি প্রসঙ্গে প্রত্বিবেদন**

বাংলাদেশের পররাষ্ট্রনীতি বর্তমান পর্যায়টি স্বাধীনতার পর অন্যতম জটিল ও গুরুত্বপূর্ণ সময় হিসেবে বিবেচিত হতে পারে। অভ্যন্তরীণ, রাজনৈতিক পরিবর্তন, আঞ্চলিক শক্তির পুনর্বিন্যাস যুক্তরাষ্ট্র -চীন প্রতিদ্বন্দ্বিতা, ভারতের নিরাপত্তা উদ্বেগ, মিয়ানমারের অস্থিতি শীলতা এবং রোহিঙ্গা সংকট - সবকিছু মিলিয়ে ঢাকা এমন এক কুটনৈতিক বাস্তবতার মুখোমুখি হয়েছে, যেখানে একদিকে জাতীয় স্বার্থ রক্ষা করতে হবে, অন্যদিকে কোনো একটি শক্তির বলয়ে আবদ্ধ না হয়ে বহুমুখী ভারসাম্যপূর্ণ পররাষ্ট্রনীতি বজায় রাখতে হবে। সাবেক মার্কিন কূটনীতিক জন এফ ড্যানি লোভিচের মূল্যায়নে এই বাস্তবতারই প্রতিফলন দেখা যায়। তিনি বাংলাদেশের ভবিষ্যৎ কূটনৈতিক অবস্থানকে এমন একটি পথ হিসেবে দেখেছেন, যেখানে প্রতিবেশী ভারতের সঙ্গে সম্পর্ক পুনর্গঠন, যুক্তরাষ্ট্রের সাথে কৌশলগত সহযোগিতা বৃদ্ধি, চীনের অর্থনৈতিক বিনিয়োগ কা জে লাগানো এবং দক্ষিণ ও দক্ষিণ -পূর্ব এশিয়ার সঙ্গে সংযোগ সম্প্রসারণ। সবগুলো লক্ষ্য একইসঙ্গে অনুসরণ করা সম্ভব। বাংলাদেশ-ভারত সম্পর্কের প্রশ্নে সবচেয়ে আলোচিত বিষয়গুলোর একটি হলো - সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান। যদি ধরে নে ওয়া হয় যে, বাংলাদেশের আদাল ত তাকে মানবতাবিরোধী অপরাধে দোষী সাব্যস্ত করেছে এবং মৃত্যুদণ্ড দিয়েছে, একইসঙ্গে বাংলাদেশ সরকার আনুষ্ঠানিকভাবে তার প্রত্য র্পণ চেয়েছে। তাহলে বিষয়টি নিঃসন্দেহে দুই দেশের সম্পর্কের উপর একটি বড়ো রাজনৈতিক এবং কূটনৈতিক চাপ সৃষ্টি করবে। তবে আন্তর্জাতিক সম্পর্কের বাস্তবতা হলো রাষ্ট্রগুলো কেবল ইস্যুর ভিত্তিতে তাদের সম্পর্ক নির্ধারণ করে না। ভৌগোলিক বাস্তবতা, অর্থনৈতিক আন্তনির্ভরতা, সীমান্ত ব্যবস্থাপনা, পানি ব ণ্টন, নিরাপত্তা সহযোগিতা, বিদ্যুৎ ও জ্বালানি বাণিজ্য এবং আঞ্চলিক স্থিতিশীলতার মতো বিষয়গুলো বাংলাদেশ ও ভারতের সম্পর্ককে অপরিহার্য করে তুলেছে। ফলে কোনো বিতর্কিত প্রত্যর্পণ ইস্যু দুই দেশের সম্পর্কে দীর্ঘস্থায়ী উত্তেজনা সৃষ্টি করতে পারে। কিন্তু সম্পর্ক সম্পূর্ণ বিচ্ছিন্ন হওয়ার সম্ভাবনা বাস্তবসম্মত নয়। ড্যানি লোভিচের বক্তব্যের গুরুত্বপূর্ণ দিক হলো - সরকার সরকার সম্পর্কের পাশাপাশি জনমতের ভূমিকাও ক্রমশ গুরুত্বপূর্ণ হয়ে উঠছে। গত কয়েক বছরে বাংলাদেশের একটি বড়ো অংশের মানুষের মধ্যে ভারত সম্পর্কে নেতিবাচক ধারণা তৈরি হয়েছে বলে বিভিন্ন পর্যবেক্ষণে উঠে এসেছে।

একইভাবে ভারতের পশ্চিমবঙ্গ ও আসামের রাজনীতিকে ঘিরে বাংলাদেশ সম্পর্কে নানা ধরনের বিভ্রান্তিকর তথ্য ও

রাজনৈতিক প্রচারণাও দুই দেশের জনগণের মধ্যে পারস্পরিক অবিশ্বাস বাড়িয়েছে। ফলে কূটনৈতিক বৈঠক বা যৌথ ঘোষণা দিয়ে সম্পর্কের সংকট কাটানো সম্ভব হবে না। জনগণের আস্থা পুনর্গঠনও সমান গুরুত্বপূর্ণ হয়ে উঠবে।

বাংলাদেশের নতুন সরকার যে ভারতের সঙ্গে সম্পর্ক পুনর্গঠনের চেষ্টা করছে, সেটিও ড্যানি লভিচেপ ইতিবাচকভাবে দেখছেন। তিনি মনে করেন, ধীরে ধীরে আস্থা পুনর্নির্মাণের কৌশলই সবচেয়ে কার্যকর হতে পারে। কারণ দীর্ঘমেয়াদি প্রতিবেশী সম্পর্ক কখনোই তাৎক্ষণিক সিদ্ধান্তের মাধ্যমে পরিচালিত হয় না। বরং ধারাবাহিক সংলাপ, সীমান্ত সহযোগিতা, অর্থনৈতিক সংযোগ এবং পারস্পারিক স্বার্থকে গুরুত্ব দিয়ে এগোলে সম্পর্কের জটিল বিষয়গুলো ধীরে ধীরে সমাধানের সুযোগ তৈরি হয়। অন্যদিকে বাংলাদেশের পররাষ্ট্রনীতির অন্যতম বড়ো পরিবর্তন হলো - বহুমুখীকরণের প্রবণতা। দীর্ঘদিন ধরে অনেক বিশ্লেষক বাংলাদেশকে ভারতের প্রভাব বলয়ের একটি রাষ্ট্র হিসেবে দেখলেও, বর্তমান বাস্তবতা ভিন্ন। ঢাকা এখন একইসঙ্গে যুক্তরাষ্ট্র, ইউরোপীয় ইউনিয়ন, চীন, জাপান, মধ্যপ্রাচ্য এবং আসিয়ানভুক্ত দেশগুলোর সাথে সম্পর্ক গভীর করার চেষ্টা করছে। ড্যানি লোভিচ মনে করেন, এটি একটি স্বাভাবিক ও বাস্তবসম্মত কৌশল। কারণ দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধি ধরে রাখতে হলে বাংলাদেশকে বহুমাত্রিক বিনিয়োগ, নতুন বাজার এবং প্রযুক্তিগত সহযোগিতা নিশ্চিত করতে হবে। এই প্রেক্ষাপটে চীন, বাংলাদেশ, মিয়ানমার অর্থনৈতিক করিডোরের সম্ভাবনা বিশেষভাবে গুরুত্ব পাচ্ছে। যদিও মিয়ানমারের চলমান অস্থিতিশীলতা এই ধরনের প্রকল্প বাস্তবায়নে প্রধান বাধা, তবুও ভবিষ্যতে দেশটির পরিস্থিতি স্থিতিশীল হলে বাংলাদেশ দক্ষিণ-পূর্ব এশিয়ার সঙ্গে স্থলভিত্তিক সংযোগের সুযোগ পেতে পারে। চীনের জন্য এটি বেল্ট অ্যান্ড রোড ইনিয়েশিটিভের অংশ হিসেবে গুরুত্বপূর্ণ হতে পারে। আর বাংলাদেশের জন্য একটি রপ্তানি বৈচিত্র, শিল্প বিনিয়োগ এবং নতুন বাজার প্রবেশের সুযোগ সৃষ্টি করতে পারে। তবে এর সঙ্গে একটি গুরুত্বপূর্ণ কৌশলগত প্রশ্ন জড়িত। এতে কি যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক ক্ষতিগ্রস্ত হবে। ড্যানি লোভিসের মতে, বিষয়টি অনিবার্য নয়। তিনি মনে করেন, বাংলাদেশ যদি স্বচ্ছতা, অর্থনৈতিক যৌক্তিকতা এবং কূটনৈতিক ভারসাম্য বজায় রেখে প্রকল্পগুলো পরিচালনা করে, তাহলে চীনের সঙ্গে অর্থনৈতিক সহযোগিতা ও যুক্তরাষ্ট্রের সঙ্গে নিরাপত্তা ও বাণিজ্যিক সম্পর্ক একইসঙ্গে এগিয়ে নেওয়া সম্ভব।

সাম্প্রতিক বছরগুলোতে ভিয়েতনাম, ইন্দোনেশিয়া কিংবা মালয়েশিয়াও একই ধরনের ভারসাম্যপূর্ণ কৌশল অনুসরণ করেছে। বাংলাদেশেও সেই পথ অনুসরণ করতে পারে। রোহিঙ্গা সংকট এবং রাখাইন করিডোর নিয়ে ড্যানিলাভিচের মূল্যায়নও উল্লেখযোগ্য। বাংলাদেশে আশ্রয় নেওয়া বিপুলসংখ্যক রোহিঙ্গা শরণার্থীর উপস্থিতি অর্থনৈতিক, সামাজিক ও নিরাপত্তাগত চাপ সৃষ্টি করছে। আন্তর্জাতিক সহায়তা কমে আসায় পরিস্থিতি আরো জটিল হয়েছে। এমন অবস্থায় মিয়ানমারের সঙ্গে যোগাযোগ বৃদ্ধি, রাখাইন অঞ্চলে মানবিক সহায়তা পৌঁছে দেওয়া এবং প্রত্যাবাসনের জন্য অনুকূল পরিবেশ তৈরীর উদ্যোগকে তিনি বাস্তবসম্মত হিসেবে দেখছেন। তার মতে, অনেক সমালোচনা প্রকল্পটির প্রকৃত উদ্দেশ্য না বুঝেই করা হয়েছে। তবে একইসঙ্গে এটাও সত্য যে, যে-কোনো মানবিক উদ্যোগকে নিরাপত্তা, সার্বভৌমত্ব এবং আন্তর্জাতিক আইনের আলোকে মূল্যায়ন করতে হবে। কারণ মানবিক সহযোগিতা এবং ভূ-রাজনৈতিক প্রতিযোগিতা অনেক সময় একই পরিসরে এসে মিলিত হয়। বাংলাদেশের সম্ভাব্য আসিয়ান সংযোগ নিয়েও ড্যানিলোভিচ আশাবাদী। দক্ষিণ এশিয়ার আঞ্চলিক সহযোগিতা সংস্থা আসিয়ান সার্ক দীর্ঘদিন ধরেই ভারত পাকিস্তান বৈরীতার কারণে কার্যকর ভূমিকা পালন করতে পারছে না। ফলে বাংলাদেশের সামনে বিকল্প আঞ্চলিক প্ল্যাটফর্ম খোঁজার প্রয়োজনীয়তা তৈরি হয়েছে। আসিয়ানের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক বা ভবিষ্যতে কোনো ধরনের প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা বাংলাদেশের জন্য নতুন অর্থনৈতিক সুযোগ সৃষ্টি করতে পারে। একইসঙ্গে ডি-৮-এর মতো প্ল্যাটফর্মেও সক্রিয় অংশগ্রহণ দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা জোরদার করতে সহায়ক হতে পারে। এ ধরনের বহুপাক্ষিক কূটনীতি বাংলাদেশের পররাষ্ট্রনীতিকে আরও বৈচিত্র্যময় ও কার্যকর করে তুলতে পারে।

যুক্তরাষ্ট্রের দৃষ্টিকোণ থেকেও বাংলাদেশের গুরুত্ব বেড়েছে বলে ড্যানিলোভিচ মনে করেন। ২০২৪ সালের রাজনৈতিক পরিবর্তনের পর ওয়াশিংটনে বাংলাদেশ নিয়ে নতুন করে আগ্রহ সৃষ্টি হয়েছে। বঙ্গোপসাগরের কৌশলগত অবস্থান, ইন্দো-প্যাসিফিক অঞ্চলের পরিবর্তিত বাস্তবতা, বৈশ্বিক সরবরাহ শৃংখল পুনর্বিন্যাস এবং দক্ষিণ এশিয়ার নিরাপত্তা - সবকিছু মিলিয়ে যুক্তরাষ্ট্র বাংলাদেশের সঙ্গে অর্থনৈতিক ও নিরাপত্তা সহযোগিতা বাড়াতে আগ্রহী। বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনার মাধ্যমে সেই আগ্রহের ইতিবাচক প্রতিক্রিয়া দেখিয়েছে। বিশেষ করে তৈরি পোশাক শিল্পের বাইরে রপ্তানি বৈচিত্র, ডিজিটাল অর্থনীতি, নবায়নযোগ্য জ্বালানি, সেমিকন্ডাকটর সরবরাহ শৃংখল এবং সামুদ্রিক নিরাপত্তার মতো ক্ষেত্রগুলোতে দুই দেশের সহযোগিতা আরো বিস্তৃত হতে পারে। একইসঙ্গে যুক্তরাষ্ট্রের বসবাসরত বৃহৎ বাংলাদেশি প্রবাসী জনগোষ্ঠী ও দুই দেশের সম্পর্ককে আরো গভীর করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। সবমিলিয়ে ড্যানিলোভিচ-এর মূল্যায়ন একটি গুরুত্বপূর্ণ বার্তা দেয়। বাংলাদেশের সামনে এখন একমুখী নয় বরং বহুমাত্রিক কূটনৈতিক সুযোগ রয়েছে। তবে এই সুযোগ কাজে লাগাতে হলে ঢাকাকে অত্যন্ত সতর্কতার সঙ্গে ভারসাম্য রক্ষা করতে হবে। একদিকে ভারতের সঙ্গে বাস্তববাদী প্রতিবেশী সম্পর্ক বজায় রাখতে হবে, অন্যদিকে যুক্তরাষ্ট্রের সঙ্গে কৌশলগত অংশীদারিত্ব শক্তিশালী করতে হবে। একইসঙ্গে চীনের অর্থনৈতিক বিনিয়োগ

গ্রহণ করতে হবে কিন্তু এমনভাবে , যাতে ঋণনির্ভরতা বা অতিরিক্ত কৌশলগত নির্ভরতার ঝুঁকি তৈরি না হয়। আবার মিয়ানমার ইস্যুতে মানবিক দায়িত্ব ও জাতীয় নিরাপত্তার মধ্যে সঠিক সমন্বয় বজায় রাখতে হবে। বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূল শক্তি হতে পারে তার ভৌগোলিক অবস্থান। অর্থনৈতিক সম্ভাবনা এবং বহুপাক্ষিক কূটনীতিতে সক্রিয় অংশগ্রহণ। যদি ঢাকা জাতীয় স্বার্থকে সর্বোচ্চ অগ্রাধি কার দিয়ে কোনো একক শক্তির প্রতি অতিরিক্ত ঝুঁকে না পড়ে , তাহলে ভারত, যুক্তরাষ্ট্র, চীন, ইউরোপ, আসিয়ান এবং মধ্যপ্রাচ্যের সঙ্গে সমান্তরালভাবে শক্তিশালী সম্পর্ক গড়ে তোলা সম্ভব। বর্তমান আন্তর্জাতিক ব্যবস্থায় ছোটো ও মাঝারি শক্তির রাষ্ট্রগুলোর জন্য এটিই সবচেয়ে কার্যকর কৌশল হিসেবে বিবেচিত হচ্ছে। বাংলাদেশের ক্ষেত্রে ও ভবিষ্যতের সাফল্য নির্ভর করবে কতটা দক্ষতার সঙ্গে এই ভারসাম্যপূর্ণ বাস্তববাদী এবং বহুমুখী পররাষ্ট্রনীতি বাস্তবায়ন করা যায় তার উপর।

(রেডিও তেহরানঃ ২০৩০ ঘ, ১২.০৭.২০২৬ এলিনা, রুবাইয়া)

## মার্কিন বিমানবাহী রণতরির জ্বালানি ও সরবরাহকেন্দ্রে আইআরজিসির হামলা

ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী আইআরজিসির জনসংযোগ বিভাগ রোববার ভোরবেলা শিশুহত্যাকারী মার্কিন সেনাবাহিনীর আগ্রাসনের তৃতীয় দফা প্রত্যুত্তরের খবর দিতে গিয়ে ঘোষণা দিয়েছে যে, আইআরজিসির বিমানবাহিনীর যোদ্ধারা ওমানের দুকম বন্দরে মার্কিন যুদ্ধজাহাজগুলোর লজিস্টিক সাপোর্ট সেন্টার ও জ্বালানি সরবরাহ প্ল্যাটফর্মগুলো একটি ভারী ও আকস্মিক হামলায় সম্পূর্ণরূপে ধ্বংস করে দিয়েছে। একইসঙ্গে, আইআরজিসির জনসংযোগ বিভাগ আরেকটি বার্তায় জানিয়েছে, ইসলামি প্রজাতন্ত্র ইরানের সশস্ত্র বাহিনীর উপকূলীয় ঘাঁটিগুলোর ওপর মার্কিন সেনাবাহিনীর আগ্রাসন অব্যাহত থাকার প্রতিক্রিয়ায়, হরমুজ প্রণালিতে দ্বিতীয় দখলদার জাহাজটি আঘাত হানার ও নিষ্ক্রিয় করার পাশাপাশি, কাতারের আল-উদিদ কৌশলগত মার্কিন বিমান ঘাঁটিটি প্রত্যুত্তরের দ্বিতীয় পর্যায়ে ব্যালিস্টিক মিসাইলের মাধ্যমে লক্ষ্যবস্তু করা হয়েছে এবং এ ঘাঁটির যুদ্ধবিমান রক্ষণাবেক্ষণ ও মেরামত কেন্দ্র এবং কমান্ড সেন্টার সম্পূর্ণরূপে ধ্বংস করা হয়েছে।

এই প্রসঙ্গে, ইরানের বিপ্লবী গার্ড বাহিনীর জনসংযোগ বিভাগ আরও ঘোষণা করেছে, অপরাধী মার্কিন শাসন ওমানের রাজকীয় সরকারের ওপর নিজের ইচ্ছা চাপিয়ে দিয়ে শনিবার রাতে আবারও পুরোনো কৌশল প্রয়োগের চেষ্টা করে এবং হরমুজ প্রণালির দক্ষিণে অবৈধ পথে কয়েকটি জাহাজ উসকে দিয়ে অস্থিতিশীলতা সৃষ্টির প্রচেষ্টা চালায়, যা নৌবাহিনীর কঠোর প্রত্যুত্তরের মাধ্যমে ব্যর্থ হয়। এই বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, আইআরজিসির বীর বিমানবাহিনীর যোদ্ধারা মার্কিন সামরিক ঘাঁটিগুলোকে লক্ষ্যবস্তু করেছে। এই প্রত্যুত্তরের প্রথম পর্যায়ে তারা জর্ডানের প্রিন্স হাসান বিমানঘাঁটিতে গুরুত্বপূর্ণ সামরিক স্থাপনা ও অবকাঠামো লক্ষ্যবস্তু করে এবং কয়েকটি ব্যালিস্টিক মিসাইলের মাধ্যমে এই ঘাঁটির কমান্ড অ্যান্ড কন্ট্রোল সেন্টার ও MQ-9 ড্রোনগুলোর হ্যাঙ্গার ধ্বংস করে দেয়। প্রতিশ্রুতি ভঙ্গকারী মার্কিন আগ্রাসন অব্যাহত থাকলে আরও কঠোর প্রত্যুত্তর দেওয়া হবে। ইসলামি প্রজাতন্ত্র ইরানের সেনাবাহিনীর জনসংযোগ বিভাগও ঘোষণা করেছে, অপরাধী মার্কিন বাহিনীর ইরানের দক্ষিণাঞ্চলে আগ্রাসন অব্যাহত থাকার প্রতিক্রিয়ায়, ইসলামি প্রজাতন্ত্র ইরানের সেনাবাহিনী রোববার ভোরবেলা তাদের ধ্বংসাত্মক ড্রোন দিয়ে কুয়েতে মার্কিন সন্ত্রাসী সেনাবাহিনীর প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্র ব্যবস্থা, গোলাবারুদ গুদাম ও রাডার সাইট লক্ষ্যবস্তু করেছে। এছাড়াও, ইসলামি প্রজাতন্ত্র ইরানের সেনাবাহিনীর ড্রোন হামলার আরেকটি ঢেউতে বাহরাইনে মার্কিন সেনাবাহিনীর যোগাযোগ ব্যবস্থা ও রাডার সাইটও লক্ষ্যবস্তু করা হয়েছে। ইসলামি প্রজাতন্ত্র ইরানের সেনাবাহিনী সতর্ক করে বলেছে, এই ধরনের কর্মকাণ্ড ও অঞ্চলে অস্থিতিশীলতা সৃষ্টির পরিণতি মার্কিন-ইহুদিবাদী শত্রুকেই বহন করতে হবে এবং এ ধরনের হামলা পুনরাবৃত্তি হলে আমরা আরও কঠোর পাল্টা আঘাত হানব।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ নারগীস)

## একতরফা চুক্তি আর নয় : প্রধান আলোচক কলিবফের কঠোর বার্তা

ইরানের প্রধান আলোচক মার্কিনিদের উদ্দেশ্যে বলেছেন, একতরফা চুক্তির যুগ শেষ হয়েছে; তোমরা হয় নিজেদের প্রতিশ্রুতি পালন করো, আর না হলে তার মূল্য পরিশোধ করো। পার্সটুডের প্রতিবেদন অনুযায়ী, ইরনা নিউজ এজেন্সি সূত্রে জানা গেছে, ইরানের প্রধান আলোচক মোহাম্মদ বাকের কলিবফ রোববার তার এক্স (টুইটার) অ্যাকাউন্টে লিখেছেন, "একতরফা চুক্তির যুগ শেষ হয়ে গেছে। আমরা তোমাদের আগেই বলে দিয়েছিলাম, তোমাদের কথা ও প্রতিশ্রুতি পালন করো, অন্যথায় তার মূল্য দিতে হবে। এখন বাস্তবতার মুখোমুখি হওয়ার সময় এসেছে।„ এর পাশাপাশি, ইরানের প্রধান আলোচক তার টুইটের সংযুক্তিতে ১৪-দফা সমঝোতা স্মারকের পঞ্চম ধারার একটি অংশ প্রকাশ করেছেন, যেখানে "ইরানি নির্ধারিত ব্যবস্থা„ মেনে হরমুজ প্রণালি পুনরায় খোলার ওপর জোর দেওয়া হয়েছে।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ১২.০৭.২০২৬ নারগীস)

## এনএইচকে

### পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত হরমুজ প্রণালি বন্ধ থাকবে: ইরান

ইরানের ইসলামি বিপ্লবী রক্ষী বাহিনী, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এবং এই অঞ্চলে মার্কিন হস্তক্ষেপ বন্ধ না হওয়া পর্যন্ত হরমুজ প্রণালি বন্ধ থাকবে বলে জানিয়েছে। আজ রবিবার, আইআরজিসি স্থানীয় গণমাধ্যমে একটি বিবৃতি প্রকাশ করে। বাহিনীটির ভাষ্যানুযায়ী , তাদের ভাষায় বিদেশি প্ররোচনায় বেশ কয়েকটি জাহাজ একটি অননুমোদিত পথ দিয়ে যাওয়ার চেষ্টা করে। তারা আরও জানায় , তাদের সতর্কবার্তা সত্ত্বেও একটি জাহাজ গতিপথ পরিবর্তন না করায় তারা সতর্কতামূলক গোলাবর্ষণ করে। ইরানের ফার্স নিউজ এজেন্সি জানিয়েছে , জাহাজটিতে আইআরজিসি একটি ক্রুজ ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করে। আইআরজিসির ভাষ্যমতে, কোনো জাহাজকে হরমুজ প্রণালি দিয়ে যাতায়াতের অনুমতি দেওয়া হবে না। তারা আরও জানায় যে , যদি "শত্রু" এই ঘটনার অজুহাতে নতুন কোনো আগ্রাসন চালায় , তাহলে তারা কঠোর জবাব দেবে এবং এই অঞ্চলে অবস্থিত শত্রু ঘাঁটিগুলোকে লক্ষ্যবস্তু করবে।

(এনএইচকে ওয়েব পেজ: ১২.০৭.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### ইরান-যুক্তরাষ্ট্রের পাল্টাপাল্টি হামলা, আবার বন্ধ হরমুজ

ইরানি নৌবাহিনী জানিয়েছে যে, 'অননুমোদিত পথ' দিয়ে চলা জাহাজে গুলি চালানোর পর তারা হরমুজ প্রণালি বন্ধ করে দিয়েছে। এর জবাবে যুক্তরাষ্ট্র ইরানের ওপর তৃতীয় দফায় হামলা চালিয়েছে। মার্কিন সামরিক বাহিনীর সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) জানিয়েছে, হরমুজ প্রণালিতে আরেকটি বাণিজ্যিক জাহাজে হামলার জন্য "ইরানি বাহিনীকে জবাবদিহিতার আওতায় আনার লক্ষ্যে" এই হামলা চালানো হয়েছে। সেন্টকমের বিবৃতিতে বলা হয়েছে, এটি ছিল এই সপ্তাহে মার্কিন সামরিক বাহিনীর চালানো তৃতীয় দফার হামলা। মার্কিন বাহিনী ইরানের প্রায় ১৪০টি সামরিক লক্ষ্যবস্তুতে আঘাত হেনেছে, এর মধ্যে রয়েছে ক্ষেপণাস্ত্র ও ড্রোন ঘাঁটি, গোলাবারুদ মজুতাগার এবং উপকূলীয় নজরদারি কেন্দ্র। অন্যদিকে, ইরানের রেভোলিউশনারি গার্ড শনিবার জানিয়েছে, তারা ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও ড্রোন ব্যবহার করে জর্ডান, কুয়েত, বাহরাইন ও কাতারে অবস্থিত মার্কিন ঘাঁটি এবং রাডার কেন্দ্রগুলোতে হামলা চালিয়েছে। কুয়েতে একটি মার্কিন সামরিক রাডার কেন্দ্র, কাতারের আল-উদেইদ বিমানঘাঁটি, ওমানের দুকম বন্দরে মার্কিন বিমানবাহী রণতরীর জন্য ব্যবহৃত লজিস্টিক সহায়তা কেন্দ্র এবং জ্বালানি উত্তোলনের প্ল্যাটফর্ম ধ্বংস করার দাবি করেছে ইরানের সামরিক বাহিনী। ইরানের পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাগের গালিবাফ জুনে স্বাক্ষরিত চুক্তির শর্ত লঙ্ঘনের দায়ে অভিযুক্ত করেছেন যুক্তরাষ্ট্রকে। রোববার সামাজিক যোগাযোগ মাধ্যম 'এক্স'-এ দেওয়া এক পোস্টে গালিবাফ বলেন, "একপাক্ষিক চুক্তির দিন শেষ। আমরা আপনাদের বলেছিলাম, কথা রাখুন, নয়ত এর মাশুল গুনতে হবে। বাস্তবতা এখন কড়া নাড়ছে।" পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে জানানো হয়েছে, ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির সঙ্গে টেলিফোনে কথা বলেছেন পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার। ইরান-সংশ্লিষ্ট সংঘাতে জড়িত পক্ষগুলোকে "সংযম প্রদর্শনের" আহ্বান জানিয়েছেন তিনি। পাকিস্তান, ইরান ও যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদলের মধ্যে আলোচনায় মধ্যস্থতা করে আসছে এবং জুনে দুইপক্ষের মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষরেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০৭.২০২৬ রনি)

### হরমুজে ১১ ভারতীয়কে বহনকারী জাহাজে হামলা, ভারতের নিন্দা

ওমান উপকূলের কাছে হরমুজ প্রণালিতে একটি বাণিজ্যিক জাহাজে হামলার ঘটনায় ভারত নিন্দা জানিয়েছে। জাহাজটিতে থাকা ১০ জন ভারতীয় নাগরিককে উদ্ধার করা হয়েছে, তবে একজন নিখোঁজ রয়েছেন বলে জানিয়েছে ভারত। এর আগে, ইরান জানিয়েছিল যে, তারা সতর্কতামূলক গুলি চালিয়েছিল, যা অননুমোদিত পথে চলাচলকারী একটি জাহাজে গিয়ে লাগে। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে আরও বলেছে, "এই অঞ্চলে বাণিজ্যিক জাহাজের ওপর ধারাবাহিক হামলার ঘটনা অত্যন্ত উদ্বেগজনক। আমরা উত্তেজনা প্রশমন এবং কূটনৈতিক সমাধানের লক্ষ্যে চলমান আলোচনা এগিয়ে নেওয়ার আহ্বান পুনর্ব্যক্ত করছি, যাতে এই অঞ্চলে শান্তি ও স্থিতিশীলতা ফিরে আসে।" ওমানে অবস্থিত ভারতীয় দূতাবাস পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং চলমান উদ্ধারকাজে ওমানের সরকারের সঙ্গে সক্রিয়ভাবে সমন্বয় করছে বলেও জানিয়েছে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০৭.২০২৬ রনি)

### শিখ নেতা হত্যাকাণ্ডে ভারতের গ্যাংস্টার বিষ্ণোইয়ের প্রত্যর্পণ চায় যুক্তরাষ্ট্র

ক্যানাডায় শিখ বিচ্ছিন্নতাবাদী নেতা হরদীপ সিং নিজ্জরকে ২০২৩ সালে হত্যার ষড়যন্ত্রের অভিযোগে অভিযুক্ত করা হয়েছে ভারতীয় গ্যাংস্টার লরেন্স বিষ্ণোইকে। এর কয়েক দিনের পরই যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ নিশ্চিত করলো যে, তারা বিষ্ণোইকে প্রত্যর্পণের আবেদন করবে। ২০২৩ সালে হওয়া এই চাঞ্চল্যকর হত্যাকাণ্ডটি সে সময় কানাডা ও ভারতের মধ্যে কূটনৈতিক সম্পর্কেও টানাপড়েন সৃষ্টি করেছিল। লরেন্স বিষ্ণোই ভারতে কারাবন্দি অবস্থাতেই নিজ্জরকে

হত্যার নির্দেশ দিয়েছেন, এমন অভিযোগ রয়েছে। কানাডা বিষ্ণোই গ্যাংকে সন্ত্রাসী গোষ্ঠী হিসেবে তালিকাভুক্ত করেছে। গত সপ্তাহে যুক্তরাষ্ট্র, ক্যানাডা ও ইউরোপের সমন্বয়ে পরিচালিত আন্তর্জাতিক অভিযান 'অপারেশন হার্ডবল'-এর অংশ হিসেবে মার্কিন বিচার বিভাগ ৩৭ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করেছে। এই অভিযানে ভারতের তিনটি অপরাধী চক্রের সঙ্গে জড়িত ২৪ জনকে গ্রেফতার করা হয়েছে। ভারতীয় সংবাদপত্র 'দ্য ইন্ডিয়ান এক্সপ্রেস'-এর প্রতিবেদন অনুযায়ী, যুক্তরাষ্ট্রের অভিযোগপত্রে বিষ্ণোই ও তার সহযোগী গোল্ডি ব্রার ছাড়াও আরও আছে আসামের কারাগারে বন্দি জাগ্গু ভগবানপুরিয়া এবং কানাডা-ভিত্তিক রবীন্দ্র সিং ধান্দা। নিজ্জরকে হত্যার নির্দেশ দেওয়ার অভিযোগে বিষ্ণোই ও ব্রারকে অভিযুক্ত করা হয়েছে। ব্রারকে গ্রেফতারে তথ্য দেওয়ার জন্য এফবিআই ৫০ হাজার ডলার পুরস্কার ঘোষণা করেছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০৭.২০২৬ রনি)

## জাগো নিউজ

### আমিনবাজার-মাতুয়াইলে বর্জ্য থেকে বিদ্যুৎ, নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের নির্দেশ প্রধানমন্ত্রীর

ঢাকার দুই সিটি করপোরেশনের বর্জ্যকে সম্পদে রূপান্তরের লক্ষ্যে আমিনবাজার ও মাতুয়াইলে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একইসঙ্গে প্রকল্প দুটিতে পরিবেশবান্ধব প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার উপরও জোর দেন তিনি। রোববার (১২ জুলাই) সকাল সাড়ে ৯টায় বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে এ -সংক্রান্ত এক বৈঠক অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি শাহাদাত স্বাধীন এ তথ্য জানান। বৈঠকে জানানো হয়, চীনের সিএমইসি গ্রুপ আমিনবাজারে একটি ওয়েস্ট-টু-এনার্জি বিদ্যুৎকেন্দ্র নির্মাণে বিনিয়োগ করবে। প্রকল্পটি প্রতিদিন ঢাকা শহরের প্রায় ৩ হাজার টন বর্জ্য ব্যবহার করে ৪২ দশমিক ৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করবে। ২০২৮ সালের আগস্টের মধ্যে জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ শুরু হবে বলে আশা করা হচ্ছে। এ প্রকল্পের মাধ্যমে আগামী ২৫ বছর বিদ্যুৎ উৎপাদন সম্ভব হবে। অন্যদিকে, দক্ষিণ কোরিয়ার বি অ্যান্ড এফ কোম্পানি ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মাতুয়াইলে একটি বর্জ্য ব্যবস্থাপনা ও বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়ন করবে। এ প্রকল্পের মাধ্যমে বছরে প্রায় ১৫ হাজার টন মিথেন গ্যাস উৎপন্ন হবে। সেখান থেকে বছরে প্রায় ৮১ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের সমপরিমাণ সক্ষমতা অর্জনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে, যা দৈনিক প্রায় ২২১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের সমতুল্য বলে বৈঠকে জানানো হয়। এছাড়া প্রকল্পটি থেকে সৌরবিদ্যুৎ, সার, পশুখাদ্য এবং পরিবেশবান্ধব ইট উৎপাদন করা হবে। এতে প্রতিদিন প্রায় ৩ হাজার থেকে ৩ হাজার ৫০০ টন বর্জ্য ব্যবহৃত হবে। প্রকল্পটি বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়নের পাশাপাশি জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলা এবং বৈশ্বিক উষ্ণায়ন হ্রাসেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে। প্রকল্প দুটি এগিয়ে নিতে স্থানীয় সরকার, বিদ্যুৎ ও পরিবেশ মন্ত্রণালয়ের সমন্বয়ে একটি আন্তঃমন্ত্রণালয় বৈঠক আয়োজনের নির্দেশ দেন প্রধানমন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

### ব্যারিস্টার জমির উদ্দিন সরকারের মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

সাবেক ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি, জাতীয় সংসদের সাবেক স্পিকার ও বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার জমির উদ্দিন সরকারের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (১২ জুলাই) দুপুরে প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি সুজাউদ্দৌলা সুজন মাহমুদ গণমাধ্যমে পাঠানো এক শোকবার্তায় এ তথ্য জানান। শোকবার্তায় প্রধানমন্ত্রী বলেন, ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বাংলাদেশের রাজনীতির এক প্রজ্ঞাবান, অভিজ্ঞ, সৎ ও নিবেদিত প্রাণ ব্যক্তিত্ব ছিলেন। সুদীর্ঘ বর্ণাঢ্য রাজনৈতিক জীবনে তিনি সততা, প্রজ্ঞা ও দায়িত্ববোধের সঙ্গে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি ও জাতীয় সংসদের স্পিকার হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া বিভিন্ন সময়ে তিনি শিক্ষামন্ত্রী, ভূমি প্রতিমন্ত্রী, পররাষ্ট্র প্রতিমন্ত্রী এবং গণপূর্ত ও নগর উন্নয়ন প্রতিমন্ত্রীসহ রাষ্ট্রের বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

### বৃষ্টিতে ডুবল সচিবালয়ও, পানি মাড়িয়ে অফিস করছেন কর্মকর্তা-কর্মচারীরা

রাজধানীতে টানা ভারী বৃষ্টিতে দেশের প্রশাসনের প্রাণকেন্দ্র বাংলাদেশ সচিবালয়ের ভেতরেও জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। প্রধান প্রবেশপথ থেকে শুরু করে একাধিক ভবনের সামনের চত্বর, অভ্যন্তরীণ সড়ক ও গণমাধ্যম কেন্দ্রে যাওয়ার পথ পানিতে তলিয়ে যাওয়ায় কর্মকর্তা-কর্মচারীদের চরম দুর্ভোগে পড়তে হয়েছে। রোববার (১২ জুলাই) সকালের পর থেকে বৃষ্টির তীব্রতা বাড়তেই সচিবালয়ের বিভিন্ন এলাকায় পানি জমে যায়। প্রধান (১ নম্বর) প্রবেশ গেট দিয়ে ঢুকেই জমে থাকা পানির মুখোমুখি হতে হচ্ছে কর্মকর্তা-কর্মচারী ও দর্শনার্থীদের। সচিবালয়ের ৬ নম্বর ভবনের চারপাশ, ৭ নম্বর ভবনের সামনে ও পেছনের অংশ, ক্লিনিক ভবনের পূর্ব ও উত্তর পাশের চত্বর পানির নিচে তলিয়ে যায়। এছাড়া ৩ ও ৪ নম্বর ভবনের মাঝখানের সড়ক সম্পূর্ণ পানিতে নিমজ্জিত হওয়ায় চলাচল ব্যাহত হয়। ৩ নম্বর ভবনের মাঝখানে থাকা বাগানও পানির নিচে চলে গেছে। গণমাধ্যমকর্মীদের জন্য নির্ধারিত মিডিয়া সেন্টারে যাওয়ার পথেও পানি জমে থাকায় সেখানে পৌঁছাতে ভোগান্তি পোহাতে হয়েছে। সচিবালয়ের বিভিন্ন স্থানে কর্মকর্তা-কর্মচারীদের প্যান্ট গুটিয়ে,

জুতা হাতে নিয়ে পানি মাড়িয়ে চলাচল করতে দেখা গেছে। জলাবদ্ধতার কারণে সচিবালয়ের অভ্যন্তরে এক ভবন থেকে আরেক ভবনে যাতায়াতে চরম দুর্ভোগে পড়েছেন কর্মকর্তা -কর্মচারীরা। অনেককে বিকল্প পথ ব্যবহার করেও গন্তব্যে পৌঁছাতে হয়েছে।(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## প্রাথমিকে ১৪ হাজার শিক্ষকের যোগদান কবে জানালেন শিক্ষামন্ত্রী

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগে ১৪ হাজার ৩৮৪ জন প্রার্থী চূড়ান্ত সুপারিশ পেয়েও পাঁচমাস ধরে ঝুলে আছেন। বিষয়টি নিয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তাদের যোগদান নিয়ে কথা বলেছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, "এটা নিয়ে কাজ চলছে। আমরা তাদের আগে দুইমাসের ট্রেনিং দেবো, এরপর স্কুলে পাঠাবো, বিষয়টি প্রক্রিয়াধীন। খুব শিগ্‌গির তাদের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত হবে। রোববার (১২ জুলাই) দুপুর ১২টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের কনফারেন্স রুমে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। এসময় উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ, প্রধানমন্ত্রীর উপদেষ্টা ড. মাহদী আমিন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শাহীনা ফেরদৌসী প্রমুখ। গত ৯ জানুয়ারি দেশের ৬১ জেলায় (পার্বত্য তিন জেলা ছাড়া) একযোগে সহকারী শিক্ষক নিয়োগে লিখিত পরীক্ষা (এমসিকিউ টাইপ) অনুষ্ঠিত হয়। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ৬৯ হাজার ২৬৫ জন মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত হন। মৌখিক পরীক্ষা নিয়ে ৮ ফেব্রুয়ারি চূড়ান্ত ফল প্রকাশ করা হয়। এতে ১৪ হাজার ৩৮৪ জন প্রার্থীকে নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচন করা হয়। তাতে জেলাভিত্তিক উত্তীর্ণ প্রার্থীদের তালিকাও প্রকাশ করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## পেট্রাপোল স্থলবন্দরে দালালদের দৌরাত্ম্য, প্রতারণার শিকার বাংলাদেশিরা

দীর্ঘ প্রায় দুই বছর পর বাংলাদেশি নাগরিকদের জন্য ভারতের পর্যটন ভিসা আবার চালু হয়েছে। চিকিৎসা, ভ্রমণসহ বিভিন্ন প্রয়োজনে নতুন করে ভারতে আসতে শুরু করেছেন বাংলাদেশের নাগরিকরা। কিন্তু ভারতের বনগাঁর পেট্রাপোল স্থলবন্দরে এসে অনেকেই দালালদের হয়রানি ও প্রতারণার শিকার হচ্ছেন বলে অভিযোগ উঠেছে। ২০২৪ সালের ৫ আগস্ট বাংলাদেশে রাজনৈতিক পটপরিবর্তনের পর ভারত -বাংলাদেশ সম্পর্কের মধ্যে কিছুটা টানাপড়েন তৈরি হয়। এর প্রভাব পড়ে দুই দেশের যোগাযোগ ও ভিসা ব্যবস্থাতেও। পরে পরিস্থিতির পরিবর্তনে র সঙ্গে সঙ্গে আবার বাংলাদেশি নাগরিকদের জন্য ভারতের পর্যটন ভিসা চালু করা হয়। তবে ভিসা চালু হলেও পেট্রাপোল স্থলবন্দরে দালাল চক্রের দৌরাত্ম্য নিয়ে নতুন করে অভিযোগ সামনে এসেছে। ঢাকার বাসিন্দা ফারজানা শিরিন তার স্বামীর সঙ্গে চিকিৎসার জন্য ভারতের হায়দরাবাদ যাচ্ছিলেন। জটিল রোগের চিকিৎসার উদ্দেশ্যে তারা বনগাঁর পেট্রাপোল স্থলবন্দর দিয়ে ভারতে প্রবেশ করেন। ইমিগ্রেশন প্রক্রিয়া শেষ করে বাইরে বের হওয়ার পরই কয়েকজন ব্যক্তি তাদের ঘিরে ধরেন বলে অভিযোগ। ফারজানা শিরিন জানান, প্রথমে ওই ব্যক্তিরা কলকাতায় যাওয়ার জন্য গাড়ির ব্যবস্থা, কম খরচে ভালো হোটেল এবং চিকিৎসার জন্য হাসপাতালের ব্যবস্থা করে দেওয়ার কথা বলেন। এছাড়াও সঙ্গে থাকা বাংলাদেশি টাকা বা মার্কিন ডলার বেশি দামে ভারতীয় মুদ্রায় বদলে দেওয়ার প্রস্তাব দেওয়া হয়। ফারজানার অভিযোগ, তারা এসব প্রস্তাবে রাজি না হলে দালালরা তাদের সঙ্গে খা রাপ আচরণ শুরু করে। পরে তারা নিজেরাই গাড়ি বুক করে কলকাতায় যান এবং সেখান থেকে চিকিৎসার জন্য হায়দরাবাদে চলে যান। ফারজানা শিরিন জানান, পেট্রাপোল ইমিগ্রেশন গেটের বাইরে বের হওয়ার পরই কয়েকজন ব্যক্তি তাদের নানা ধরনের প্রলোভন দেখাতে থাকেন। তিনি বলেন, সঙ্গে ডলার থাকলে তা দিয়ে বেশি ভারতীয় মুদ্রা করে দেওয়ার কথা বলা হয়। কিন্তু তারা রাজি না হওয়ায় পরিস্থিতি অস্বস্তিকর হয়ে ওঠে। তিনি আরও জানান, দালালদের কথায় না গিয়ে তারা নিজেরাই প্রয়োজনীয় ব্যবস্থা করে কলকাতায় পৌঁছান। পেট্রাপোলের একটি মুদ্রা বিনিময় কেন্দ্রের কর্ণধার সঞ্জয় রা য় চৌধুরীও দালালদের সক্রিয়তার কথা স্বীকার করেছেন। তিনি বলেন, পর্যটন ভিসা চালুর পর বাংলাদেশি যাত্রীর সংখ্যা বাড়লে বিষয়টি আরও স্পষ্ট হবে। বাংলাদেশি যাত্রীরা অনেক সময় দালালদের মাধ্যমে প্রতারণার শিকার হন জানিয়ে তিনি বলেন, দালালরা এক ধরনের দাম বলে টাকা নেয়, পরে কম টাকা দেয়। সঞ্জয় রায় চৌধুরীর দাবি, এক যাত্রীর কাছ থেকে দুই লাখ টাকার বিনিময়ে ২১ হাজার টাকা কম দেওয়া হয়েছিল। পরে বিষয়টি জানাজানি হলে কিছু টাকা ফেরত দেওয়া হয়। তিনি আরও বলেন, অনেক সময় ডলার বিনিময়ের ক্ষেত্রেও যাত্রীদের ভয় দেখিয়ে প্রতারণা করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## জমির উদ্দিন সরকারের মৃত্যুতে সোমবার দেশব্যাপী শোক পালন করবে বিএনপি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও সাবেক স্পিকার ব্যারিস্টার জমির উদ্দিন সরকারের মৃত্যুতে আগামীকাল (সোমবার) ঢাকা মহানগরীসহ সারাদেশে একদিনের শোক পালনের কর্মসূচি ঘোষণা করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। আজ রোববার দলের নয়াপল্টনের কেন্দ্রীয় কার্যালয়ে সংবাদ সম্মেলনে এ কর্মসূচির কথা জানান বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। রিজভী বলেন, ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে অংশগ্রহণ করেছেন। মন্ত্রী হিসেবে উন্নয়ন ও উৎপাদনেও তার ভূমিকা ছিল। তিনি শিক্ষামন্ত্রী থাকাকালে প্রথম

বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন প্রণয়ন হয় এবং তার সময় থেকেই দেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু হয়। এছাড়া জগন্নাথ কলেজকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে রূপান্তর সহ উচ্চশিক্ষা ও শিক্ষা কার্যক্রম সম্প্রসারণে বেগম খালেদা জিয়ার নেতৃত্বে তিনি অব্যাহতভাবে অবদান রেখেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## দুই দফা জানাজা শেষে সংসদ চত্বরে দাফন করা হবে জমির উদ্দিন সরকারকে

জাতীয় সংসদের সাবেক স্পিকার ও সাবেক অস্থায়ী রাষ্ট্রপতি ব্যারিস্টার জমির উদ্দিন সরকারের দুই দফা জানাজার পর আজ সংসদ চত্বরে দাফন করা হবে। রোববার (১২ জুলাই) বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, ব্যারিস্টার জমির উদ্দিন সরকারের জানাজা আজ সম্পন্ন হবে। বাদ জোহর ধানমন্ডির তাকওয়া মসজিদে প্রথম জানাজা হবে। পরে বাদ আসর জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় দ্বিতীয় জানাজা হবে। দ্বিতীয় জানাজা শেষে জাতীয় সংসদ চত্বরে তার মরদেহ দাফন করা হবে। তবে বৈরী আবহাওয়ার কারণে হাইকোর্ট প্রাঙ্গণে মরদেহ নিয়ে যাওয়ার সিদ্ধান্ত এখনো চূড়ান্ত হয়নি। এর আগে, রোববার (১২ জুলাই) ভোররাতে তিনি মারা যান। অসুস্থতার কারণে রাজধানীর শ্যামলীতে বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## প্রাথমিক বৃত্তির ফলাফলে শীর্ষে ঢাকা, ফেল বেশি দিনাজপুরে

প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এতে ট্যালেন্টপুল ও সাধারণ ক্যাটাগরি মিলিয়ে মোট ৭৯ হাজার ২৪৬ জনকে নির্বাচিত করা হয়েছে। রোববার (১২ জুলাই) দুপুরে এ ফল প্রকাশ করা হয়। ফল বিশ্লেষণে দেখা যায়, জেলাভিত্তিক হিসাবে সবচেয়ে ভালো ফল করেছে ঢাকা জেলার শিক্ষার্থীরা। ঢাকায় সর্বোচ্চ ৪ হাজার ৬৮২ জন বৃত্তি পেয়েছে। তাদের মধ্যে ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে ১ হাজার ৮৯৭ জন এবং সাধারণ ক্যাটাগরিতে ২ হাজার ৭৮৫ জনকে নির্বাচিত করা হয়েছে। ৬৪ জেলার মধ্যে সবচেয়ে কম বৃত্তি পেয়েছে বান্দরবানে। জেলাটি থেকে এবার বৃত্তি পেয়েছে মাত্র ১৮৮ জন। তার মধে ১০৯ জন ট্যালেন্টপুলে এবং ৭৯ জন সাধারণ ক্যাটাগরিতে। বৃত্তি পরীক্ষায় সবচেয়ে বেশি ফেল করেছে দিনাজপুর জেলায়। জেলাটিতে মোট পরীক্ষার্থী ছিল ১৫ হাজার ৩৬৬ জন। তাদের মধ্যে ফেল করেছে ৮ হাজার ৮৯৮ জন। ফেলের অনুপাত ৫৭ দশমিক ৯১ শতাংশ।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## ঢাকায় এইচএসসি পরীক্ষা স্থগিতের দাবি নিয়ে যা বললেন শিক্ষামন্ত্রী

ভারী বৃষ্টিপাত ও বৈরী আবহাওয়ার কারণে ঢাকা শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষা পিছিয়ে দেওয়ার দাবি জানিয়েছেন কিছু শিক্ষার্থী। বিষয়টি নিয়ে কথা বলেছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, আজকে আমরা গভীর পর্যবেক্ষণে আছি এবং কিছুক্ষণের মধ্যে আবারও বসবো। কোথাও পরীক্ষা নেওয়া সম্ভব না হলে তা অবশ্যই স্থগিত করা হবে। পরিস্থিতি অনুযায়ী সিদ্ধান্ত নেওয়া হবে এবং শিক্ষার্থীদের স্বার্থই সর্বোচ্চ গুরুত্ব পাবে। শিক্ষামন্ত্রী বলেন, আমরা লেটেস্ট ওয়েদার রিপোর্ট এখনো হাতে পাইনি। এটার জন্যই অপেক্ষা করছি। কারণ ঢাকাতেও ভারী বৃষ্টিপাত হয়েছে। কিছুক্ষণ আগেও বিষয়গুলো নিয়ে উপদেষ্টা এবং সচিবের সঙ্গে আলোচনা করছিলাম। রোববার (১২ জুলাই) দুপুরে রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের কনফারেন্স রুমে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## পুরান ঢাকায় ব্যবসায়ী সোহাগ হত্যা: ২১ আসামির বিচার শুরু

পুরান ঢাকার মিটফোর্ড হাসপাতালের সামনে ভাঙারি ব্যবসায়ী লাল চাঁদ ওরফে সোহাগকে প্রকাশ্যে হত্যার মামলায় ২১ আসামির বিরুদ্ধে অভিযোগ (চার্জ) গঠনের আদেশ দিয়েছেন আদালত। এর মধ্যদিয়ে আলোচিত এ মামলার বিচার আনুষ্ঠানিকভাবে শুরু হলো। রোববার (১২ জুলাই) ঢাকার চতুর্থ অতিরিক্ত মহানগর দায়রা জজ আদালতের বিচারক এ আদেশ দেন। একইসঙ্গে আদালত মামলা র জামিনে থাকা সব আসামির জামিন বাতিল করেন। তবে তিন আসামি হাইকোর্ট থেকে জামিন নেওয়ায় তাদের জামিন বহাল রয়েছে। শুনানি শেষে বাদীপক্ষের আইনজীবী জিয়াউল হক জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, আদালত দণ্ডবিধির ৩০২, ১৪৩ ও ৩৪ ধারায় ২১ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠ নের আদেশ দিয়েছেন। এর মাধ্যমে মামলার বিচারিক কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। মামলার নথি অনুযায়ী, গত বছরের ৯ জুলাই রাজধানীর স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিটফোর্ড) হাসপাতালের সামনে প্রকাশ্যে পিটিয়ে, ইট-পাথর দিয়ে আঘাত করে ভাঙারি ব্যবসায়ী লাল চাঁদ ওরফে সো হাগকে হত্যা করা হয়। ঘটনার ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে দেশজুড়ে ব্যাপক আলোড়ন সৃষ্টি হয়। হত্যাকাণ্ডের পরদিন নিহত সোহাগের বড়ো বোন মঞ্জুয়ারা বেগম কোতোয়ালি থানায় হত্যা মামলা করেন। তদন্ত শেষে অভিযোগপত্রে ২১ জনকে অভিযুক্ত করা হয়। পরে সম্পূরক অভিযোগপত্র গ্রহণের পর মামলাটি বিচারের জন্য মহানগর দায়রা জজ আদালতে স্থানান্তর করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## নাহিদ ইসলামের 'বিতর্কিত, মন্তব্যে রাবি শিক্ষার্থীদের ক্ষোভ

চব্বিশের জুলাইয়ে ছাত্রলীগমুক্ত প্রথম ক্যাম্পাস জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় , এমন মন্ত ব্য করে সামাজিক যোগাযোগমাধ্যমে একটি পোস্ট দেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। তার এ পোস্টকে কেন্দ্র করে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক আলোচনা -সমালোচনার সৃষ্টি হয়েছে। অনেক শিক্ষার্থী পোস্টটিকে ইতিহাস বিকৃতির চেষ্টা বলে অভিযোগ করে ক্ষোভ প্রকাশ করেছেন। শনিবার (১১ জুলাই) নিজের ভেরিফাইড ফেসবুক আইডিতে নাহিদ ইসলাম ওই পোস্ট করেন। পোস্টে তিনি লেখেন , "জুলাইয়ের জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় : সারাদেশে প্রথম ছাত্রলীগমুক্ত হয় এই ক্যাম্পাস। মুখে লাল কাপড় বাঁধা কর্মসূচিও জাহাঙ্গী রনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক -শিক্ষার্থীরাই সবার আগে সফল করে। " পোস্টটি প্রকাশের পরপরই জুলাই গ ণ-অভ্যুত্থানে অংশগ্রহণকারী রাবির সাবেক সমন্বয়ক ও বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা সামাজিক যোগাযোগমাধ্যমে এ মন্তব্যের সমালোচনা করে এর বিপক্ষে মতামত দিতে শুরু করেন। রাবি র শিক্ষার্থীরা দাবি করেন, ছাত্রলীগ বিরোধী আন্দোলনে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভূমিকা গুরুত্বপূর্ণ হলেও, প্রথম ছাত্রলীগমুক্ত হয় রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। তাই এমন মন্তব্য বিভ্রান্তি তৈরি করতে পারে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন রাবির সাবেক সমন্বয়ক ফাহি ম রেজা বলেন, "নাহিদ ইসলাম কি জুলাইয়ের ইতিহাস জানে আদৌ। জুলাইয়ে ছাত্রলীগমুক্ত প্রথম ক্যাম্পাস রাজশাহী বিশ্ববিদ্যালয়। পুরো বাংলাদেশ সাক্ষী। ১৬ জুলাই তল্পিতল্পা গুছিয়ে রাবি থেকে ছাত্রলীগ পলায়ন করে পুলিশী পাহারায়। দুটি বিশ্ববিদ্যালয়ের মধ্যে গ্যাঞ্জাম লাগিয়ে জু লাইয়ের সুবিধাভোগীদের লাভ কী। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা রাতভর সন্ত্রাসীদের বিরুদ্ধে বীরত্ব দেখিয়েছে। তাদের সংগ্রাম আমাদের অনুপ্রেরণা। আমরা একে অপরের সহযোদ্ধা।„ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নাজমুল হক আশিক ফেসবুক পোস্টে লেখেন , "জুলাইয়ে বাংলাদেশের প্রথম ছাত্রলীগমুক্ত বিশ্ববিদ্যালয় হিসেবে রাজশাহী বিশ্ববিদ্যালয় ইতিহাসে স্থান করে নিয়েছে। সেদিন ছাত্রশিবির , ছাত্রদল এবং অন্যান্য ছাত্র সংগঠন সহ শিক্ষার্থীদের ঐক্যবদ্ধ প্রতিরোধের মুখে ছাত্রলীগের কুখ্যাত সন্ত্রাসী আসাদুল্লাহ গালিব বাবু সহ অন্যান্যরা পালি যে যেতে বাধ্য হয়। জুলাই গণ -অভ্যুত্থানের অন্যতম নেতা হিসেবে এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলামের প্রতি আহ্বান জানাই , জুলাইয়ের প্রকৃত ইতিহাস জাতির সামনে তুলে ধরুন। ইতিহাসের কোনো ধরনের বিকৃতি বা বিচ্যুতি কখনোই সমর্থনযোগ্য নয়। „ এ বিষয়ে এখন পর্যন্ত নাহিদ ইসলাম তার পোস্টের ব্যাখ্যায় নতুন কোনো বক্তব্য দেননি। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## বন্যাকবলিত ১১ জেলায় বিজিবি মোতায়েন, বান্দরবানে উদ্ধার ৬০০ মানুষ

টানা ভারী বর্ষণ, পাহাড়ি ঢল, বন্যা ও ভূমিধসে সৃষ্ট দুর্যোগ মোকাবিলায় দেশের ১১টি জেলায় বর্ডার গার্ড বাংলাদে শ (বিজিবি) মোতায়েন করা হয়েছে। ক্ষতিগ্রস্ত মানুষদের উদ্ধার , নিরাপদ আশ্রয়ের ব্যবস্থা, ত্রাণসামগ্রী বিতরণ, জরুরি চিকিৎসাসেবা, ক্ষতিগ্রস্ত যোগাযোগ ব্যবস্থা পুনরুদ্ধার এবং ঝুঁকিপূর্ণ অবকাঠামো সুরক্ষায় বিজিবি সার্বক্ষণিক কাজ করে যাচ্ছে। রোববার (১২ জুলাই) বিজিবির জনসংযোগ কর্মকর্তা মো . শরীফুল ইসলাম বলেন, বান্দরবান, কক্সবাজার, রাঙামাটি, খাগড়াছড়ি, চট্টগ্রাম, ফেনী, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ, নেত্রকোনা ও জামালপুর জেলায় মোট ৯০টি পয়েন্টে বন্যা পরিস্থিতি পর্যবেক্ষণ ও মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রয়োজন অনুযায়ী তাৎক্ষণিক উদ্ধার ও মানবিক সহায়তাও নিশ্চিত করা হচ্ছে। বান্দরবানের বন্যাকবলিত বিভিন্ন এলাকা থেকে এখন পর্যন্ত ১১৬ জন পর্যটকসহ ১২২টি পরিবারের ৬ শতাধিক মানুষকে উদ্ধার করে নিরাপদ আশ্রয়ে নেওয়া হয়েছে। তাদের মধ্যে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে এবং ৪৮ জনকে জরুরি চিকিৎসাসেবা দেওয়া হয়েছে। এছাড়া বান্দরবান-রোয়াংছড়ি সড়কের যোগাযোগ ব্যবস্থা পুনরুদ্ধারে উপড়ে পড়া গাছ ও ধ্বংসাবশেষ অপসারণে কার্যকর ভূমিকা পালন করছে বিজিবি। একইসঙ্গে কক্সবাজারের নাইক্ষ্যংছড়িতে ভূমিক্ষয়ের কারণে ঝুঁকিপূর্ণ হয়ে পড়া একটি স্টিলে র সেতু রক্ষায় জরুরি প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করে জনসাধারণের নিরাপদ চলাচল নিশ্চিত করার লক্ষ্যে কাজ করছে বাহিনীটি। বিজিবির জনসংযোগ কর্মকর্তা আরও জানান, দুর্যোগের এই কঠিন সময়ে সমন্বিত উদ্যোগ , দ্রুত সাড়া এবং মানবিক সহায়তাই ক্ষতিগ্রস্ত মানুষের দুর্ভোগ লাঘবে সবচেয়ে কার্যকর ভূমিকা রাখতে পারে। সীমান্ত সুরক্ষার পাশাপাশি দেশের যে -কোনো দুর্যোগ ও মানবিক সংকটে মানুষের পাশে দাঁড়ানো বিজিবির দায়িত্ব ও অঙ্গীকার। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## সড়ক থেকে পানি অপসারণে কাজ করছে ডিএসসিসির টিম

রাজধানী ঢাকায় ভারী বর্ষণে সৃষ্ট জলজট নিরসন এবং উপড়ে পড়া গাছ অপসারণ করে সড়ক সচল রাখতে মাঠপর্যায়ে কাজ করছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) ইমারজেন্সি রেসপন্স টিম। সংস্থার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, রাজধানীতে আজ সর্বশেষ ৬ ঘণ্টায় ৭৬ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে, যা চলতি মাসে সর্বোচ্চ। এ পরিস্থিতিতে আজ সারাদিন ঢাকাসহ বিভিন্ন স্থানে ভারী বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। ডিএসসিসির বিজ্ঞপ্তিতে বলা হয় , অব্যাহত ভারী বৃষ্টিপাতের ফলে রাজধানীর বিভিন্ন জায়গায় সৃষ্ট জলজট দ্রুত নিরসনে কমলাপুরের দুটি এবং ধোলাইখালের একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন পানির পাম্পের মাধ্যমে এরই

মধ্যে পানি নিষ্কাশন কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া রাস্তা থেকে পানি নিষ্কাশনের মুখগুলো পরিষ্কার রাখতে ডিএসসিসির ইমারজেন্সি রেসপন্স টিম ভোর থেকে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে বন্যার্তদের পাশে সেনাবাহিনী, মানবিক সহায়তা অব্যাহত

চট্টগ্রামের বন্যাকবলিত বিভিন্ন এলাকায় ক্ষতিগ্রস্ত মানুষের মাঝে খাদ্যসামগ্রী , বিশুদ্ধ পানি ও অন্যান্য প্রয়োজনীয় সহায়তা পৌঁছে দিয়ে মানবিক কার্যক্রম অব্যাহত রেখেছে বাংলাদেশ সেনাবাহিনী। রোববার (১২ জুলাই) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। আইএসপিআর জানায়, বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের দুর্ভোগ লাঘবে মাঠপর্যায়ে নিয়োজিত সদস্যরা দুর্গম এলাকায় পৌঁছে ত্রাণসামগ্রী বিতরণ করছেন। পাশাপাশি বিশুদ্ধ পানির সংকট নিরসনে নিরাপদ পানীয় পানি সরবরাহ এবং জরুরি প্রয়োজনীয় সামগ্রী বিতরণ করা হচ্ছে। এছাড়া বন্যাকবলিত এলাকায় স্থানীয় প্রশাসনের সঙ্গে সমন্বয় করে ক্ষতিগ্রস্ত মানুষের সার্বিক সহায়তায় সেনাবাহিনীর সদস্যরা কাজ করছেন। পরিস্থি তি স্বাভাবিক না হওয়া পর্যন্ত এই মানবিক সহায়তা কার্যক্রম অব্যাহত থাকবে বলে জানিয়েছে আইএসপিআর। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## বন্যার সর্বোচ্চ ঝুঁকির আগে বান্দরবানে ১৫৬০০ পরিবারে ডব্লিউএফপির সহায়তা

বান্দরবানে বন্যার সর্বোচ্চ ঝুঁকির আগেই ১৫ হাজার ৬০০-এর বেশি পরিবারকে আগাম নগদ সহায়তা দিয়েছে জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি)। বান্দরবান সদর ও লামা উপজেলার ওই পরিবারগুলোতে পাঁচ হাজার টাকা করে দেওয়া হয়েছে। রোববার এক সংবাদ বিজ্ঞপ্তিতে ডব্লিউএফপি জানিয়েছে , পার্বত্য চট্টগ্রামের বান্দরবান জেলায় বন্যার ঝুঁকিতে থাকা মানুষের জন্য আগাম সহায়তা এবং দুর্যোগ -সংবেদনশীল সামাজিক সুরক্ষা কর্মসূচি চালু করেছে ডব্লিউএফপি। ডব্লিউএফপির আগাম সহায়তা কর্মসূচির আওতায় আবহাওয়ার পূর্বাভাস এবং পূর্বনির্ধারিত সূচকের ভিত্তিতে দুর্যোগ আঘাত হানার আগেই মানবিক সহযোগিতা পৌঁছে দেওয়া হয়। এর অংশ হিসেবে, বন্যার উচ্চ ঝুঁকিতে থাকা পরিবারগুলোর কাছে মোবাইল আর্থিক সেবার মাধ্যমে পাঁচ হাজার টাকা করে সহায়তা পৌঁছে দেওয়া হয়েছে। এর পাশাপাশি , ডব্লিউএফপি তার দুর্যোগ -সংবেদনশীল সামাজিক সুরক্ষা কার্যক্রমও চালু করেছে , যার আওতায় সরকারের সামাজিক সুরক্ষা কর্মসূচিতে অন্তর্ভুক্ত ঝুঁকিপূর্ণ পরিবারগুলোকে জরুরি নগদ সহায়তা (টপ-আপ) দিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে অতিবৃষ্টি-বন্যায় ৬ লাখ মানুষ ক্ষতিগ্রস্ত

চট্টগ্রামের ১৬টি উপজেলা ও মহানগরীর বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়ে প্রায় ৫ লাখ ৯৫ হাজার মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। বর্তমানে জেলার ১ লাখ ৪৭ হাজার ৫০০টি পরিবার সম্পূর্ণ পানিবন্দি অবস্থায় দিন কাটাচ্ছেন। সাম্প্রতিক টানা অতিবৃষ্টি, পাহাড়ি ঢল ও পাহাড়ধসের কারণে এ জেলায় ১৩ জনের মৃত্যু হয়েছে এবং আহত হয়েছেন আরও ১২ জন। রোববার (১২ জুলাই) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। চট্টগ্রাম জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা মোহাম্মদ মাসুদুর রহমান স্বাক্ষরিত এক প্রতিবেদনে জানানো হয়েছে , আজ দুপুর ১২টা পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী , চট্টগ্রামের ১৬টি উপজেলার (মহানগরসহ বাঁশখালী, সন্দ্বীপ, সাতকানিয়া, আনোয়ারা, কর্ণফুলী, সীতাকুন্ড, মীরসরাই, হাটহাজারী, রাউজান, রাঙ্গুনিয়া, বোয়ালখালী, পটিয়া, চন্দনাইশ, লোহাগাড়া ও ফটিকছড়ি) মোট ১৫২টি ইউনিয়ন ও পৌরসভা বন্যার পানিতে প্লাবিত হয়েছে। সরকারি হিসাব মতে , বর্তমানে জেলার ১ লাখ ৪৭ হাজার ৫০০টি পরিবার সম্পূর্ণ পানিবন্দি অবস্থায় দিন কাটাচ্ছেন। গৃহহীন ও প্লাবিত এলাকার মানুষের জন্য জেলা প্রশাসনের পক্ষ থেকে দ্রুত আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে। এরই মধ্যে ৫৮০টি আশ্রয়কেন্দ্র চালু করা হয়েছে , যেখানে ২১ হাজার ৯০০ জন মানুষ আশ্রয় নিয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## সীমিত সক্ষমতা নিয়েই মানুষের পাশে থাকার চেষ্টা করছি: প্রতিমন্ত্রী হাবিব

সীমিত সক্ষমতা নিয়েই মানুষের পাশে থাকার চেষ্টা করছেন বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ এবং রেলপথ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ হাবিব। ঢাকা -৯ আসনকে একটি পরিবার উল্লেখ করে তিনি বলেন , সবার অংশগ্রহণে এই উদ্যোগ ভবিষ্যতেও অব্যাহত থাকবে। রোববার (১২ জুলাই) রাজধানীর বাসাবো কমিউনিটি সেন্টারে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সহযোগিতায় অসহায় এবং দুঃ স্থদের মাঝে আর্থিক সহায়তার চেক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন , ঢাকা-৯ আমাদের একটা পরিবার। আমরা ঐক্যবদ্ধভাবে আমাদের সীমাবদ্ধ সক্ষমতা নিয়ে সবার পাশে থাকার চেষ্টা করছি। আমাদের এই কর্মকাণ্ড শুরু হয়েছে। ইনশাল্লাহ আমরা সবাইকে নিয়ে এগিয়ে যেতে চাই। আমাদের যতটুকু সক্ষমতা রয়েছে, তার সর্বোচ্চটুকু ব্যবহার করতে চাই। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## ব্যারিস্টার জমির উদ্দিনের মৃত্যুতে বিরোধীদলীয় নেতার শোক

জাতীয় সংসদের সাবেক স্পিকার ও সাবেক অস্থায়ী রাষ্ট্রপতি ব্যারিস্টার জমির উদ্দিন সরকার মারা গেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন )। তার মৃত্যুতে শোক জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াত আমির ডা .

শফিকুর রহমান। রোববার (১২ জুলাই) সকালে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে তিনি একটি পোস্টে শোক প্রকাশ করে বলেন, বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ও সাবেক স্পিকার ব্যারিস্টার জমি র উদ্দিন সরকার আর নেই (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন )। তিনি লেখেন, "ব্যারিস্টার জমির উদ্দিন সরকার সুপ্রিম কোর্টের একজন খ্যাতিমান সিনিয়র আইনজীবী এবং একজন পরিচ্ছন্ন ও দেশপ্রেমিক , রাজনীতিবিদ হিসেবে দী র্ঘদিন অত্যন্ত নিষ্ঠার সঙ্গে তার পেশাগত ও রাজনৈতিক কর্মকাণ্ড পরিচালনা করেছেন।" তিনি আরও লেখেন, মহান জাতীয় সংসদের স্পিকার থাকা অবস্থায় তিনি ছিলেন সবার কাছেই সমাদৃত। ফ্যাসিবাদী আমলে বাংলাদেশ জামায়াতে ইসলামীর জ্যেষ্ঠ নেতৃবৃন্দসহ যাদের ওপর আইনি জুলুম চাপিয়ে দেওয়া হয়েছিল , সে সময় তিনি আমাদের প্রতি পর ম সহানুভূতিশীল ছিলেন। নানা বিষয়ে তিনি গুরুত্বপূর্ণ পরামর্শ দিয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## কোথাও প্রশ্নফাঁস হচ্ছে না, যা ছড়াচ্ছে সব ভুয়া-প্রতারণা : শিক্ষামন্ত্রী

চলমান এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র টেলিগ্রাম গ্রুপে বিক্রির অভিযোগকে ভিত্তিহীন বলে উড়িয়ে দিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেছেন, "কোথাও কোনো প্রশ্নপত্র ফাঁস হচ্ছে না। সামাজিক যোগাযোগমাধ্যমে প্রশ্নপত্র দেওয়ার নামে যা প্রচার করা হচ্ছে , তা সম্পূর্ণ ভুয়া এবং প্রতারণার অংশ।" রোববার (১২ জুলাই) দুপুরে রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের সম্মেলন কক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সংবাদ সম্মেলনে এক সাংবাদিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলেন , তার ছবি ব্যবহার করে টেলিগ্রামে 'রেজাল্ট ফিক্স বিডি' নামে একটি অ্যাকাউন্ট থেকে এ ইচএসসির প্রশ্নপত্র দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে প্রতি প্রশ্নের জন্য এক হাজার টাকা এবং 'ফুল প্যাকেজ'-এর জন্য আট হাজার টাকা দাবি করা হচ্ছে। জবাবে শিক্ষামন্ত্রী বলেন, "সাইবার অপরাধ ননস্টপ চলছে। আমি সাংবাদিকদের কাছে আবেদন জানাব , আপনারা যখন সংবাদ করবেন, তখন স্পষ্টভাবে বলবেন- এগুলো ভুয়া। অনেক সময় এমনভাবে সংবাদ করা হয়, যেন প্রশ্নপত্র আউট হচ্ছে। এতে মানুষের মধ্যে ভুল বার্তা যায়।" (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## হাম ও উপসর্গে আরও ৫ শিশুর মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হাম ও হামের উপসর্গ নিয়ে ৫ শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে ৯৬৯টি শিশু। রোববার (১২ জুলাই) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম -বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৪ শিশুর মৃত্যু হয়েছে। সেইসঙ্গে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে এক শিশুর মৃত্যু হয়েছে। গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারা দেশে হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে মোট ৬৬৪টি শিশুর। আর হামে আক্রান্ত হয়ে আরও ৯৪টি শিশু প্রাণ হারিয়েছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে এই সময়ে মোট ৭৫৮টি শিশু মারা গেছে। এছাড়া, ২৪ ঘণ্টায় ৯০টি শিশু হামে আক্রান্ত হয়েছে, আর হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা ৮৭৯। এই সময়ে ৮৪৯টি শিশু নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে, আর হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ৮৪৩টি শিশু।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## জমির উদ্দিন সরকারের মৃত্যুতে সুপ্রিম কোর্ট আধাবেলা বন্ধ

জাতীয় সংসদের সাবেক স্পিকার, সাবেক অস্থায়ী রাষ্ট্রপতি ও সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী ব্যারিস্টার জমির উদ্দিন সরকারের মৃত্যুতে সুপ্রিম কোর্টের উভয় বিভাগের কার্যক্রম আধাবেলা (দিনের দ্বিতীয় ভাগ) বন্ধ থাকবে। একইসঙ্গে আজ আপিল বিভাগের চেম্বার জজ কোর্টে র কার্যক্রম বন্ধ থাকবে বলে জানানো হয়েছে। রোববার (১২ জুলাই) সুপ্রিম কোর্টের গণসংযোগ কর্মকর্তা মো . শফিকুল ইসলামের সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয় , ব্যারিস্টার জমির উদ্দিন সরকারের মৃত্যুতে শ্রদ্ধা জাবিয়ে সুপ্রিম কোর্টের উভয় বিভাগের কার্যক্রম অর্ধবেলা (দিনের দ্বিতীয় ভাগ) বন্ধ থাকবে। একইসঙ্গে আজ চেম্বার জজ কোর্টের কার্যক্রম বন্ধ থাকবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## জলাবদ্ধতার প্রভাব ঢামেকেও, জরুরি বিভাগে রোগী কমেছে ২০ শতাংশ

ঢাকা শহরে টানা বৃষ্টিতে সৃষ্ট জলাবদ্ধতা ও সড়কের বেহাল অবস্থার প্রভাব পড়েছে হাসপাতালের চিকিৎসা সেবাতেও। রাজধানীর অন্যতম ব্যস্ত ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের জরুরি বিভাগে অন্যান্য দিনের তুলনায় রোগীর সংখ্যা প্রায় ২০ শতাংশ কমেছে। বৃষ্টির কারণে রাজধানীর বিভিন্ন এলাকার সড়ক ও অলিগলিতে জলাবদ্ধতা সৃষ্টি হওয়ায় শুধু রোগীরাই নন, হাসপাতালের চিকিৎসক, নার্স, মেডিকেল টেকনোলজিস্ট এবং বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা -কর্মচারীরাও কর্মস্থলে পৌঁছাতে ভোগান্তিতে পড়েছেন। এদিন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগ এবং জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের সামনের সড়কেও জলাবদ্ধতা সৃষ্টি হয়। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের আবাসিক চিকিৎসক ডা. মোস্তাক আহমেদ রোববার (১২ জুলাই) বিকেলে জাগো নিউজকে বলেন, বৃষ্টির কারণে অন্যান্য দিনের তুলনায় জরুরি বিভাগে প্রায় ২০ শতাংশ রোগী কম এসেছে। তিনি জানান, প্রতিদিন গড়ে ২৪

ঘণ্টায় জরুরি বিভাগে দেড় হাজারের বেশি রোগী আসেন। তাদের মধ্যে প্রায় এক -তৃতীয়াংশ হাসপাতালে ভর্তি হন। এসব রোগীর অধিকাংশই বিকেল থেকে রাতের মধ্যে আসেন। সকালে রোগীর সংখ্যা তুলনামূলক কম থাকে। তবে অন্যান্য দিনের তুলনায় আজ সকাল ও দুপুরে রোগীর উপস্থিতি আরও কম ছিল। ডা . মোস্তাক আহমেদ বলেন, `শুধু রোগী নয়, হাসপাতালের কর্মীদেরও দায়িত্ব পালনের জন্য কর্মস্থলে আসতে অনেক কষ্ট ও সমস্যার সম্মুখীন হতে হয়েছে।, (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## সোমবার চট্টগ্রাম বাদে সব বোর্ডে এইচএসসি পরীক্ষা হবে

চট্টগ্রাম বোর্ডের অধীন পাঁচটি জেলা বাদে দেশের বাকি ৫৯ জেলায় সোমবার (১৩ জুলাই) যথারীতি এইচএসসি ও সমমান পরীক্ষা অনুষ্ঠিত হবে। এসব জেলায় আগামী ১৫ ও ১৬ জুলাইয়ের পরীক্ষাও সময়সূচি অনুযায়ী হবে। শুধুমাত্র চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন চট্টগ্রাম , কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙামাটি ও বান্দরবান জেলায় ১৩, ১৫ ও ১৬ জুলাইয়ের পরীক্ষা স্থগিত থাকবে। রোববার (১২ জুলাই) রাতে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আখতারুজ্জামানের সই করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা, রাজশাহী, কুমিল্লা যশোর, সিলেট, বরিশাল, দিনাজপুর, ময়মনসিংহ ও মাদরাসা শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সব জেলার পরীক্ষাসমূহ পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নির্ধারিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। তবে চট্টগ্রাম শিক্ষা বোর্ড (সকল জেলা) এবং চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন ৫ জেলায় মাদরাসা শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষাসমূহ আগের সিদ্ধান্ত অনুযায়ী ১৩, ১৫ ও ১৬ জুলাই স্থগিত থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## ঢাকায় ২৪ ঘণ্টায় ১৭৫ মিলিমিটার বৃষ্টি, মৌসুমের রেকর্ড

রাজধানীতে ২৪ ঘণ্টায় ১৭৫ মিলিমিটার বৃষ্টিপাত হয়েছে, যা চলতি মৌসুমে ঢাকায় একদিনে সর্বোচ্চ বৃষ্টিপাত। সক্রিয় মৌসুমি বায়ু এবং পশ্চিমা লঘুচাপের সম্মিলিত প্রভাবে অল্প সময়ের মধ্যে এ ভারী বর্ষণ হয়েছে। রোববার (১২ জুলাই) সন্ধ্যায় আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ একেএম নাজমুল হক জাগো নিউজকে এ তথ্য জানান। তিনি বলেন, শনিবার ১১ জুলাই সন্ধ্যা ৬টা থেকে আজ (রোববার) সন্ধ্যা ৬টা পর্যন্ত ঢাকায় ১৭৫ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। অথচ পুরো জুলাই মাসে ঢাকায় গড়ে প্রায় ৩৭৫ মিলিমিটার বৃষ্টিপাত হওয়ার কথা। আবহাওয়াবিদ নাজমুল হক বলেন, এপ্রিল-মে মাসে সাধারণত বিচ্ছিন্নভাবে বৃষ্টি হয়। এসময় একই এলাকায় কোথাও বৃষ্টিহীন এ রকম পরিস্থিতি থাকে। কিন্তু জুন -জুলাই মাসে ঢাকার প্রায় সব এলাকাতেই বৃষ্টি হয়। ভারী বৃষ্টির কারণ ব্যাখ্যা করে তিনি বলেন, বর্তমানে মৌসুমি বায়ু সক্রিয় রয়েছে। একইসঙ্গে পশ্চিমা লঘুচাপও কার্যকর অবস্থায় আছে। এই দুই আবহাওয়া ব্যবস্থার স ম্মিলিত প্রভাবে বিশেষ করে দেশের মধ্যাঞ্চলে , যেমন ঢাকা, ফরিদপুর ও মাদারীপুর এলাকায় ভারী বৃষ্টিপাত হয়েছে। চট্টগ্রামেও সমান তালে বৃষ্টি হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## অর্থ আত্মসাতে তত্ত্বাবধায়ক-কর্মচারীর 'দোস্তি'

লালমনিরহাট ২৫০ শয্যাবিশিষ্ট সদর হাসপাতালে ভুয়া ভাউচার তৈরি করে লাখ লাখ টাকা আত্মসাতের তথ্য উঠে এসেছে। বিদায়ি তত্ত্বাবধায়ক ডা. আবু আল হাজ্জাজ এবং হাসপাতালের চতুর্থ শ্রেণির কর্মচারী আনন্দ কুমার সাহার বিরুদ্ধে এ অভিযোগ উঠেছে। বদলির আদেশ অমান্য করে জোরপূর্বক পদে বহাল থেকে সরকারি কোষাগার থেকে প্রায় ২০ লাখ টাকা লুটের অভিযোগ উঠেছে বিদা য়ি এই কর্মকর্তার বিরুদ্ধে। বেশকিছু ভুয়া বিল -ভাউচার জাগো নিউজের হাতে এসেছে। অভিযুক্ত দুই কর্মচারীও জালিয়াতির বিষয়টি স্বীকার করেছেন। সংশ্লিষ্ট সূত্রমতে , স্বাস্থ্য অধিদপ্তরের বদলির আদেশ অনুযায়ী , গত ২০ মে কর্মস্থল ছাড়া র কথা ছিল তৎকালীন তত্ত্বাবধায়ক ডা . আবু আল হাজ্জাজের। কিন্তু অভিযোগ উঠেছে, তিনি অবৈধভাবে আরও ২০ দিন দায়িত্বে থেকে নিজের ইচ্ছামতো হাসপাতালের কোষাগারের টাকা লুটপাট করেন। প্রতিদিন গড়ে ৮-১০টি করে ভুয়া বিল-ভাউচারে সই করেছেন তিনি। ক্রয়-সরবরাহ, সেবা বাবদ ব্যয়, ট্রাক ভাড়া এবং নাশতা খরচের নামে এসব ভুয়া বিল তৈরি করা হয়। এমনকি মন্ত্রী হাসপাতালে না এলেও তার আপ্যায়নের নামে এক লাখ টাকার বেশি বিল উত্তোলন করা হয়েছে। সবশেষ গত ৯ জুন বিকেলে হাসপাতাল ছাড়ার আগ পর্যন্ত তড়িঘড়ি করে বিভিন্ন বিলে সই করে দিনাজপুরে রওয়ানা দেন। ততক্ষণে সরকারি কোষাগার থেকে বেরিয়ে যায় বিপুল পরিমাণ অর্থ। জাগো নিউজের অনুসন্ধানে জানা যায় , এই টাকা উত্তোলনের জন্য ভুয়া বিল-ভাউচার ম্যানেজ করে দিতেন চতুর্থ শ্রেণির কর্মচারী আনন্দ কুমার সাহা। তিনি বিভিন্ন দোকান থেকে ফাঁকা ভাউচার সংগ্রহ করে নিজের ইচ্ছেমতো পণ্য ও দাম বসিয়ে দিতেন। এরপর বিদায়ি তত্ত্বাবধায়কের সইয়ের মাধ্যমে টাকা উত্তোলন করে তা ভাগাভাগি করে নেওয়া হতো। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## নীলফামারীতে ট্রাকচাপায় মা-দুই ছেলেসহ নিহত ৪

নীলফামারীর ডোমারের পাঙ্গা মটুকপুর -নদীয়া এলাকায় ট্রাকচাপায় মা ও দুই ছেলেসহ চা রজন নিহত হয়েছেন। রোববার (১২ জুলাই) বিকেল সাড়ে ৪টার দিকে ডোমার -জলঢাকা সড়কে এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন ,

নাদিয়াপাড়ার অলি বর্মনের ছেলে মিথিলা ভ্যান চালক পরিমল বর্মন (৪০), একই এলাকার প্রদীপ বর্মনের স্ত্রী প্রতিমা রানি (২৮) এবং তার দুই ছেলে পিতোসা (৮) ও যাদব (৪)। পুলিশ জানায়, ব্যাটারিচালিত মিথিলা ভ্যান ডোমার - জলঢাকা আঞ্চলিক সড়ক দিয়ে যাওয়ার সময় পেঁছন দিক থেকে আসা একটি দ্রুতগতির ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে ধাক্কা দেয়। এতে ভ্যানটি দুমড়ে -মুচড়ে গেলে ঘটনাস্থলেই দু -জনের মৃত্যু হয়। পরে স্থানীয়রা গুরুতর অবস্থায় অপর দুইজনকে ডোমার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে সেখানে তারা মারা যান।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## নারী কর কমিশনারের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক, গড়া সেই এএসপি সোহেল বরখাস্ত

সিলেট মেট্রোপলিটন পুলিশের সহকারী পুলিশ কমিশনার (কোতয়ালী মডেল জোন ) মো. সোহেল উদ্দিনকে চা করি থেকে সাময়িক বরখাস্ত করেছে সরকার। রোববার (১২ জুলাই) স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রকাশিত এক প্রজ্ঞাপনে এ বরখাস্তের আদেশ জানা যায়। এতে সই করেন সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী। আদেশে বলা হয় , সহকারী পুলিশ কমিশনার মো. সোহেল উদ্দিনকে জনস্বার্থে সরকারি চাকরি থেকে বিরত রাখা আবশ্যক ও সমীচীন। সাময়িক বরখাস্তকালীন তিনি বরিশাল রেঞ্জ ডিআইজির কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা পাবেন। আদালত সূত্রে জানা গেছে, ২০২২ সালের ২৩ নভেম্বর সহকারী কর কমিশনার তানজিনা সাথী বাদী হয়ে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে বিশ্বাসভঙ্গ , প্রতারণা এবং বিপুল পরিমাণ অর্থ আত্মসাতের অভিযোগে মামলা দায়ের করেন। মামলার এজাহারে বলা হয় , ২০১৭ সালে ৩৬তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর পরিচয়ের সূত্রে তানজিনা সাথী ও সোহেল উদ্দিনের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে ওঠে। একপর্যায়ে বিয়ের আশ্বাস দিয়ে বাদী ও তার পরিবারের সঙ্গে সুসম্পর্ক তৈরি করেন সোহেল। অভিযোগে আরও বলা হয় , সেই সম্পর্কের সুযোগ নিয়ে বিভিন্ন সময় নানান প্রয়োজনের কথা বলে বাদী ও তার পরিবারের কাছ থেকে মোট ২ কোটি ৩২ লাখ ১১ হাজার টাকা নেন সোহেল। পরে বিয়ের প্রতিশ্রুতি রক্ষা না করে অর্থ ও ফেরত দেননি। এদিকে , সোহেল উদ্দিনের স্ত্রীর দায়ের করা যৌতুক-সংক্রান্ত আরেকটি মামলাও বর্তমানে বিচারাধীন রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## শেখ হাসিনার দেশে ফেরা নিয়ে যা বললেন পশ্চিমবঙ্গের মন্ত্রী দীলিপ ঘোষ

২০২৪ সালের ৫ আগস্ট গণ-আন্দোলনের মুখে বাংলাদেশ ছাড়ার পর থেকে ভারতে অবস্থান করছেন বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বর্তমানে তিনি দেশটির রাজধানী দিল্লির একটি গোপন স্থানে অবস্থান করছেন বলে জানা গেছে। শেখ হাসিনা ভারতে অবস্থানের প্রায় দুই বছর পার হয়েছে। এরই মধ্যে বাংলাদেশের আদালতে জুলাই গণ-অভ্যুত্থানে গণহত্যার দায়ে তাকে মৃত্যুদণ্ডাদেশ দেওয়া হয়েছে। সংবাদমাধ্যম রয়টার্সের খবরে বলা হয়েছে , আগামী ডিসেম্বরের মধ্যেই বাংলাদেশে ফেরার পরিকল্পনা রয়েছে আওয়ামী লীগ নেত্রীর। ভারতে নির্বাসিত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংবাদমাধ্যমটিকে জানিয়েছেন, চলতি বছরের ডিসেম্বরে তিনি তার দলের জ্যেষ্ঠ নেতাদের সঙ্গে নিয়ে দেশে ফিরে স্বেচ্ছায় আদালতে আত্মসমর্পণ করার পরিকল্পনা করছেন। দীর্ঘ প্রায় এক ঘণ্টার একটি টেলিফোন সাক্ষাৎকারে তিনি এই প্রথম তার দেশে ফেরার একটি সম্ভাব্য সময়সীমা ঘোষণা করেন। শেখ হাসিনার দেশে ফেরা প্রসঙ্গে মন্তব্য করেছেন পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রী দিলীপ ঘোষ। তিনি বলেছেন , বাংলাদেশে যেটা হচ্ছে, কোনোটাই ঠিক নয়। পশ্চিমবঙ্গের পঞ্চায়েত , প্রাণিসম্পদ বিকাশ ও কৃষি বিপণন দপ্তরের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী দিলীপ ঘোষ আরও বলেন, শেখ হাসিনা একজন নির্বাচিত প্রধানমন্ত্রী ছিলেন। তা ই তার নিজের দেশে ফেরার অধিকার রয়েছে। তিনি আরও বলেন, গত দুই-তিন বছরে বাংলাদেশে যে ঘটনাগুলো ঘটেছে, তা দেশটির জনগণ ও সংবিধানের পক্ষে ভালো নয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## জাহাজ নির্মাণ ও ভাঙা শিল্পের আইন-নীতিমালা পর্যালোচনায় কমিটি

দেশে জাহাজ নির্মাণ, জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ ও জাহাজ ভাঙা শিল্প সংক্রান্ত বিদ্যমান আইন , বিধি, নীতিমালা ও সংশ্লিষ্ট বিষয়াদি পর্যালোচনা এবং প্রয়োজনীয় সুপারিশ প্রণয়নের জন্য একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। রোববার (১২ জুলাই) মন্ত্রিপরিষদ বিভাগের থেকে কমিটি গঠন করে প্রজ্ঞা পন জারি করা হয়। ৭ সদস্যবিশিষ্ট এই কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী। কমিটির অন্য সদস্যরা হলেন শিল্পমন্ত্রী, নৌপরিবহণ প্রতিমন্ত্রী, মন্ত্রিপরিষদ সচিব, অর্থ সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব এবং শিল্প সচিব। কমিটি দেশের জাহাজ নির্মাণ , জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ ও জাহাজ ভাঙা শিল্প সংক্রান্ত বিদ্যমান আইন, বিধি, নীতিমালা ও সংশ্লিষ্ট সব বিষয়াদি পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করবে। একই সঙ্গে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন করবে তারা। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## নিরাপদ খাদ্য উৎপাদন নিশ্চিতে কীটনাশকের মান নিয়ন্ত্রণে জোর কৃষিমন্ত্রীর

কৃষি এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ বলেছেন , নিরাপদ খাদ্য উৎপাদন নিশ্চিত করতে উৎস পর্যায় থেকেই কীটনাশকের মান নিয়ন্ত্রণ জোরদার করতে হবে। রোববার (১২ জুলাই) রাজধানীর

ফার্মগেটে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা আয়োজিত এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড . মো. আবদুছ ছালামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সচিব ড . রফিকুল ই মোহামেদ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব এ কে এম সোহেল ও কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো . মাহমুদুর রহমান। মন্ত্রী বলেন, দেশের মানুষের জন্য নিরাপদ খাদ্য নিশ্চিত করতে হলে শুধু কৃষকদের সচেতন করলেই হবে না; কীটনাশক আমদানি, নিবন্ধন, মান যাচাই এবং ল্যান্ডিং পয়েন্ট থেকেই কঠোর মান নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর করতে হবে। নিরাপদ খাদ্য উৎপাদনই আগামী দিনের কৃষির সবচেয়ে বড়ো চ্যালেঞ্জ এবং আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের কৃষিপণ্যের প্রতিযোগিতামূলক অবস্থান তৈরির অন্যতম শর্ত। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## দুর্যোগে ক্ষতিগ্রস্তদের সহায়তা অব্যাহত থাকবে: প্রতিমন্ত্রী অমিত

চট্টগ্রাম নগরে পানিবন্দি হয়ে পড়া চান্দগাঁও সিএন্ডবি ও মোহরা এলাকার বন্যাদুর্গত পরিবারের মধ্যে ত্রাণসামগ্রী বিতরণ করেছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। রোববার (১২ জুলাই) তিনি ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেন। এ সময় তার সঙ্গে ছিলেন চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা . শাহাদাত হোসেন, সংসদ সদস্য এরশাদ উল্লাহ ও সংসদ সদস্য সাঈদ আল নোমান। পরিদর্শনকালে তারা পানিবন্দি মানুষের খোঁজ-খবর নেন এবং ক্ষতিগ্রস্ত পরিবারের হাতে খাদ্যসামগ্রীসহ প্রয়োজনীয় ত্রাণসামগ্রী তুলে দেন। পাশাপাশি স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে বন্যা ও জলাবদ্ধতায় সৃষ্ট দুর্ভোগের বিষয়ে অবহিত হন। প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বলেন, দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানো সরকারের অন্যতম অগ্রাধিকার। মানুষের দুর্ভোগ লাঘবে সরকার , স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিরা সমন্বিতভাবে কাজ করছেন। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত প্রয়োজনীয় সহায়তা কার্যক্রম অব্যাহত থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## নগদ অর্থ ও ঢেউটিন পেল পটিয়ায় বন্যায় ক্ষতিগ্রস্ত ৩৮ পরিবার

চট্টগ্রামের পটিয়ায় বন্যায় ক্ষতিগ্রস্ত ৩৮ পরিবারকে ঢেউটিন ও নগদ অর্থ সহায়তা প্রদান করা হয়েছে। শনিবার (১১ জুলাই) বিকেলে পটিয়া উপজেলা পরিষদ হলরুমে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ঢেউটিন ও নগদ অর্থ বিতরণ করেন স্থানীয় সংসদ সদস্য এনামুল হক। বন্যায় আক্রান্ত যে -সব এলাকা থেকে বানের পানি নেমে গেছে , সেসব এলাকায় পুনর্বাসন কার্যক্রমের অংশ হিসেবে সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের উদ্যোগে জরুরি এ সহায়তা দেয় উপজেলা প্রশাসন। ক্ষতিগ্রস্ত ও হতদরিদ্র ৩৮টি পরিবারের প্রত্যেককে এক বান্ডিল করে ঢেউটিন এবং ৩ হাজার টাকা দেওয়া হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ফারহানুর রহমানের সভাপতিত্বে বিতরণ অনুষ্ঠানে সংসদ সদস্য এনামুল হক এনাম বলেন, বিএনপি সরকার দুর্যোগে ক্ষতিগ্রস্ত ও অসহায় মানুষের পাশে রয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমান আমাদের নির্দেশনা দিয়েছেন , যেন বন্যাদুর্গত মানুষের পাশে থাকি। সংসদ অধিবেশন শেষ করেই এলাকায় এসে দুর্গতদের খোঁজ-খবর নিয়ে তাৎক্ষণিক ত্রাণ সহায়তা প্রদান করেছি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## ওআইসি সম্মেলনের সাইডলাইনে বাংলাদেশ-ইরানের বৈঠক

ইসলামাবাদে অনুষ্ঠিত নারী বিষয়ক ৯ম ওআইসি মিনিস্ট্রিয়াল সম্মেলনের সাইডলাইনে রোববার (১২ জুলাই) সমাজকল্যাণ এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী অধ্যাপক ডা . আবু জাফর মো. জাহিদ হোসেনের সঙ্গে বৈঠক করেছেন ইরানের নারী ও ফ্যামিলি বিষয়ক ভাইস প্রেসিডেন্ট জাহরা বেহরোজাজার। এস ময় অন্যদের মধ্যে পাকিস্তানে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার ইকবাল হোসেন খান এবং ইরানের ডেপুটি হেড অব মিশন সিরাজি উপস্থিত ছিলেন। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের জনসংখ্যা কর্মকর্তা রায়হান হোসেন এ তথ্য জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## ভ্রাম্যমাণ আদালতের কার্যকারিতা বাড়াতে উচ্চপর্যায়ের কমিটি

ভ্রাম্যমাণ আদালতের কার্যকারিতা বৃদ্ধি এবং এ সংক্রান্ত আইনগত , নীতিগত ও প্রাতিষ্ঠানিক প্রতিবন্ধকতা দূর করতে সুপারিশ দিতে সাত সদস্যের একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করেছে সরকার। রোববার (১২ জুলাই) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। সাত সদস্যের কমিটিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপদেষ্টা সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী, মন্ত্রিপরিষদ সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব , অর্থ বিভাগের সচিব এবং লেজিসলেটিভ ও সংসদবিষয়ক বিভাগের সচিব কমিটির সদস্য থাকবেন। কমিটিকে বিভিন্ন মন্ত্রণালয় , বিভাগ, দপ্তর ও সংস্থার আওতায় পরিচালিত ভ্রাম্যমাণ আদালত সংক্রান্ত আইনগত, নীতিগত ও প্রাতিষ্ঠানিক প্রতিবন্ধকতা চিহ্নিত করে সেগুলো উত্তরণে স্বল্পমেয়াদি , মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি সুপারিশ প্রণয়নের দায়িত্ব দেওয়া হয়েছে। একইসঙ্গে মোবাইল কোর্ট পরিচালনার সহায়ক ব্যবস্থা , প্রয়োজনীয় উপকরণ এবং আনুষঙ্গিক সহায়তা নিশ্চিত করার বিষয়েও সুপারিশ করবে কমিটি।

(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে বন্যার মধ্যে সাপের কামড়ে ৭৫ জন আহত

চট্টগ্রামের বন্যাকবলিত এলাকায় পানিবাহিত রোগের পাশাপাশি সাপের উপদ্রবও উদ্বেগজনকভাবে বেড়েছে। চলমান বন্যায় এখন পর্যন্ত সাপের কামড়ে ৭৫ জন আক্রান্ত হয়েছেন। একই সময়ে ডায়রিয়াসহ বিভিন্ন পানিবাহিত রোগে আক্রান্ত হয়েছেন আরও ২০ থেকে ২৫ জন। রোববার (১২ জুলাই) এসব তথ্য জানিয়েছেন চট্টগ্রামের জেলা সিভিল সার্জন ডা. জাহাঙ্গীর আলম। তিনি বলেন, বন্যাদুর্গত এলাকায় স্বাস্থ্য বিভাগের বিশেষ মেডিকেল টিম কাজ করছে। এসব দল দুর্গত এলাকায় গিয়ে চিকিৎসাসেবা দেওয়ার পাশাপাশি প্রয়োজনীয় ঔষধ ও খাবার স্যালাইন বিতরণ করছে। বিশেষ করে প্লাবিত এলাকায় কোনো গর্ভবতী নারী বা অসুস্থ শিশু থাকলে তাদের দ্রুত নৌকায় করে হাসপাতালে নেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে। সিভিল সার্জন বলেন, বন্যার কারণে আশ্রয়কেন্দ্র ও বসতবাড়িতে সাপের উপদ্রব বেড়ে যাওয়ায় সাপের কামড়ের ঘটনাও বৃদ্ধি পেয়েছে। এখন পর্যন্ত ৭৫ জন আক্রান্তকে শনাক্ত করা হয়েছে। তাদের প্রয়োজনীয় চিকিৎসা দেওয়া হচ্ছে এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলোতে সাপে কাটার চিকিৎসার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি রাখা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## ধানমন্ডি-গুলশান লেকের উন্নয়ন ও দূষণ নিয়ন্ত্রণে প্রধানমন্ত্রীর বৈঠক

রাজধানীর ধানমন্ডি ও গুলশান লেকের সংস্কার ও উন্নয়ন এবং স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট (এসটিপি) স্থাপন-সংক্রান্ত এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (১২ জুলাই) বেলা সাড়ে ১১টায় সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের উদ্যোগে ধানমন্ডি লেকের সংস্কার ও পুনর্নির্মাণ, নজরুল সরোবরের নির্মাণ এবং ঢাকার পয়োনিষ্কাশন ব্যবস্থার আধুনিকায়নের অংশ হিসেবে স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট (এসটিপি) স্থাপন-সংক্রান্ত প্রকল্প সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করা হয়। এ ছাড়া গুলশান ও বারিধারা লেকের সঙ্গে সংযুক্ত সব অবৈধ বর্জ্য নির্গমন লাইন আগামী ছয় মাসের মধ্যে সম্পূর্ণভাবে বন্ধ করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## তেজগাঁও বিভাগে অভিযানে গ্রেফতার ৬৬

ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) তেজগাঁও বিভাগ এলাকায় অভিযান চালিয়ে ৬৬ জনকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার (১২ জুলাই) ডিএমপি মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। তেজগাঁও বিভাগের বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, গতকাল শনিবার (১১ জুলাই) বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় নিয়মিত অভিযান চালিয়ে এসব ব্যক্তিদের গ্রেফতার করা হয়। গ্রেফতারদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## পাঁচদিন বন্ধ থাকার পর চট্টগ্রাম-কক্সবাজার রুটে চলছে ট্রেন

ভারী বর্ষণ ও বন্যার কারণে টানা কয়েকদিন বন্ধ থাকার পর চট্টগ্রাম-কক্সবাজার-চট্টগ্রাম রুটে ট্রেন চলাচল আবারও স্বাভাবিক হয়েছে। রেললাইন মেরামতের কাজ শেষ হওয়ায় রোববার (১২ জুলাই) থেকে এ রুটের সব ট্রেন নিয়মিত চলাচল শুরু করেছে। রেলপথ মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা (সিনিয়র তথ্য কর্মকর্তা) রেজাউল করিম সিদ্দিকীর সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, গত কয়েকদিনের দুর্যোগপূর্ণ আবহাওয়া, ভারী বর্ষণ ও পাহাড়ি ঢলের কারণে চট্টগ্রাম-কক্সবাজার রেলপথের জানআলীহাট ও ষোলশহর স্টেশনের মধ্যবর্তী অংশের রেললাইন প্লাবিত হয়। এতে ট্রেন চলাচল অনুপযোগী হয়ে পড়ায় গত ৭ জুলাই থেকে চট্টগ্রাম-কক্সবাজার-চট্টগ্রাম রুটে ট্রেন চলাচল সাময়িকভাবে স্থগিত রাখা হয়েছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## বন্যাদুর্গতদের পাশে দাঁড়ানো সবার নৈতিক দায়িত্ব: যুবদল সভাপতি

জাতীয়তাবাদী যুবদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি আবদুল মোনায়েম মুন্না বলেছেন, সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানো সবার নৈতিক দায়িত্ব। দুর্গত এলাকায় যুবদলের উদ্যোগে মেডিকেল ক্যাম্প পরিচালনার পাশাপাশি খাদ্য ও জরুরি ত্রাণসামগ্রী বিতরণ করা হচ্ছে। রোববার (১২ জুলাই) দুপুরে চট্টগ্রামের বাঁশখালী উপজেলার বাহারছড়া ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডে বন্যাদুর্গত মানুষের মধ্যে ত্রাণসামগ্রী বিতরণকালে তিনি এসব কথা বলেন। আবদুল মোনায়েম মুন্না বলেন, জেলা পর্যায়ের নেতারা সার্বক্ষণিক বন্যাকবলিত এলাকার পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন এবং ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর খোঁজ-খবর রাখছেন। মানুষের প্রয়োজন অনুযায়ী সহায়তা পৌঁছে দিতে দলীয় নেতা-কর্মীরা মাঠে কাজ করছেন। তিনি বলেন, সরকারের পাশাপাশি রাজনৈতিক দল ও সমাজের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সমন্বিত উদ্যোগে দুর্গত মানুষের দুর্ভোগ কমিয়ে আনা সম্ভব। ক্ষতিগ্রস্ত পরিবারগুলো যাতে দ্রুত স্বাভাবিক জীবনে ফিরতে পারে, সে লক্ষ্যেই যুবদলের সহায়তা কার্যক্রম অব্যাহত থাকবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## বেড়িবাঁধের বরাদ্দের এক টাকাও লুটপাট হতে দেওয়া হবে না: নাহিদ ইসলাম

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও জাতীয় সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম বলেছেন, বেড়িবাঁধ নির্মাণ ও সংস্কারের জন্য বরাদ্দকৃত অর্থের এক টাকাও দুর্নীতি বা লুটপাট হতে দেওয়া হবে না। এ বিষয়ে সংসদে বিষয়টি তুলে ধরে বরাদ্দের অর্থ সঠিকভাবে ব্যয় নিশ্চিত করার চেষ্টা করা হবে। রোববা র (১২ জুলাই) দুপুরে চট্টগ্রামের আনোয়ারা উপজেলার বন্যাদুর্গত এলাকা পরিদর্শন এবং ক্ষতিগ্রস্ত মানুষের মধ্যে ত্রাণ বিতরণ শেষে তিনি এসব কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, আনোয়ারার উপকূলীয় এলাকার কয়েকশ পরিবার এখনো পানিবন্দি। স্থানীয় বাসিন্দারা তাদের জানিয়েছেন , বেড়িবাঁধের কারণে এলাকায় দীর্ঘস্থায়ী জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। তিনি অভিযোগ করেন, বিগত আওয়ামী লীগ সরকারের সময়ে বেড়িবাঁধের জন্য বরাদ্দের কয়েক লাখ কোটি টাকা লুটপাট করা হয়েছে। এবারের বাজেটেও এ খাতে বরাদ্দ রাখা হয়েছে। আমরা আপনাদের কথা দিচ্ছি , এই বরাদ্দের এক টাকাও দুর্নীতির মাধ্যমে আত্মসাৎ হতে দেবো না। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## ইরান ও যুক্তরাষ্ট্রকে যুদ্ধ বন্ধ করে শান্তির পথ খোঁজার আহ্বান বিএনপির

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে যুদ্ধবিরতির পর আবার নতুন করে যুদ্ধ শুরু হওয়ায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে বিএনপি। দলটি সংশ্লিষ্ট দুদেশকে যুদ্ধ বন্ধ করে আলোচনার মাধ্যমে শান্তি প্রতিষ্ঠার পথ খুঁজে নেওয়ার আহ্বান জানিয়েছে। বিএনপি মনে করে, এই যুদ্ধ সমগ্র মধ্যপ্রাচ্যসহ অন্য দেশগুলোর অর্থনীতিকে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত করছে। বিএনপি চেয়ারম্যানের গুলশান কার্যালয়ে শনিবার (১১ জুলাই) রাতে দলের জাতীয় স্থায়ী কমিটির সভা থেকে এমন উদ্বেগ জানানো হয়। সভায় সভাপতিত্ব করেন দলের চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান। সভায় সরকারের অগ্রাধিকার প্রকল্প বাস্তবায়নের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করা হয়েছে। একইসঙ্গে নির্বাচনি ইশতেহার বাস্তবায়ন , স্থানীয় সরকার নির্বাচনকে সামনে রেখে সাংগঠনিক কার্যক্রম জোরদার , প্রধানমন্ত্রীর মালয়েশিয়া ও চীন সফরের সাফল্য , মাদক পরিস্থিতি ও আন্তর্জাতিক বিভিন্ন ইস্যু নিয়ে আলোচনা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## তরুণদের স্বাস্থ্য ও দক্ষতায় সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে সরকার

তরুণ প্রজন্মের শারীরিক ও মানসিক স্বাস্থ্য সুরক্ষা এবং তাদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তুলতে সরকার সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী ডা . এম এ মুহিত। তিনি বলেছেন , একটি সুশিক্ষিত ও সুস্বাস্থ্যের অধিকারী তরুণ প্রজন্মই আগামী দিনের বাংলাদেশ গড়ার মূল কারিগর। রোববার (১২ জুলাই) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বিশ্ব জনসংখ্যা দিবস উপ লক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। ড. এম এ মুহিত বলেন , চব্বিশের গণ-অভ্যুত্থানে তরুণ সমাজের যে আশা -আকাঙ্ক্ষা ও স্বপ্ন প্রতিফলিত হয়েছে, তার ওপর ভিত্তি করেই নতুন বাংলাদেশ বিনির্মাণ হচ্ছে। এই স্বপ্নের বাস্তবায়ন এবং সুখী পরিবার গঠনের লক্ষ্যে তরুণদের সুস্বাস্থ্য, মানসম্মত শিক্ষা ও স্বাধীন কর্মসংস্থানের পরিবেশ নিশ্চিত করা রাষ্ট্রের প্রধান দায়িত্ব। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## দুদকের মামলায় ১১ কাস্টমস কর্মকর্তাকে কারাগারে পাঠানোর নির্দেশ

ভুয়া রপ্তানির মাধ্যমে কোটি কোটি টাকা আত্মসাৎ ও অর্থপাচারের অভিযোগে দুর্নীতি দমন কমিশনের (দুদক) করা মামলায় ১১ কাস্টমস কর্মকর্তার জামিন বাতিল করেছেন আদালত। স্থায়ী জামিনের আবেদন নাকচ করে তাদের কারাগারে পাঠানো র আদেশ দেওয়া হয়েছে। রোববার (১২ জুলাই) ঢাকা মহানগর সিনিয়র স্পেশাল জজ মো . শাহজাহান কবির শুনানি শেষে এ আদেশ দেন। ভুয়া রপ্তানির মাধ্যমে কোটি কোটি টাকা আত্মসাৎ ও অর্থপাচারের অভিযোগে দুর্নীতি দমন কমিশনের (দুদক) করা মামলায় ১১ কাস্টমস কর্মকর্তার জামিন বাতিল করেছেন আদালত। স্থায়ী জামিনের আবেদন নাকচ করে তাদের কারাগারে পাঠানোর আদেশ দেওয়া হয়েছে। রোববার (১২ জুলাই) ঢাকা মহানগর সিনিয়র স্পেশাল জজ মো. শাহজাহান কবির শুনানি শেষে এ আদেশ দেন। কারাগারে পাঠানো ১১ জন হলেন জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) কাস্টমস বিভাগের সহকারী কমিশনার জাহাঙ্গীর কবির ও মবিন উল ইসলাম , সাবেক সহকারী কমিশনার মো . জয়নাল আবেদীন, রাজস্ব কর্মকর্তা জমির হোসেন , এ এইচ এম নজরুল ইসলাম , আমির হোসেন সরকার, গৌরাঙ্গ চন্দ্র চৌধুরী, ফরিদ উদ্দিন সরকার ও মো. মঞ্জুরুল হক এবং সাবেক রাজস্ব কর্মকর্তা মো. আব্দুস সাত্তার ও বাসুদেব পাল। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## হামে শিশুর মৃত্যু; ইউনূস-নূরজাহানদের বিরুদ্ধে মামলার আবেদন খারিজ

হামে আক্রান্ত হয়ে ৯ মাস বয়সি এক শিশুর মৃত্যুর ঘটনায় অবহেলার অভিযোগে অন্তর্বর্তী সরকারের সাবেক প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস, সাবেক স্বাস্থ্য উপদেষ্টা নূরজাহান বেগমসহ চারজনের বিরুদ্ধে করা মামলার আবেদন গ্রহণ করেননি আদালত। অভিযোগের পক্ষে মামলা চালানোর মতো পর্যাপ্ত ভিত্তি না পাওয়ায় আবেদনটি খারিজ করা হয়েছে। রোববার (১২ জুলাই) ঢাকার অ্যাডিশনাল চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জশিতা ইসলামের আদালত এ আদেশ দেন। বিষয়টি নিশ্চিত করে আদালতের বেঞ্চ সহকারী আশুতোষ ভৌমিক জানান , মামলা গ্রহণের প্রয়োজনীয়

উপাদান না থাকায় আবেদনটি খারিজ করা হয়েছে। এর আগে , ৫ জুলাই হামে মারা যাওয়া ৯ মাস বয়সি সাউদা মুসকানের বাবা সিরাজুল ইসলাম আদালতে এ আবেদন করেন। সেদিন তার জবানবন্দি গ্রহণের পর আ দেশ অপেক্ষমাণ রেখে ১২ জুলাই আদেশ ঘোষণার দিন ধার্য করা হয়। মামলার আবেদনে ড. মুহাম্মদ ইউনূস ও নূরজাহান বেগম ছাড়াও স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক মহাপরিচালক অধ্যাপক ডা . মো. আবু জাফর এবং সাবেক প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলমকে আসামি করার আবেদন জানানো হয়।(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## দুই মাস পর ঘুরে দাঁড়ালো সঞ্চয়পত্র বিক্রি

টানা দুই মাস নেতিবাচক প্রবণতায় থাকার পর জাতীয় সঞ্চয়পত্র বিক্রিতে আবারও ইতিবাচক ধারা ফিরেছে। ২০২৫-২৬ অর্থবছরের দশম মাস এপ্রিলে সঞ্চয়পত্রের নিট বিক্রি দাঁড়িয়েছে ২২৬০ কোটি ৫৭ লাখ টাকা। অর্থাৎ এ মাসে আগের আসল ও সুদ পরিশোধের তুলনায় নতুন বিক্রি বেশি হয়েছে। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। তথ্য অনুযায়ী, এর আগের মাস মার্চে সঞ্চয়পত্রের নিট বিক্রি ছিল ঋণাত্মক ২ হাজার ১৩৫ কোটি ৮ লাখ টাকা। অর্থাৎ ওই মাসে নতুন বিক্রির চেয়ে আগের আসল ও সুদ বাবদ পরিশোধের পরিমাণ বেশি ছিল। একইভাবে ফেব্রুয়ারিতেও নিট বিক্রি ছিল ঋণাত্মক ১ হাজার ১৬৪ কোটি ৭৬ লাখ টাকা। তবে জানুয়ারিতে পরিস্থিতি ছিল ইতিবাচক। ওই মাসে আগের আসল -সুদ পরিশোধের তুলনায় সঞ্চয়পত্রের নিট বিক্রি হয়েছিল ১ হাজার ৮৫১ কোটি টাকা। এরপর ফেব্রুয়ারি ও মার্চে টানা দুই মাস নেতিবাচক ধারায় থাকার পর এপ্রিলে আবারও ঘুরে দাঁড়ায় সঞ্চয়পত্র বিক্রি। গত অর্থবছরের একই সময়ের তুলনায়ও এপ্রিলে পরিস্থিতির উন্নতি হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরের এপ্রিলে সঞ্চয়পত্রের নিট বিক্রি ছিল ১ হাজার ২৫৯ কোটি ৭৫ লাখ টাকা, যা চলতি বছরের এপ্রিলের তুলনায় প্রায় এক হাজার কোটি টাকা কম। তবে একক মাসে ইতিবাচক প্রবণতা দেখা গেলেও সার্বিক চিত্র এখনও পুরোপুরি অনুকূলে আসেনি। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, ২০২৫-২৬ অর্থবছরের প্রথম ১০ মাসে (জুলাই-এপ্রিল) সঞ্চয়পত্রের নিট বিক্রি এখনও ঋণাত্মক রয়েছে। এ সময়ে নতুন বিক্রির তুলনায় আগের আসল ও সুদ বাবদ ৪২৯ কোটি ২৮ লাখ টাকা বেশি পরিশোধ করতে হয়েছে। অবশ্য আগের অর্থবছরের একই সময়ের তুলনায় এ অবস্থার উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরের জুলাই-এপ্রিল সময়ে সঞ্চয়পত্রের নিট বিক্রি ছিল ঋণাত্মক ৭ হাজার ৪৩১ কোটি ২৬ লাখ টাকা। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## প্রথমবারের মতো বরিশাল যাচ্ছেন প্রধানমন্ত্রী

প্রথমবারের মতো বরিশাল সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সেখানে তিনি বৃক্ষরোপণসহ কয়েকটি কর্মসূচিতে অংশ নেবেন। রোববার (১২ জুলাই) প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন এ তথ্য জানান। আতিকুর রহমান রুমন বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান সোমবার (১৩ জুলাই) সকালে সড়কপথে বরিশাল যাবেন। সেখানে বৃক্ষরোপণের কয়েকটি কর্মসূচি রয়েছে। অতিরিক্ত প্রেস সচিব আরও জানান, কর্মসূচি শেষে প্রধানমন্ত্রী সন্ধ্যায় ঢাকায় ফিরবেন। প্রধানমন্ত্রীর নির্ধারিত কর্মসূচির মধ্যে রয়েছে- গৌরনদীর বাটাজোর ইউনিয়নে নবখনন করা সরিকল-বাটাজোরে বৃক্ষরোপণ কর্মসূচি , জেলা সদরের ত্রিশ গোডাউন বধ্যভূমি এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচি এবং ত্রিশ গোডাউনসংলগ্ন সাগরনদীর পাশে বৃক্ষরোপণ কর্মসূচি। এছাড়া বিকেলে জেলা র শিল্পকলা একাডেমিতে বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে অংশ নেবেন প্রধানমন্ত্রী তারেক রহমান।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## দেশের স্বার্থ ক্ষুণ্ণ করে আইএমএফের কোনো কর্মসূচিতে সরকার অংশ নেবে না

অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, জনস্বার্থ ও দেশের অর্থনৈতিক সুরক্ষা নিশ্চিত করে আইএমএফের সঙ্গে নতুন প্রোগ্রাম হবে। দেশের মানুষের স্বার্থ ক্ষু ণ্ন করে আইএমএফের কোনো কর্মসূচিতে সরকার অংশ নেবে না। তিনি উল্লেখ করেন , পূর্ববর্তী ফ্যাসিস্ট সরকারের নেওয়া আইএমএফের আগের প্রোগ্রামটি ছিল সম্পূ র্ণ জনস্বার্থবিরোধী। সেই কর্মসূচিতে এমন অনেকগুলো শর্ত ছিল , যা একটি গণতান্ত্রিক ও নির্বাচিত সরকারের পক্ষে গ্রহণযোগ্য নয়। এই কারণেই বর্তমান সরকার পূর্বের প্রোগ্রাম থেকে বেরিয়ে এসেছে। রোববার (১২ জুলাই) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে দেশের চলমান রাজনীতি , অর্থনৈতিক উন্নয়ন এবং আন্তর্জাতিক আর্থিক সহযোগিতা বিষয়ে সরকারের গুরুত্বপূর্ণ অবস্থান ও পরিকল্পনা তুলে ধরেন মন্ত্রী। আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন , আমাদের মূল চিন্তা টাকা পাওয়া নিয়ে নয়, বরং দেশের স্বার্থ রক্ষা করা। একটি নির্বাচিত সরকার হিসেবে বাংলাদেশের মানুষের এবং দেশের অর্থনীতির স্বার্থ সুরক্ষিত রাখাই আমাদের প্রধান অগ্রাধিকার। জনগণের অর্থনৈতিক স্বার্থ নিশ্চিত করে এমন একটি নতুন প্রোগ্রামে আমরা যাচ্ছি, যে কর্মসূচিতেই আমরা যাই না কেন, সেখানে বাংলাদেশের জনগণের স্বার্থ শতভাগ সংরক্ষিত থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## শেখ হাসিনার বিচার বাস্তবায়ন না হলে আমরা বিএনপির পতন ঘটাবোঃ নাসিরউদ্দিন পাটোয়ারী

যদি সংস্কার ও শেখ হাসিনার বিচার বাস্তবায়ন না হয়, বিএনপি সরকারের পতন আমরা করবো বলে হুঁশিয়ারি দিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী। তিনি বলেন, ইনশাল্লাহ আমরা সরকার গঠন করে শেখ হাসিনা ও আওয়ামী লীগের খুনিদের ফাঁসিতে ঝুলাবো। বাংলাদেশের সংস্কার বাস্তবায়ন করবো। রোববার (১২ জুলাই) সন্ধ্যা ৬টার দিকে নওগাঁর পোরশা উপজেলার সারাইগাছী মোড়ে `জুলাই পদযাত্রা, কর্মসূচিতে অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন , শেখ হাসিনার বিচার এখনো সম্পন্ন হয়নি। আওয়ামী লীগের যে-সব নেতা বিভিন্ন মামলায় কারাগারে রয়েছেন, তাদেরও বিচারের মুখোমুখি করা হবে। যদি সংস্কার ও শেখ হাসিনার বিচার বাস্তবায়ন না হয়, তাহলে বিএনপি সরকারের পতনও আমরা ঘটাবো। ইনশাল্লাহ সরকার গঠন করে শেখ হাসিনা ও আওয়ামী লীগের খুনিদের ফাঁসিতে ঝুলাবো এবং বাংলাদেশের সংস্কার বাস্তবায়ন করবো। তিনি বলেন , যারা মিডিয়ায় নানা কথা বলছেন, যারা মন্ত্রী-এমপি হয়েছেন, এত গরম দেখাবেন না। আমরা যদি গরম দেখাতে শুরু করি , শেখ হাসিনা তো দিল্লিতে পালিয়েছে , আপনারা কোথায় পালাবেন ? বঙ্গোপসাগরেও পালানোর জায়গা পাবেন না। আমরা ভদ্র আচরণ করছি , কারণ আমরা একটি সভ্য বাংলাদেশ গড়তে চাই। কিন্তু কেউ যদি সুযোগ নিয়ে বেশি বাড়াবাড়ি করেন, কীভাবে টেনে নামাতে হয়, তা আমাদের জানা আছে। আপনাদের যে ভূত এসেছে - রামভূত, দিল্লির ভূত, চাঁদাবাজির ভূত- ইনশাল্লাহ আমরা সেই ভূত নামিয়ে ফেলবো। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠায় এমপিদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছেঃ স্পিকার

জাতীয় সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বলেছেন , স্ট্রেন্থেনিং পার্লামেন্টস ক্যাপাসিটি ইন পপুলেশন অ্যান্ড ডেভেলপমেন্ট ইস্যুজ (এসপিসিপিডি) প্রকল্পের আওতায় টেকসই, বৈষম্যহীন ও মানবসম্পদকেন্দ্রিক সমাজ প্রতিষ্ঠায় সংসদ সদস্যদের (এমপি) গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। জনসংখ্যার রূপান্তর সংশ্লিষ্ট বিষয়কে সংসদে আলোচনায় নিয়ে আসা একটি গুরুত্বপূর্ণ বিষয় বলেও উল্লে খ করেন তিনি। রোববার (১২ জুলাই) জাতীয় সংসদের শপথ কক্ষে `পার্লামেন্টস রোল ইন রিয়ালাইজিং পপুলেশন ডিভাইডেন্ডস এসডিজিস , শীর্ষক অবহিতকরণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন সংসদ সচিবালয়ের সচিব ব্যারিস্টার মো . গোলাম সরওয়ার ভুঁইয়া। বিশেষ অতিথির বক্তব্য দেন সংসদের চিফ হুইপ মো . নূরুল ইসলাম মনি এমপি। স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম বলেন , বাংলাদেশ একটি ঐতিহাসিক মুহূর্তে দাঁড়িয়ে আছে। বিশ্ব জনসংখ্যা দিবসের স্থানীয় প্রতি পাদ্য `তরুণদের আশা -আকাঙ্ক্ষা বাস্তবায়ন করি, আজকের প্রত্যয়ে সুন্দর আগামী গড়ি, বাস্তবায়ন নির্ভর করছে সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপের ওপর। তিনি বলেন, তরুণদের উন্নয়নের মাধ্যমে জনমিতিক লভ্যাংশকে কাজে লাগাতে হবে। স্পিকার বলেন , কৌশলগত সহায়তায় জাতীয় সংসদ সদস্যদের এই ফোরাম গঠনের মাধ্যমে আইন ও নীতি -নির্ধারণে মূল ভূমিকা পালন করবে। এর আওতায় বাল্যবিয়ে প্রতিরোধ ও আইন শক্তিশালীকরণ , কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য ও অধিকার , ডেমোগ্রাফিক ডিভিডেন্ড বা জনসংখ্যাগত লভ্যাংশ অর্জন ইত্যাদি বিষয়গুলো সংশ্লিষ্ট সংসদীয় কমিটিতে অন্তর্ভুক্তি র মাধ্যমে লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সহজ হবে। স্বাস্থ্য , জেন্ডার সমতা, যুব উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত লক্ষ্য বাস্তবায়নে এ প্রকল্প কাজ করবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## বন্যাকবলিতদের মাঝে ২ হাজার প্যাকেট রান্না করা খাবার দিল নৌবাহিনী

বন্যাকবলিত অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছে বাংলাদেশ নৌবাহিনী। রোববার (১২ জুলাই) চট্টগ্রামের বিভিন্ন বন্যাদুর্গত এলাকায় নৌবাহিনীর উদ্যোগে মোট দুই হাজার প্যাকেট রান্না করা খাবার বিতরণ করা হয়েছে।
আন্তঃবাহিনী জনসংযোগ অধিদপ্তর (আইএসপিআর) জানায়, কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চলের তত্ত্বাবধানে বন্যাকবলিত মানুষের মধ্যে ১ হাজার ৬০০ প্যাকেট রান্না করা খাবার বিতরণ করা হয়। এছাড়া , কমান্ডার বিএন ফ্লিটের তত্ত্বাবধানে আরও ৪০০ প্যাকেট রান্না করা খাবার বিতরণ করা হয়েছে। আইএসপিআর জানায় , বন্যাকবলিত মানুষের দুর্ভোগ লাঘবে বাংলাদেশ নৌবাহিনী মানবিক সহায়তা কার্যক্রম অব্যাহত রেখেছে। ক্ষতিগ্রস্ত মানুষের পাশে থেকে প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং তাদের দুর্ভোগ কমাতে নৌবাহিনীর সদস্যরা নিরলসভাবে কাজ করে যাচ্ছেন বলেও জানিয়েছে আইএসপিআর। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## যাত্রাবাড়ীতে পুলিশের বিশেষ অভিযানে গ্রেফতার ২১

রাজধানীর যাত্রাবাড়ী থানা এলাকায় বিশেষ অভিযানে ২১ জনকে গ্রেফতার করেছে যাত্রাবাড়ী থানা পুলিশ। রোববার (১২ জুলাই) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। নিয়াজ মেহেদী বলেন , গতকাল শনিবার (১১ জুলাই) রাজধানীর যাত্রাবাড়ী থানা এলাকায় বিশেষ অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত থাকায় ২১ জনকে গ্রেফতার করেছে যাত্রাবাড়ী থানা পুলিশ। গ্রেফতারদের মধ্যে দুইজনকে পরোয়ানা মূলে, ১৮ জনকে মোবাইল কোর্ট মোতাবেক এবং একজনকে পুরাতন

মামলায় গ্রেফতার দেখানো হয়। আইন -শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

**দেশীয় অস্ত্রসহ কবজি কাটা গ্রুপের সক্রিয় সদস্য গ্রেফতার**

ঢাকার মোহাম্মদপুর এলাকার কুখ্যাত কিশোর গ্যাং কবজি কাটা গ্রুপের এক সক্রিয় সদস্যকে দেশীয় অস্ত্র সহ গ্রেফতার করেছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি)। গ্রেফতারকৃতের নাম শহিদুল ইসলাম আপন (২৮)। রোববার (১২ জুলাই) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ -পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। সিটিটিসির বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, গতকাল শনিবার (১১ জুলাই) রাত আনুমানিক ৯টার দিকে সিটিটিসির সিটি ইন্টেলিজেন্স অ্যানালাইসিস বিভাগের একটি অভিযানিক দল শেখেরটেক এলাকায় বিশেষ অভিযান পরিচালনা ক রে। অভিযানে কুখ্যাত কিশোর গ্যাং কবজি কাটা গ্রুপের সক্রিয় সদস্য আপনকে গ্রেফতার করা হয়। এসময় তার কাছ থেকে একটি চাপাতি ও একটি সুইচ-গিয়ার উদ্ধার করা হয়। গ্রেফতার আপনের বিরুদ্ধে ডিএমপির আদাবর থানায় পূর্বের একটি মামলা রয়েছে। তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

**মানুষের জীবন ও নিরাপত্তাই প্রথম অগ্রাধিকার: মেয়র শাহাদাত**

চট্টগ্রামে চলমান বন্যা পরিস্থিতিতে মানুষের জীবন ও নিরাপত্তাকেই প্রথম অগ্রাধিকার বলে জানিয়েছেন চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) মেয়র ডা. শাহাদাত হোসেন। রোববার (১২ জুলাই) চট্টগ্রামে মৌসুমের সর্বোচ্চ ও রেকর্ড পরিমাণ ভারী বৃষ্টিপাতে ক্ষতিগ্রস্ত হাজারো মানুষের মাঝে ত্রাণসামগ্রী বিতরণকালে তিনি এ কথা বলেন। চসিক ও চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্ট সোসাইটির যৌথ উদ্যোগে নগরের সিএন্ডবি , টেকবাজার, কাপ্তাই রাস্তার মাথা, মোহরাসহ বিভিন্ন ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ ও খাদ্যসামগ্রী বিতরণ করেন মেয়র। এসময় তিনি জলাবদ্ধতাকবলিত এলাকা পরিদর্শন করে স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলেন এবং তাদের দুর্ভোগের কথা শোনেন। ত্রাণ বিতরণ ও ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শনকালে চট্টগ্রাম সি টি রেড ক্রিসেন্টের চেয়ারম্যান ডা . শাহাদাত হোসেন বলেন, অস্বাভাবিক ও রেকর্ড পরিমাণ বৃষ্টিপাতের কারণে নগরের বিভিন্ন এলাকায় জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়াতে ত্রাণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। পাশাপাশি দ্রুত ক্ষতিগ্রস্ত সড়ক ও অবকাঠামো সংস্কারের কাজ শুরু করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৭.২০২৬ রিহাব)

## রেডিও টুডে

**জলাবদ্ধতা মোকাবিলায় কোনো গাফিলতি চলবেনা : প্রধানমন্ত্রী**

অতিবৃষ্টির কারণে সৃষ্টি হওয়া জলাবদ্ধতায় ক্ষতিগ্রস্ত মানুষের জীবন-সম্পদ রক্ষা, দ্রুত ত্রাণ ও চিকিৎসাসেবা নিশ্চিত এবং পরিস্থিতি মোকাবিলায় সর্বোচ্চ সতর্কতা ও সমন্বয়ের সঙ্গে কাজ করতে সংশ্লিষ্ট সব সংস্থা ও মাঠ প্রশাসনকে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার দুপুরে সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে জুম প্ল্যাটফর্মের মাধ্যমে দেশের আট বিভাগের বিভাগীয় কমিশনার, পুলিশের ডিআইজি, জেলা প্রশাসক, পুলিশ সুপার, সিভিল সার্জনসহ মাঠ প্রশাসনের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে অনুষ্ঠিত এক ভার্চুয়াল সভায় তিনি এসব নির্দেশনা দেন। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব মো. সুজাউদ্দৌলা এ তথ্য জানান। তিনি জানান, সভায় বিভাগীয় কমিশনার, ডিআইজি, জেলা প্রশাসক, পুলিশ সুপার, সিভিল সার্জন এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা নিজ নিজ এলাকার জলাবদ্ধতার সর্বশেষ পরিস্থিতি, ক্ষয়ক্ষতি, আশ্রয়কেন্দ্রের অবস্থা, উদ্ধার কার্যক্রম, ত্রাণ বিতরণ এবং চিকিৎসাসেবার অগ্রগতি সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন। প্রধানমন্ত্রী বলেন, দুর্যোগপূর্ণ এই পরিস্থিতিতে মানুষের জীবন ও সম্পদ রক্ষাই প্রশাসনের সর্বোচ্চ অগ্রাধিকার। কোনো ধরনের গাফিলতির সুযোগ নেই। ক্ষতিগ্রস্ত মানুষের কাছে দ্রুত ত্রাণসামগ্রী, শুকনো খাবার, বিশুদ্ধ খাবার পানি, শিশু খাদ্য, প্রয়োজনীয় ঔষধ এবং চিকিৎসাসেবা পৌঁছে দিতে তিনি সংশ্লিষ্টদের নির্দেশ দেন। একইসঙ্গে আশ্রয়কেন্দ্রগুলোতে নিরাপদ পরিবেশ, পর্যাপ্ত স্যানিটেশন ব্যবস্থা, বিদ্যুৎ ও যোগাযোগ সুবিধা সচল রাখার ওপর গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী। তিনি বিশেষভাবে নারী, শিশু, প্রবীণ ব্যক্তি, প্রতিবন্ধী এবং গর্ভবতী নারীদের প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা ও নিরাপত্তা নিশ্চিত করার নির্দেশ দিয়েছেন বলে জানান প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব। সুজন মাহমুদ জানান, সভায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রধানমন্ত্রী আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সর্বোচ্চ সতর্ক থাকার নির্দেশ দিয়ে প্রধানমন্ত্রী বলেন, দুর্যোগকালীন পরিস্থিতির সুযোগ নিয়ে কোনো অসাধু চক্র যেন চুরি, ডাকাতি, মজুতদারি, ত্রাণ আত্মসাৎ বা অন্য কোনো অপরাধমূলক কর্মকাণ্ডে জড়াতে না পারে, তা নিশ্চিত করতে হবে। পাশাপাশি ত্রাণ বিতরণে স্বচ্ছতা, জবাবদিহিতা এবং প্রকৃত ক্ষতিগ্রস্তদের অগ্রাধিকার নিশ্চিত করার উপরও গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সভায় দুর্যোগ মোকাবিলায় প্রশাসনের প্রস্তুতি, স্থানীয় প্রশাসনের কার্যক্রম, উদ্ধার কার্যক্রমে বিভিন্ন সংস্থার সমন্বয়, নদ-নদীর পানির স্তর এবং আবহাওয়ার পূর্বাভাস নিয়মিত পর্যবেক্ষণের বিষয়েও বিস্তারিত আলোচনা হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৭.২০২৬ আসাদ)

## জমির উদ্দিন সরকারের জানাজায় প্রধানমন্ত্রীর অংশগ্রহণ

সাবেক ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি ও জাতীয় সংসদের সাবেক স্পিকার ব্যারিস্টার জমির উদ্দিন সরকারের জানাজায় অংশগ্রহণ করেছেন বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী তারেক রহমান। বিকেল ৫টা ৪০ মিনিটে জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় এই জানাজা সম্পন্ন হয়। জানাজা শেষে প্রধানমন্ত্রী মরহুমের কফিনে ফুলেল শ্রদ্ধা নিবেদন করেন। পরে সংসদের নির্ধারিত চত্বরে জমির উদ্দিন সরকারকে দাফনের জন্য নিয়ে যাওয়া হয়। এর আগে, জমির উদ্দিন সরকারের রুহের মাগফেরাত কামনা করে বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ, ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল, চিফ হুইপ মো. নূরুল ইসলাম, জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান, বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বক্তব্য রাখেন। এ সময় বক্তারা জমির উদ্দিন সরকারের দেশের জন্য বিভিন্ন অবদান ও দায়িত্বের কথা তুলে ধরেন। পরিবারের পক্ষ থেকে মরহুমের বড়ো ছেলে পঞ্চগড়-১ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার মুহাম্মদ নওশাদ জমির বক্তব্য রাখেন। এসময় তিনি তারা বাবার রুহের মাগফেরাত কামনা করে সবার নিকট দোয়া কামনা করেন। এ ছাড়াও জানাজায় স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু, বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খানসহ সংসদ সদস্যরা অংশগ্রহণ করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৭.২০২৬)

## ঢাকা সিটির বর্জ্য থেকে বিদ্যুৎ প্রকল্প নিয়ে প্রধানমন্ত্রীর বৈঠক

প্রধানমন্ত্রী তারেক রহমান ঢাকা উত্তর সিটি করপোরেশনের আমিনবাজার ও দক্ষিণ সিটির মাতুয়াইলে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের দুটি প্রকল্প নিয়ে বৈঠক করেছেন। আজ রোববার সকালে বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে বৈঠকটি অনুষ্ঠিত হয়। বৈঠক সূত্রে জানা গেছে, চীনের সিএমইসি গ্রুপ আমিনবাজারে একটি বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণে বিনিয়োগ করবে। প্রকল্পটি প্রতিদিন ঢাকা শহরের প্রায় তিন হাজার টন বর্জ্য ব্যবহার করে ৪২.৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করবে। এছাড়া, ২০২৮ সালের আগস্টের মধ্যে প্রকল্পটি জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ শুরু করবে বলে আশা করা হচ্ছে। এ প্রকল্পের মাধ্যমে আগামী ২৫ বছর বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হবে। অন্যদিকে দক্ষিণ কোরিয়ার বি এন্ড এফ কোম্পানি ঢাকা দক্ষিণ সিটির মাতুয়াইলে একটি বর্জ্য ব্যবস্থাপনা ও বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়ন করবে। এ প্রকল্পের মাধ্যমে বছরে বর্জ্য থেকে প্রায় ১৫ হাজার টন মিথেন গ্যাস উৎপাদিত হবে, যা থেকে বছরে প্রায় ৮১ হাজার মেগাওয়াট-ঘণ্টা বিদ্যুৎ উৎপাদন করা হবে। এটি দৈনিক প্রায় ২২১ মেগাওয়াট-ঘণ্টা বিদ্যুৎ উৎপাদনের সমতুল্য। এছাড়া এ প্রকল্প থেকে সৌরবিদ্যুৎ, সার, পশুখাদ্য এবং পরিবেশবান্ধব ইকো-ব্রিকস উৎপাদন করা হবে। এ প্রকল্পে প্রতিদিন প্রায় তিন হাজার থেকে সাড়ে তিন হাজার টন বর্জ্য ব্যবহার করা হবে। এটি বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়নের পাশাপাশি জলবায়ু পরিবর্তন মোকাবিলা এবং বৈশ্বিক উষ্ণায়ন প্রশমনে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে বৈঠকে জানানো হয়। প্রকল্প দুটি দ্রুত এগিয়ে নিতে প্রধানমন্ত্রী স্থানীয় সরকার, বিদ্যুৎ ও পরিবেশ মন্ত্রণালয়ের মধ্যে একটি আন্তঃমন্ত্রণালয় বৈঠক আয়োজনের নির্দেশ দেন।

(রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৭.২০২৬ আসাদ)

## সাবেক স্পিকার জমির উদ্দিন সরকার আর নেই

বিএনপির স্থায়ী কমিটির সদস্য, জাতীয় সংসদের সাবেক স্পিকার জমির উদ্দিন সরকার মারা গেছেন (ইন্না-লিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। আজ রোববার ভোররাতে রাজধানীর শ্যামলীতে বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন দেশের প্রবীণ এই রাজনীতিক। জমির উদ্দিন সরকার ১৯৩১ সালের ১ ডিসেম্বর পঞ্চগড় জেলার তেতুঁলিয়া থানার নয়াবাড়ি গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি দুই দফা বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া দুইবার বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপতি হিসেবেও দায়িৎব পালন করেন।

(রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৭.২০২৬ আসাদ)

## দেশের স্বার্থ ক্ষুণ্ণ করে আইএমএফের কোনো কর্মসূচিতে সরকার অংশ নেবে না : অর্থমন্ত্রী

পুরোনো ঋণ কর্মসূচি বাদ দিয়ে নতুন কর্মসূচি নিয়ে সরকারের সঙ্গে প্রাথমিক আলোচনা শুরু করেছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল। সচিবালয়ে অর্থ বিভাগের সঙ্গে বৈঠক করেছে ঢাকা সফররত সংস্থাটির ১২ সদস্যের প্রতিনিধি দল। এ বিষয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, ফ্যাসিস্ট আমলে নেওয়া ঋণ কর্মসূচি জনগণের স্বার্থ রক্ষা করেনি। তাই সেটি বাদ দিয়ে নতুন ঋণ কর্মসূচি নিয়ে আলোচনা চলছে। দেশের স্বার্থ ক্ষুণ্ণ করে আইএমএফের কোনো কর্মসূচিতে সরকার অংশ নেবে না। এর অংশ হিসেবে রবিবার দুপুরে সচিবালয়ে অর্থ বিভাগের সঙ্গে বৈঠকে বসে আইএমএফের মুদ্রা ও পুঁজিবাজার বিভাগের ডেপুটি ডিভিশন প্রধান ইভো ক্রজনারের নেতৃত্বাধীন প্রতিনিধি দল। বৈঠকের বিষয়ে অর্থমন্ত্রী জানান, দেশের স্বার্থকে প্রাধান্য দিয়েই আইএমএফের সঙ্গে নতুন ঋণ কর্মসূচিতে যুক্ত হচ্ছে সরকার। একইসঙ্গে তিনি আগের ঋণ কর্মসূচির সমালোচনা করেন। তিনি বলেন, ”আইএমএফের আগের ঋণ কর্মসূচি থেকে বেরিয়ে এসেছে বর্তমান সরকার। জনগণের স্বার্থে নতুন করে ঋণ কর্মসূচিতে যাচ্ছি। কিস্তির টাকা পাওয়া নিয়ে

চিন্তা করছি না। আগের সরকার যে ঋণ কর্মসূচি নিয়েছিল, তাতে জনগণের স্বার্থ সুরক্ষিত করা হয়নি।„ এ সময় অর্থমন্ত্রী আরও জানান, আগের ঋণ কর্মসূচির আওতায় ষষ্ঠ কিস্তির অর্থ ছাড় নিয়ে সরকারের কোনো উদ্বেগ নেই। পাশাপাশি বিদেশি বিনিয়োগকারী ও পর্যটকদের সুবিধার জন্য ভিসা নীতিতেও পরিবর্তন আনা হবে।

(রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৭.২০২৬ আসাদ)

## পাঁচ নদীর পানি বিপৎসীমার ওপরে, ১৬ জেলায় বন্যা সতর্কতা

দেশের বিভিন্ন নদ-নদীর পানি বৃদ্ধি অব্যাহত থাকায় আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় ১৬ জেলায় স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতির সৃষ্টি বা অবনতির আশঙ্কা করা হচ্ছে। ইতোমধ্যে দেশের পাঁচটি নদীর পাঁচটি পয়েন্টে পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। রোববার বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের বিশেষ সতর্কবার্তায় এ তথ্য জানানো হয়েছে। সতর্কবার্তায় বলা হয়েছে, বান্দরবান ও চট্টগ্রামের দোহাজারী পয়েন্টে সাঙ্গু নদী, সুনামগঞ্জের মারকুলি ও সিলেটের ফেঞ্চুগঞ্জ পয়েন্টে কুশিয়ারা নদী এবং নেত্রকোণার কলমাকান্দা পয়েন্টে সোমেশ্বরী নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এ অবস্থায় আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় ফেনী, চট্টগ্রাম ও খাগড়াছড়ির নদীসংলগ্ন নিম্নাঞ্চলে কোথাও কোথাও স্বল্পমেয়াদি বন্যা দেখা দিতে পারে। একই সময়ে লক্ষ্মীপুর ও নোয়াখালীর নিম্নাঞ্চলের কিছু এলাকা সাময়িকভাবে প্লাবিত হওয়ার আশঙ্কা রয়েছে। এ ছাড়া সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোণা, শেরপুর ও ময়মনসিংহ জেলার নিম্নাঞ্চলে চলমান বন্যা পরিস্থিতির কোথাও কোথাও নতুন করে বিস্তার বা আরও অবনতি হতে পারে বলে জানিয়েছে কেন্দ্রটি। রংপুর বিভাগের নীলফামারী, লালমনিরহাট, রংপুর ও কুড়িগ্রামের নদীসংলগ্ন নিম্নাঞ্চলেও একই সময়ে স্বল্পমেয়াদি বন্যার আশঙ্কা রয়েছে। তবে কিছু এলাকায় পরিস্থিতির উন্নতির আভাসও দিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। সংস্থাটি জানিয়েছে, আগামী ২৪ ঘণ্টায় বান্দরবান, চট্টগ্রাম ও কক্সবাজারের সাঙ্গু ও মাতামুহুরী নদী এবং মৌলভীবাজার ও হবিগঞ্জের মনু, ধলাই ও খোয়াই নদীর পানি কমতে পারে। এতে এসব নদীসংলগ্ন নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হওয়ার সম্ভাবনা রয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৭.২০২৬ আসাদ)

## বন্যাদুর্গতদের সহায়তায় ১১ জেলায় বিজিবি মোতায়েন

টানা ভারী থেকে অতি ভারী বৃষ্টিতে দেশের বিভিন্ন এলাকায় সৃষ্ট বন্যা পরিস্থিতি মোকাবিলায় ১১ জেলায় বর্ডার গার্ড বাংলাদেশ  মোতায়েন করা হয়েছে। উদ্ধার তৎপরতার পাশাপাশি ত্রাণ বিতরণ, চিকিৎসাসেবা, নিরাপদ আশ্রয়ে সরিয়ে নেওয়া এবং ক্ষতিগ্রস্ত যোগাযোগ ব্যবস্থা পুনরুদ্ধারের কাজ করছে বাহিনীটি। রোববার বিজিবি সদর দপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, কক্সবাজার, বান্দরবান, রাঙামাটি, খাগড়াছড়ি, চট্টগ্রাম, ফেনী, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ, নেত্রকোনা ও জামালপুর জেলায় বিজিবির সদস্যরা দায়িত্ব পালন করছেন। টানা বর্ষণ, পাহাড়ি ঢল, বন্যা ও ভূমিধসে ক্ষতিগ্রস্ত মানুষের উদ্ধার, নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া, ত্রাণসামগ্রী বিতরণ, জরুরি চিকিৎসাসেবা এবং ঝুঁকিপূর্ণ অবকাঠামো সুরক্ষায় তারা কাজ করছেন। বিজিবি জানিয়েছে, দুর্যোগ পরিস্থিতি মোকাবিলায় ১১ জেলার মোট ৯০টি পয়েন্টে সার্বক্ষণিক বন্যা পরিস্থিতি পর্যবেক্ষণ ও মনিটরিং করা হচ্ছে। একইসঙ্গে প্রয়োজন অনুযায়ী তাৎক্ষণিক উদ্ধার ও মানবিক সহায়তা নিশ্চিত করা হচ্ছে।

(রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৭.২০২৬ আসাদ)

## ডোমারে ট্রাকচাপায় একই পরিবারের তিনজনসহ নিহত ৪

নীলফামারীর ডোমারে ট্রাকের চাপায় একই পরিবারের তিনজনসহ চারজন নিহত হয়েছেন। এ ঘটনায় আরও দু-জন গুরুতর আহত হয়েছেন। রোববার বিকেলে উপজেলার বোড়াগাড়ী ব্রিজসংলগ্ন ডোমার-জলঢাকা আঞ্চলিক সড়কে এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- ডোমার উপজেলার নাদিয়াপাড়া এলাকার ভ্যানচালক পরিমল বর্মন, একই এলাকার প্রতিমা রানি এবং তার দুই ছেলে পিতোসা ও যাদব। প্রতিমা ও তার দুই সন্তান একই পরিবারের সদস্য। স্থানীয় বাসিন্দা ও পুলিশ জানায়, বিকেলে যাত্রীবাহী একটি ব্যাটারিচালিত ভ্যান ডোমার-জলঢাকা আঞ্চলিক সড়ক দিয়ে যাচ্ছিল। পথে পেছন থেকে আসা একটি দ্রুতগতির ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে ভ্যানটিকে সজোরে ধাক্কা দেয়। এতে ভ্যানটি দুমড়ে-মুচড়ে যায়। ঘটনাস্থলেই ভ্যানচালক পরিমল বর্মন এবং একই পরিবারের তিন যাত্রীর মৃত্যু হয়। খবর পেয়ে স্থানীয়রা আহত দু-জনকে উদ্ধার করে ডোমার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। ডোমার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. হাবিবুল্লাহ দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করেছে। এ ঘটনায় পরবর্তী আইনি প্রক্রিয়া চলছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৭.২০২৬ আসাদ)

## একসঙ্গে ৫৮ সিভিল জজকে বদলি, আইন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয় একসঙ্গে ৫৮ জন সিভিল জজকে বদলি করেছে। রোববার এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। মন্ত্রণালয়ের উপ-সচিব এএফএম গোলজার রহমান স্বাক্ষরিত বদলি আদেশে সংশ্লিষ্ট বিচারকদের আগামী ১৬ জুলাইয়ের মধ্যে নতুন কর্মস্থলে যোগদানের নির্দেশ দেওয়া হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, সুপ্রিম কোর্টের পরামর্শক্রমে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সিভিল জজদের তাদের নামের পাশে উল্লিখিত নতুন পদ

ও কর্মস্থলে নিয়োগ দেওয়া হয়েছে। তাদের বর্তমান কর্মস্থলের দায়িত্ব হস্তান্তর করে নির্ধারিত সময়ের মধ্যে নতুন কর্মস্থলে যোগ দিতে হবে। এতে আরও বলা হয়, যে-সব বিচারক বর্তমানে প্রশিক্ষণ বা ছুটিতে রয়েছেন, তারা প্রশিক্ষণ বা ছুটি শেষ হওয়ার পরপরই নতুন কর্মস্থলে যোগদান করবেন। যোগদানের সময় তারা বর্তমান পদের দায়িত্বভার যথাযথভাবে হস্তান্তর করবেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৭.২০২৬)

## বন্যায় চট্টগ্রামে মৎস্যে ক্ষতি শতকোটি, ভুক্তভোগী ১০ হাজার চাষি

চট্টগ্রামে ভয়াবহ বন্যায় মৎস্য সম্পদের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। ভেসে গেছে পুকুর, দিঘি ও ঘের। বেরিয়ে গেছে মাছ। এতে কপালে হাত পড়েছে মৎস্যচাষিদের। অনেকের পথে বসার উপক্রম। জেলায় চলতি বন্যায় শুধু মৎস্য খাতেই ক্ষতি হয়েছে শতকোটি টাকা। প্রায় ১০ হাজার মাছচাষি ক্ষতির মুখে পড়েছেন। জেলা মৎস্য অফিসের তথ্য অনুযায়ী, বন্যায় শনিবার পর্যন্ত চট্টগ্রাম জেলার ১৫টি উপজেলার ১৫৩টি ইউনিয়ন প্লাবিত হয়েছে। এতে মৎস্য খাতে ক্ষতির পরিমাণ ১০৯ কোটি টাকা। মোট ১২ হাজার ২৫১টি পুকুর, দিঘি ও খামার ভেসে গেছে, যার মোট আয়তন ৪ হাজার ১০৬ হেক্টর। পুকুর-দিঘি ছাড়াও ৩২০টি মাছের ঘের ক্ষতিগ্রস্ত হয়েছে। এসব পুকুর, দিঘি ও ঘের পানিতে তলিয়ে যাওয়ায় মাছ বের হয়ে অনেকটা মৎস্যশূন্য হয়ে পড়েছে। প্রাথমিকভাবে ক্ষতির পরিমাণ ১০৯ কোটি টাকা নির্ধারণ করা হলেও, তা আরও বাড়বে বলে ধারণা করা হচ্ছে। জেলা মৎস্য অফিস সূত্রে জানা গেছে, বাঁশখালী, সাতকানিয়া, চন্দনাইশ, সীতাকুণ্ড ও হাটহাজারী উপজেলা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। চট্টগ্রাম জেলা মৎস্য কর্মকর্তা সালমা বেগম জানান, এখনো অনেক এলাকা পানির নিচে। তাই ক্ষতির চূড়ান্ত হিসাব তৈরি করা সম্ভব হয়নি। প্রাথমিক হিসাবে মৎস্য খাতে ১০৯ কোটি টাকার ক্ষতির তথ্য পাওয়া গেছে। চূড়ান্ত হিসাবে ক্ষতির পরিমাণ আরও বাড়বে। মাছ ভেসে যাওয়ায় পুরো জেলায় প্রায় ১০ হাজার চাষি ক্ষতিগ্রস্ত হয়েছেন। তিনি আরও জানান, বন্যার পানি নেমে গেলে চূড়ান্ত হিসাব তৈরি করে ক্ষতিগ্রস্ত চাষিদের সহায়তার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে চিঠি পাঠানো হবে। সাধারণত সহায়তা হিসেবে সরকারের তরফে মাছের পোনা ও খাদ্য দেওয়া হয় বলে তিনি জানান।
(রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৭.২০২৬)

## চট্টগ্রাম ছাড়া সব বোর্ডে নির্ধারিত সূচিতে এইচএসসি পরীক্ষা

চট্টগ্রাম শিক্ষা বোর্ড ছাড়া দেশের সব শিক্ষা বোর্ডের এইচএসসি ও সমমানের পরীক্ষা নির্ধারিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। তবে পূর্ব ঘোষণা অনুযায়ী, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন ১৩, ১৫ ও ১৬ জুলাইয়ের পরীক্ষাগুলো স্থগিত থাকবে। রোববার সন্ধ্যায় বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি এবং ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, সিলেট, বরিশাল, দিনাজপুর ও ময়মনসিংহ শিক্ষা বোর্ডের অধীন সব জেলার এইচএসসি পরীক্ষা পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। একইসঙ্গে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষাগুলোও যথাসময়ে অনুষ্ঠিত হবে। অন্যদিকে, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সব জেলা এবং ওই অঞ্চলের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের ১৩, ১৫ ও ১৬ জুলাইয়ের এইচএসসি, আলিম, এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা স্থগিত থাকবে। এর আগে, টানা বৃষ্টি ও দেশের বিভিন্ন এলাকায় জলাবদ্ধতা-বন্যা পরিস্থিতির কারণে এইচএসসি ও সমমানের পরীক্ষা আয়োজন নিয়ে পরিস্থিতি পর্যবেক্ষণের কথা জানিয়েছিলেন শিক্ষা ও প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি জানিয়েছিলেন, শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করে পরিস্থিতি পর্যালোচনা করছে। ৬৪ জেলার জেলা প্রশাসক ও শিক্ষা বোর্ডগুলোর সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে। আবহাওয়া পরিস্থিতি বিশ্লেষণ করেই পরীক্ষা নেওয়া বা স্থগিতের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৭.২০২৬ আসাদ)

## বছরে হাসিনার খাবারের খরচ ছিল ৩৫ কোটি : সংসদে অর্থমন্ত্রী

মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি, ভাস্কর্য, বেদি, প্রতিকৃতি এবং ডিজিটাল সময় গণনার বোর্ড নির্মাণে সরকারের মোট ব্যয় হয়েছে ৯৮২ কোটি ৯১ লাখ ৭৪ হাজার টাকা বলে জাতীয় সংসদে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। একইসঙ্গে তিনি জানান, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার এক বছরের খাবার বাবদ সরকারি ব্যয় হয়েছে প্রায় ৩৫ কোটি টাকা। রোববার জাতীয় সংসদে রংপুর-৩ আসনের সংসদ সদস্য মাহবুবুর রহমান বেলালের প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এ তথ্য দেন। স্পিকারের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশ্নোত্তরপর্বে অর্থমন্ত্রী জানান, দেশের ৬২ মন্ত্রণালয় ও বিভাগের মধ্যে ৪৩ মন্ত্রণালয় ও বিভাগের মাধ্যমে এ অর্থ ব্যয় করা হয়। অর্থমন্ত্রীর দেওয়া তথ্যানুযায়ী, স্থানীয় সরকার মন্ত্রণালয় সর্বোচ্চ ২৮৩ কোটি ১৫ লাখ টাকা ব্যয় করে। এছাড়া রেলপথ মন্ত্রণালয় ২০৬ কোটি ৭৩ লাখ ৭১ হাজার টাকা, মন্ত্রিপরিষদ বিভাগ ১৪০ কোটি ৪৫ লাখ ৫০ হাজার টাকা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ১৩৩ কোটি ৩ লাখ ২০ হাজার টাকা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ৪৭ কোটি ৬৬ লাখ ৫৬ হাজার টাকা, সংস্কৃতি মন্ত্রণালয় ২৬ কোটি ২৬ লাখ ৪১ হাজার টাকা, প্রতিরক্ষা মন্ত্রণালয় ২৪ কোটি ৩০ লাখ ৪৩ হাজার টাকা, সড়ক

পরিবহন ও মহাসড়ক বিভাগ ২৩ কোটি ২০ হাজার টাকা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ২০ কোটি ৪৯ লাখ ২০ হাজার টাকা ব্যয় করে।

**নিরীক্ষা নিয়ে প্রশ্ন**

সম্পূরক প্রশ্নে জামায়াতের এমপি মাহবুবুর রহমান বেলাল জানতে চান, বিপুল এ সরকারি ব্যয়ের কোনো নিরীক্ষা বা তদন্তের উদ্যোগ নেওয়া হয়েছে কি না। সরকারি অর্থের অপচয় বা অনিয়মে জড়িতদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে কি না এবং ভবিষ্যতে কোনো ব্যক্তিকেন্দ্রিক প্রচারে এ ধরনের ব্যয় বন্ধে সরকার কী পদক্ষেপ নেবে, তাও জানতে চান তিনি। জবাবে অর্থমন্ত্রী বলেন, মুজিববর্ষের ব্যয় নিরীক্ষা বা তদন্তের বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি। তিনি বলেন, আগের সরকারের সময় বিভিন্ন খাতে ব্যয়ের আরো অনেক বিষয় রয়েছে এবং সরকার পর্যায়ক্রমে সেগুলোর হিসাব যাচাই করছে। যাচাই শেষে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেওয়া হবে। এ সময় অর্থমন্ত্রী বলেন, এটা তো শুধু মুজিববর্ষ। এছাড়া প্রধানমন্ত্রীর (শেখ হাসিনার) এক বছরে খাওয়া-দাওয়ায় খরচ হয় ৩৫ কোটি টাকা। বর্তমান ও সাবেক প্রধানমন্ত্রীর ব্যয়ের প্রসঙ্গ টেনে তিনি বলেন, বিষয়টি শুধু একটি খাতে সীমাবদ্ধ নয়, এ ধরনের আরো অনেক ব্যয় রয়েছে। তিনি বলেন, সবগুলোর বিষয়ে ক্রমান্বয়ে স্টক চেকিং করছি। এ বিষয়ে কী সিদ্ধান্ত নেওয়া হবে, তা পরে নিশ্চিত করব। (রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৭.২০২৬)

## প্রধানমন্ত্রীর সঙ্গে অলিম্পিয়াড অ্যাসোসিয়েশনের স্বর্ণপদকজয়ী শিক্ষার্থীদের সাক্ষাৎ

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন ইন্টারন্যাশনাল অলিম্পিয়াড অ্যাসোসিয়েশনের স্বর্ণপদকজয়ী বাংলাদেশি শিক্ষার্থীদের একটি প্রতিনিধিদল। আজ (রোববার, ১২ জুলাই) বিকেল সাড়ে ৫টায় জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব শাহাদাৎ স্বাধীন এ কথা জানান। তিনি জানান, এ সময় প্রধানমন্ত্রী স্বর্ণপদকজয়ী শিক্ষার্থীসহ প্রতিনিধিদলের সকল সদস্যকে আন্তরিক অভিনন্দন জানান। আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশি শিক্ষার্থীদের এ সাফল্যে তিনি গর্ববোধ করেন এবং বলেন, দেশের নতুন প্রজন্মের উদ্ভাবনী ও সৃজনশীল মেধার বিকাশে বর্তমান সরকার সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের বিজয়ী প্রকল্প সম্পর্কে বিস্তারিত জানতে চান। তিনি তাদের পড়াশোনা, গবেষণা এবং ভবিষ্যৎ পরিকল্পনার কথা মনোযোগ দিয়ে শোনেন এবং নতুন নতুন উদ্ভাবনী ও সৃজনশীল উদ্যোগে আরও এগিয়ে যেতে উৎসাহিত করেন। উপ-প্রেস সচিব জানান, প্রতিনিধিদল আগামী ২ থেকে ৮ আগস্ট কাজাখস্তানে অনুষ্ঠিতব্য এআই ইন্টারন্যাশনাল অলিম্পিয়াডে অংশগ্রহণের বিষয়টি প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরে। প্রধানমন্ত্রী তাদের সর্বাত্মক সাফল্য কামনা করেন এবং এ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। এ সময় প্রধানমন্ত্রী স্বর্ণপদকজয়ী হোমনা আদর্শ বিদ্যালয়ের দশম শ্রেণির শিক্ষার্থী লাবিব শাহরিয়ার, মৌলভীবাজার সরকারি কলেজের একাদশ শ্রেণির শিক্ষার্থী সাইদুজ্জামান আরাফ এবং নটর ডেম কলেজের একাদশ শ্রেণির শিক্ষার্থী ত্রিদিব রায় আর্যকে একটি করে ল্যাপটপ উপহার দেন। এছাড়া দলের অন্যান্য সদস্য নাইরা নাওয়ার আহমেদ, নাওফিল রহমান, অনন্য যারিফ আকন্দ, মুবতাসিম চৌধুরী পিয়ম এবং মুরতাযা আব্দুল্লাহকে বই উপহার দেন।

(রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৭.২০২৬ আসাদ)

## কাতারের সাবেক আমির হামাদ বিন খলিফার মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

কাতারের সাবেক আমির এবং বর্তমান আমিরের শ্রদ্ধেয় পিতা হিজ হাইনেস শেখ হামাদ বিন খলিফা আল থানির মৃত্যুতে শোক জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার রাতে দেওয়া এক ফেসবুক পোস্টে তিনি কাতারের বর্তমান আমির, রাজপরিবার, সরকার এবং দেশটির জনগণের প্রতি আন্তরিক সমবেদনা জানান। পোস্টে তিনি লিখেন, কাতারের সাবেক আমির এবং আপনার শ্রদ্ধেয় পিতা হিজ হাইনেস শেখ হামাদ বিন খলিফা আল থানির মৃত্যু সংবাদে আমি গভীরভাবে শোকাহত। বাংলাদেশ সরকার, বাংলাদেশের জনগণ এবং আমার নিজের পক্ষ থেকে আমি মহামান্য, রাজপরিবার, কাতার রাষ্ট্রের সরকার এবং ভ্রাতৃপ্রতিম কাতারের জনগণের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছি। হিজ হাইনেস শেখ হামাদ বিন খলিফা আল থানি ছিলেন একজন দূরদর্শী রাষ্ট্রনায়ক। তার বিচক্ষণ ও অনন্য নেতৃত্বে কাতার একটি আধুনিক, সমৃদ্ধ এবং বিশ্বে সম্মানিত রাষ্ট্রে পরিণত হয়েছে। আঞ্চলিক শান্তি প্রতিষ্ঠা, অর্থনৈতিক উন্নয়ন, শিক্ষা এবং আন্তর্জাতিক সহযোগিতায় তার অসামান্য অবদান গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণীয় হয়ে থাকবে।

(রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৭.২০২৬ আসাদ)

## দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৩৬ দশমিক ৫৮ বিলিয়ন ডলার

দেশের মোট বৈদেশিক মুদ্রার রিজার্ভ দাঁড়িয়েছে ৩৬ দশমিক ৫৮ বিলিয়ন ডলারে। তবে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের হিসাব পদ্ধতি বিপিএম৬ অনুযায়ী, এই রিজার্ভের পরিমাণ ৩১ দশমিক ৯৪ বিলিয়ন ডলার। রোববার কেন্দ্রীয় ব্যাংকের পক্ষ থেকে এ তথ্য জানানো হয়েছে। এদিকে আজ জাতীয় সংসদের অধিবেশনে সংসদ সদস্য মো. নুরুল ইসলামের এক প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী জানান, বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্য অনুযায়ী, চলতি বছর ২৫ জুন পর্যন্ত বৈদেশিক মুদ্রার বর্তমান রিজার্ভ প্রায় ৩৬ দশমিক ০৮ বিলিয়ন মার্কিন ডলার। বৈদেশিক মুদ্রার রিজার্ভ বাংলাদেশ ব্যাংক কর্তৃক

মূলত সরকারের বৈদেশিক দায়-দেনা নিষ্পত্তি এবং সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখার উদ্দেশ্যে ব্যবহৃত হয়ে থাকে। বর্তমানে দেশে বৈদেশিক মুদ্রা বাজারে পর্যাপ্ত তারল্য থাকায় ও বৈদেশিক মুদ্রার বিনিময় হার স্থিতিশীল থাকায় সামগ্রিকভাবে বৈদেশিক মুদ্রার বাজার স্থিতিশীল রয়েছে। আমদানি ঋণপত্র খোলা ও বৈদেশিক লেনদেন পরিচালনায় সামগ্রিকভাবে ডলার সংকট বিদ্যমান নেই। (রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৭.২০২৬ আসাদ)

## বন্যা ও পাহাড়ধসের পৃথক ঘটনায় কক্সবাজারে নিহত বেড়ে ২৮

টানা বৃষ্টিতে কক্সবাজারে বন্যা পরিস্থিতি ভয়াবহ পর্যায়ে পৌছেছে। বর্ষণ অব্যাহত থাকায় বন্যাদুর্গত এলাকাগুলোতে দুর্ভোগ বাড়ছে। এই পরিস্থিতিতে বন্যা ও পাহাড়ধসের পৃথক ঘটনায় কক্সবাজারে মোট ২৮ জনের মৃত্যুর তথ্য নিশ্চিত করেছে প্রশাসন। রোববার কক্সবাজারের জেলা প্রশাসক এম এ মান্নান এই তথ্য নিশ্চিত করেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৭.২০২৬ আসাদ)

## ঢাকা-কাঠমান্ডু রুটে ফিরছে ইউএস-বাংলা

দীর্ঘ বিরতির পর আগামী সেপ্টেম্বর থেকে ঢাকা-কাঠমান্ডু রুটে পুনরায় নির্ধারিত ফ্লাইট চালু করতে যাচ্ছে দেশের অন্যতম বেসরকারি বিমান সংস্থা ইউএস-বাংলা এয়ারলাইন্স। প্রাথমিকভাবে সপ্তাহে চারটি ফ্লাইট পরিচালনার পরিকল্পনা রয়েছে। এ রুটে বোয়িং ৭৩৭-৮০০ উড়োজাহাজ ব্যবহার করা হবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। ইউএস-বাংলা এয়ারলাইন্সের মহাব্যবস্থাপক (জনসংযোগ) কামরুল ইসলাম বলেন, খুব শিগ্‌গিরই ঢাকা-কাঠমান্ডু রুটে ফ্লাইট চালু করতে যাচ্ছে ইউএস-বাংলা এয়ারলাইন্স। প্রয়োজনীয় প্রস্তুতি শেষ পর্যায়ে রয়েছে। আনুষ্ঠানিক ঘোষণা শিগ্‌গিরই দেওয়া হবে। প্রায় ৮ বছর পর আবারও ঢাকা-কাঠমান্ডু রুটে ইউএস-বাংলার প্রত্যাবর্তনকে ইতিবাচক হিসেবে দেখছেন সংশ্লিষ্টরা। বর্তমানে এ রুটে সীমিতসংখ্যক এয়ারলাইন্স ফ্লাইট পরিচালনা করছে। নতুন করে ইউএস-বাংলা যুক্ত হলে প্রতিযোগিতা বাড়বে, যা যাত্রীদের জন্য ভাড়া কমানো, সময়সূচিতে বৈচিত্র্য এবং উন্নত সেবার সুযোগ সৃষ্টি করবে। বিশেষ করে নেপালগামী পর্যটক, ব্যবসায়ী ও ধর্মীয় ভ্রমণকারীরা বাড়তি বিকল্প পাবেন বলে মনে করছেন সংশ্লিষ্টরা। বিমান পরিবহণ খাতের বিশ্লেষকদের মতে, এই রুটে প্রতিযোগিতা বৃদ্ধি পেলে শেষ পর্যন্ত সবচেয়ে বেশি লাভবান হবেন যাত্রীরাই। ২০১৮ সালের ১২ মার্চ কাঠমান্ডুর ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরে ইউএস-বাংলা এয়ারলাইন্সের ফ্লাইট বিএস-২১১ বিধ্বস্ত হওয়ার পর এই রুটে সংস্থাটির ফ্লাইট পরিচালনা বন্ধ হয়ে যায়। ঢাকা থেকে ছেড়ে যাওয়া বোম্বার্ডিয়ার ড্যাশ-৮ কিউ৪০০ উড়োজাহাজটি অবতরণের সময় দুর্ঘটনার কবলে পড়ে। এতে চার ক্রুসহ ৭১ আরোহীর মধ্যে ৫১ জন নিহত হন। বাংলাদেশের বেসামরিক বিমান চলাচলের ইতিহাসে এটি অন্যতম ভয়াবহ বিমান দুর্ঘটনা হিসেবে বিবেচিত। (রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৭.২০২৬ আসাদ)

# BBC

## US LAUNCHES FRESH STRIKES AS IRAN CLOSES STRAIT OF HORMUZ

The US launched a fresh wave of strikes in response to Iranian forces hitting a ship passing through the Strait of Hormuz. In response to the American strikes, Iran's Islamic Revolutionary Guard Corps (IRGC) said the waterway was closed until further notice and launched attacks on US bases and allies in the region. The IRGC said it had hit a US base in Jordan, while the United Arab Emirates, Qatar, Kuwait and Bahrain all responded to missiles and drones from Iran. It comes after incidents earlier this week in which three commercial tankers were attacked, prompting an exchange of strikes between the US and Iran. Earlier on Sunday, state media said Iran had closed the Strait until further notice after firing a naval cruise missile at a vessel that was attempting to sail along an unapproved route.
(BBC News Web Page: 12/07/26, FARUK)

## CHINA EVACUATES NEARLY TWO MILLION PEOPLE AS POWERFUL TYPHOON MAKES LANDFALL

A powerful typhoon has made landfall in China, the second to hit the country in a week, with nearly two million people evacuated from areas in the path of the storm. Typhoon Bavi, which spans 1,000km at its widest point - roughly the width of France - first came ashore in the coastal city of Taizhou on Saturday evening before making a second landfall in Wenzhou around midnight. After pummelling a chain of remote Japanese islands, it brought heavy rainfall to Taiwan as it brushed past its northern trip. Earlier landslides triggered by the storm killed at least 17 people in the Philippines. On Sunday morning, the centre of the typhoon reached Hangzhou City in Zhejiang province, Chinese state media reported. Forecasters said the typhoon would move to eastern Anhui on Monday, and to the northern Yellow Sea from the Shandong Peninsula on Tuesday. Parts of southern China are still reeling from the devastation brought by Typhoon Maysak earlier this week. Maysak left at least 39 people

dead and killed large numbers of livestock, resulting in massive agriculture loss. It also spurred two rare tornadoes in the central Hubei province.
(BBC News Web Page: 12/07/26, FARUK)

**AT LEAST TWO KILLED IN TORONTO STREET FESTIVAL SHOOTING**

At least two people have been killed in gunfire at a street festival in Toronto. Police in the Canadian city initially received reports of an active shooter on St Clair Avenue at approximately 20:12 local time, where a salsa festival was being held. Six victims with gunshot wounds were found by police, who said two people had been pronounced dead at the scene. At a press conference hours after the shooting, police said there had been an exchange of gunfire at the festival between two individuals, and two firearms had been recovered from the scene. Police were yet to arrest anyone in connection with the shooting, and investigations were ongoing. (BBC News Web Page: 12/07/26, FARUK)

**US DEMOCRAT RO KHANNA SAYS HE WAS DETAINED BY ARMED ISRAELI SETTLERS**

US Congressman Ro Khanna says he was detained for 90 minutes by armed Israeli settlers during a visit to the occupied West Bank. Khanna, 49, had been in a van with his team when they were surrounded by settlers wielding M4 rifles on Wednesday, he told Reuters news agency. Writing on X, Khanna said that when the Israel Defense Forces (IDF) arrived, "they sided with the settlers and continued our detention". The BBC has reached out to the IDF for comment. The Israeli military said in a statement troops and police officers took action after getting a report settlers had blocked vehicles in the area. "Upon their arrival, the troops dispersed the Israeli civilians and allowed the vehicles to continue on their way," the IDF said. Khanna was visiting the ruins of Khirbet Zanuta, on a fact-finding visit to look at the impact of Israeli occupation of the area. (BBC News Web Page: 12/07/26, FARUK)

**MUSLIM JUDGE IN INDIA FACES DEATH THREATS AFTER CONVICTING 'COW VIGILANTES'**

An Indian judge has become the target of online abuse and death threats days after she sentenced 14 men to life imprisonment for lynching a man to death. On 12 June, the additional district and sessions judge of a court in Madhya Pradesh state, Tabassum Khan, found the men guilty of offences including murder, attempt to murder, rioting and wrongful restraint. The crime took place in 2022, when 50-year-old Nazir Ahmed was transporting cattle at night and was intercepted by a group of self-styled "gau rakshaks" (cow protectors), armed with sticks and rods. Hindus consider cows sacred and killing them is illegal in many states. The men dragged Ahmed and his two companions out of the vehicle and brutally assaulted them on suspicion of smuggling cows. Ahmed later succumbed to his injuries while his companions survived to tell the court what happened. In her judgement, Khan noted that the crime was a clear case of mob lynching. But the verdict has made her the target of religious hate. In the days following the judgement, numerous videos abusing and threatening Khan, a Muslim, surfaced online. The videos implied that Khan had acted against the men because they were Hindu. (BBC News Web Page: 12/07/26, FARUK)

**SOUTH AFRICA WORLD CUP MIDFIELDER ADAMS DIES AGED 25**

South Africa and Mamelodi Sundowns midfielder Jayden Adams has died at the age of 25, just weeks after featuring for his country at the World Cup. Adams featured in all three of South Africa's group games at the tournament, where they reached the knockout stages before losing to co-hosts Canada in the round of 32. "It is with profound shock and a heavy heart that I have learnt of the passing of Jayden Adams," South Africa's minister of sport, arts and culture Gayton McKenzie said, in a statement. Police in South Africa said they had opened an investigation after the body of a 25-year-old man was found at a house in Schotschekloof, a suburb in central Cape Town, on Saturday morning. The South African Football Players Union said it was "devastated by the untimely passing" of Adams who made his debut for his country in 2022. Jayden had only recently represented South Africa at the 2026 World Cup, carrying the hopes of the nation with pride, courage and distinction.
(BBC News Web Page: 12/07/26, FARUK)

**MORE THAN 40 KIDNAPPED CHILDREN AND TEACHERS FREED AFTER NIGERIAN ARMY OPERATION**

Nigeria's military says it has freed all 44 pupils and teachers who were abducted two months ago from schools in the southern state of Oyo, and arrested some of their captors. A local

teachers union has told the BBC of its "relief" - but families say the ordeal has been harrowing and they are still waiting to be reunited with their loved ones. The military said that several soldiers died in the rescue mission. The freed captives are currently receiving medical treatment at an undisclosed hospital and will return home at a later date, army spokesman Danjuma Jonah Danjuma said in a statement issued on Friday evening. A renewed wave of mass kidnappings has hit Nigeria in recent months, and insecurity remains a major issue ahead of next year's general election. The government says it is stepping up security around schools and vulnerable communities but critics say it is not enough.
(BBC News Web Page: 12/07/26, FARUK)

**SIXTEEN STARVE TO DEATH In UGANDA AS DROUGHT KILLS CROPS**

The Ugandan government says at least 16 people have died from hunger in recent weeks in the north-eastern region of Karamoja due to a prolonged drought. Farmers say they've lost crops because the area received little or no rain since April - the beginning of the planting season. Experts warn the region's recurring shortages are caused by climate change, poor rainfall, deforestation, overgrazing and crops pests. Together, they leave communities increasingly vulnerable to hunger. Prime Minister Robinah Nabbanja says thousands of families have been left without food as the dry spell has destroyed crops, and her office is to seek cabinet approval on Monday to buy more supplies for affected areas. The government says it has started distributing emergency food aid. Large areas of maize, sorghum and soybeans have withered, shattering hopes of a bumper harvest. Experts are calling for better forecasting, investment in irrigation and drought-resistant crops. (BBC News Web Page: 12/07/26, FARUK)

**UKRAINE'S ZELENSKY ANNOUNCES CABINET RESHUFFLE, REPLACES PM SVYRYDENKO**

Ukraine's President Volodymyr Zelensky has announced a government reshuffle, as well as proposing the replacement of Prime Minister Yulia Svyrydenko and the heads of some law enforcement agencies. "Ukraine is changing its political strategy. Each priority foreign policy direction will be overseen by a specific individual with substantial experience who is capable of delivering on the agreements reached at the leaders' level and fulfilling the expectations of the Ukrainian people," Zelensky said on Sunday in a lengthy post on social media. Zelensky also said there would be changes in the leadership of law enforcement agencies.
(BBC News Web Page: 12/07/26, FARUK)

# :: THE END ::